RABINDRA BHARATI UNIVERSITY
CENTRE FOR DISTANCE & ONLINE EDUCATION



Self-Learning Materials

for

M.A. (POLITICAL SCIENCE)

(Under CBCS)

Semester	C.E.C.	Units
3	3.2	1-8

Rabindra Bhavan, EE 9 & 10, Sector-II, Salt Lake City, Kolkata-700091, Phone: (033) 23584014/ 4016/ 4018
Website: www.rbudde.in, E-mail: director.cdoe@rbu.ac.in

COURSE CONTRIBUTORS

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Kunal Debnath	Assistant Professor	Department of Political Science, Rabindra Bharati University
Sreetapa Chakrabarty	Assistant Professor	Political Science, Centre for Distance and Online Education, Rabindra Bharati University
Eyasin Khan	Assistant Professor	Department of Political Science, Vidyasagar University
Pradipta Mukherjee	Assistant Professor	Department of Political Science, Hiralal Mazumdar Memorial College for Women, West Bengal State University
Shilpa Nandy	Assistant Professor	Department of Political Science, Khudiram Bose Central College, University of Calcutta
Supreeta Mehta	Assistant Professor	Department of Political Science, Khudiram Bose Central College, University of Calcutta
Tapas Barman	State-Aided College Teacher (SACT)	Department of Political Science, Khudiram Bose Central College, University of Calcutta

COURSE EDITOR

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Prof. Sumit Mukherjee	Professor	Department of Political Science, University of North Bengal
	Director	Centre for Studies on Bengali Diaspora, University of Kalyani

EDITORIAL ASSISTANCE

NAME	DESIGNATION	INSTITUTIONAL AFFILIATION
Sreetapa Chakrabarty	Assistant Professor in Political Science	Centre for Distance & Online Education, Rabindra Bharati University
Kaushik Paul	Assistant Professor in Political Science	Centre for Distance & Online Education, Rabindra Bharati University

January, 2024 © Rabindra Bharati University

All rights reserved. No part of this SLM may be reproduced in any form, by mimeograph or any other means, without permission in writing from the Rabindra Bharati University, Kolkata.

Printed and published on behalf of the Rabindra Bharati University, Kolkata by the Registrar, Rabindra BharatiUniversity.

Printed at East India Photo Composing Centre
209A, Bidhan Sarani, Kolkata-700 006.

CEC 3.2
Human Rights in India

Contents

Unit 1.	Human Rights: Conceptual Framework	5 – 16
Unit 2.	Human Rights: National and International Dimensions	17 – 27
Unit 3.	Human Rights and Constitutional Framework in India, a. Fundamental Rights b. Directive Principles of State Policy	28 – 39
Unit 4.	Human rights and Legal Framework in India - Protection of Human Rights Act, 1993	40 – 57
Unit 5.	Human Rights: Issues and Challenges - Caste, Tribe, Minorities and Women, LGBT, Terrorism	58 – 72
Unit 6.	Human Rights and the Indian State - Role of Police, Administration, Judiciary, and Affirmative Action for Weaker Sections	73 – 86
Unit 7.	Role of Civil Society in Human Rights	87 – 94
Unit 8.	NHRC and Other state Commissions	95 – 103

C.E.C : 3.2

Unit-1

মানব অধিকার: একটি ধারণাগত কাঠামো

বিষয়সূচি :

1.1 পাঠ উদ্দেশ্য

1.2 ভূমিকা

1.3 মানব অধিকার: সংজ্ঞা ও বৈশিষ্ট্য

1.4 মানব অধিকার: উদ্ভব ও বিস্তার

1.4.1 মানব অধিকারের প্রজন্মসমূহ

1.5 মানব অধিকার: বিবিধ দৃষ্টিকোণ

1.5.1 উদারনৈতিক দৃষ্টিকোণ

1.5.2 মার্ক্সবাদী দৃষ্টিকোণ

1.5.3 গান্ধীবাদী দৃষ্টিকোণ

1.6 ভারতে মানব অধিকার: সংক্ষিপ্ত পর্যালোচনা

1.7 মূল্যায়ন

1.8 মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

1.9 সাহায্যকারী গ্রন্থাবলী

1.1 পাঠ উদ্দেশ্য

আলোচ্য এককটি পাঠের মধ্য দিয়ে শিক্ষার্থীরা সাধারণভাবে মানব অধিকার এর সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা লাভ করবে। বিশেষ করে মানব অধিকারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য, বিবর্তন ও নানাবিধ দৃষ্টিকোণ নিয়ে যেমন এখানে আলোচনা করা হয়েছে ঠিক তেমনই ছাত্র-ছাত্রীরা ভারতীয় প্রেক্ষাপটে মানব অধিকার সম্পর্কে স্পষ্ট প্রাথমিক ধারণা লাভ করবে।

1.2 ভূমিকা

আজকের বিশ্বে মানব অধিকার একটি অতীব গুরুত্বপূর্ণ বিষয়। বিদ্যায়তনকেন্দ্রিক ও ব্যবহারিক দিক থেকে দুনিয়া জুড়ে মানুষের অধিকার নিয়ে বিভিন্ন ভাবে চর্চা ও প্রয়োগকে কেন্দ্র করে বিতর্ক উঠে এসেছে। বিশ্বের বিভিন্ন প্রান্তে মানব অধিকারের চরিত্র নিয়ে বিতর্ক আছে, যদিও ১৯৪৮ সালের সার্বজনীন মানব অধিকারের ঘোষণা পত্রে মানব অধিকারের বিশ্বজনীন চরিত্রের উপর জোর দেওয়া হয়। অন্যভাবে বলা যায়, মানব অধিকার হল বর্তমান বিশ্বের অন্যতম জলন্ত সমস্যা। বেশির

ভাগ তাত্ত্বিক মনে করেন অধিকার সর্বদা রাজনৈতিক চরিত্রের হয়ে থাকে। প্রসঙ্গ যকন 'মানব অধিকার' তখন তাও ভাবনার এই স্তরকে অতিক্রম করে না। বিভিন্ন তাত্ত্বিক, সংগঠক, লেখক ও মানব অধিকার কর্মী বিষয়টির অর্থ এবং প্রকৃতি নিয়ে নানা মত উপস্থাপন করেন। বিভিন্ন মতগুলি অনেক সময় একে অপরের পৃথক, কিন্তু কোনোটিকেই অস্বীকার করা যায় না। আসলে সমাজবিজ্ঞানের অপরাপর বিষয় পর্যালোচনার মত এখানেও বহুবিধ দৃষ্টিভঙ্গির উপস্থিতি এহেন সমস্যার সৃষ্টি করেছে। তবে যেভাবেই বিশ্লেষণ করা হোক না কেন, মানব অধিকার আজকের দুনিয়ায় একটি বহুল প্রচলিত বিষয়।

1.3 মানব অধিকার: সংজ্ঞা ও বৈশিষ্ট্য

আন্তর্জাতিক ও জাতীয় স্তরে 'মানব অধিকার' কি এবং এর অস্তিত্ব কিভাবে সামনে আসে তা নিয়ে জনমনে বহু রকমের প্রশ্ন দেখা যায়। এক কথায় 'মানব অধিকার' এর অর্থ নির্ধার করা দুঃসাধ্য। তবে বেশিরভাগ গবেষক ও বিশ্লেষক এবং ওয়াকিবহাল মহল মনে করেন 'মর্যাদার সাথে বেঁচে থাকাই মানব অধিকার'। আসলে 'মানব অধিকার' শব্দটি 'মানব' এবং 'অধিকার' এর দ্বারা তৈরি। 'মানব' এর অর্থ হল 'মনুষ্য' সম্পর্কিত অর্থাৎ 'মান' ও 'হুশ' যুক্ত প্রাণী। অন্যদিকে 'অধিকার' বলতে বলা হয়, 'সমাজ জীবনের সেই সমস্ত অবস্থা যেগুলি ছাড়া কোনও মানুষ সাধারণ ভাবে তার ব্যক্তিত্বের সর্বোচ্চ বিকাশ ঘটাতে পারে না। (Rights, in fact, are those conditions of social life without which no man can seek, in general, to be himself at his best"—Laski)

ব্যক্তি মানুষ এবং সামাজিক মানুষের স্বাধীন বিকাশ ও ব্যক্তিত্বের পরিপূর্ণ প্রকাশের জন্য কতকগুলি মৌলিক শর্তের প্রয়োজন। এই সব শর্তের বিদ্যমানতা হল মানব অধিকার। সমাজ জীবনের পরিবর্তনের হাত ধরে মানব অধিকার ধারণাটিও পরিবর্তিত হয়েছে। তবে গতি ও পরিবর্তন তথা রূপান্তর প্রক্রিয়ায় মানব অধিকারের মূল যে বিষয়টি এখনও পরিবর্তিত হয় নি—তা হল মানুষের মৌল চাহিদা পূরণে অত্যাবশ্যক ও অপরিহার্য চাহিদার উপস্থিতি। মৌল চাহিদা হল অন্ন, বস্ত্র ও বাসস্থানের প্রয়োজনীয়তা।

মানব অধিকার হল কোনও ব্যক্তির জন্মগতভাবে প্রাপ্ত ও অর্জিত অধিকার। এটি সকলের অধিকার। কোনও গোষ্ঠী বা দলের একক অধিকার নয়। আধুনিক জনকল্যানকামী রাষ্ট্রে মানব অধিকার জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের মর্যাদা রক্ষা ও উন্নয়ন তথা বিকাশের সঙ্গে যুক্ত। মানবাধিকারে অন্তর্ভুক্ত হয় এমন সমস্ত সুবিধার দাবি নিশ্চিত করার জন্য সমাজের নৈতিক ও আইনগত বাধ্যবাধকতা থাকে। এখানে মানুষের জন্মগতভাবে পাওয়া প্রয়োজন পূরণের সুযোগের নিশ্চয়তা থাকে। সমাজে সহ-অবস্থানের মধ্য দিয়ে মানুষের মর্যাদা ও স্বাধীনতা সংরক্ষিত হয়। মানব অধিকার হল মানব অস্তিত্ব ও পারস্পরিক সহ-অবস্থানের ভিত্তি। মানব অধিকার সর্বজনীন, অবিভাজ্য ও পরস্পর সম্পর্কিত এবং এটি মানুষের অধিকার। এই অধিকারকে রক্ষা করা, উত্তরন ঘটানো, উপলব্ধি করা এবং অব্যাহত রাখা উচিত। মানুষের জীবনের সঙ্গে মানব অধিকার অবিচ্ছেদ্য ভাবে সম্পর্কযুক্ত। মানবাধিকার মানুষের জন্য প্রযোজ্য অধিকার বলে মানুষের মধ্যেই এর কার্যকারিতা বিদ্যমান। মানুষই এই অধিকারকে সংরক্ষণ করে, লালন করে, অব্যাহত রাখে এবং প্রাণময় করে তোলে। এটি মানব অস্তিত্বের সঙ্গে জড়িত এবং মানুষের জন্য অপরিহার্য। সমগ্র পৃথিবীর সর্বস্থান ও সব কালের সকল মানুষের প্রাপ্য অধিকার হল মানব অধিকার। এই অধিকারগুলি কেউ কাউকে দেয় না, এর প্রাপ্তি কারুর করুণার উপর নির্ভর করে না। এটি মানুষের জন্মগত অধিকার।

মরিস ক্রান্সটন তাঁর What are Human Rights শীর্ষক লেখনীতে দেখিয়েছেন, অত্যন্ত সাধারণভাবে অধিকার দু ধরনের—আইনগত (Legal) অধিকার এবং নৈতিক (Moral) অধিকার। যারা দৃস্টবাদী (Positivist) দর্শনের অনুগামী তাঁরা

একমাত্র আইনগত অধিকারকেই প্রকৃত অধিকার বলেন, কেননা এই ধরনের অধিকার আদালতের সাহায্যে ভোগ করা যায়। অন্যদিকে তাদর মতে, নৈতিক অধিকারকে সামাজিক-নৈতিক কার্যক্রমের উপর নির্ভর করতে হয় তার বলবৎ যোগ্যতা যাচাই করার জন্য। প্রাকৃতিক বা মানবিক অধিকার হল নৈতিক অধিকার যাকে বলবৎ করার জন্য কোনো আইনি ব্যবস্থার উপর নির্ভর করতে হয় না। এই অধিকার এক বিশেষ ধরনের নৈতিক অধিকার যা কোনো বিশেষ গন্ডি, সমাজ, জাতি বা সম্প্রদায়ের মধ্যে সীমাবদ্ধ নয়। ফরাসি বিপ্লবের পূর্বেই ১৭৮৪ সালে জার্মান দার্শনিক ইমানুয়েল কান্ট তাঁর স্বাধীনতা সম্পর্কিত ধারণা ব্যাখ্যা করতে গিয়ে স্বাধীনতার নৈতিক ভিত্তির উপর জোর দেন। স্বাধীনতার অধিকার মূলত নৈতিক অধিকার, মানব অধিকারের ভিত্তি ও আবেদন সর্বজনীন (Universal)। কোনো কোনো ক্ষেত্রে বিশেষ বিশেষ মানব অধিকার দেশের সংবিধানে উল্লেখিত ও স্বীকৃত হয়, এবং সে ক্ষেত্রে মানব অধিকার সাংবিধানিক অধিকারের মর্যাদা পায়। তখন সাধারণ রাষ্ট্রিক ও আইনি পরিবর্তনের মাধ্যমে এই অধিকারগুলিকে ক্ষুন্ন করা যায় না। সংবিধানে স্বীকৃত মানবিক অধিকারগুলি তখন শাসন ব্যবস্থার কাজকর্মকে প্রভাবিত করে রাষ্ট্রের পরিধিকে সীমিত করে দেয়।

প্রাথমিক ভাবে মানব অধিকার বলতে বোঝায়, এক বিশেষ অবস্থার উপস্থিতি যেখানে ব্যক্তি তার অন্তর্নিহিত গুণাবলির পূর্ণ বিকাশ ঘটাতে সক্ষম হবে। অন্যভাবে বলা যায় যে, মানব অধিকার জাতি, ধর্ম, বর্ণ, নারী, পুরুষ, নির্বিশেষে সকল মানুষের উপর সমান ভাবে বর্তায় কেবল তারা মানব সমাজের অন্তর্ভুক্ত বলে। আবার মানব অধিকার উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত এবং তা অলঙ্ঘনীয় অর্থাৎ কোনো অবস্থাতেই মানব অধিকার লঙ্ঘন করা যাবে না। সুতরাং বলা যায় যে, 'মানব অধিকার' শব্দটি এমন একটি অধিকারকে নির্দেশ করে যা অলঙ্ঘনীয় মৌলিক অধিকার, যে অধিকার কোনো ব্যক্তি কেবল মানুষ হওয়ার কারণেই উত্তরাধিকার সূত্রে অর্জন করে। বস্তুত, মানব শ্রেণির অন্তর্গত প্রতিটি সদস্যের মধ্যেই রয়েছে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত মর্যাদাবোধ, ক্ষমতার অধিকার এবং অলঙ্ঘনীয় কিছু অধিকার, যে অধিকারগুলি সমাজে সমাজে, স্বাধীনতা, ন্যায়পরায়ণতা এবং শান্তি প্রতিষ্ঠার ভিত্তি স্বরূপ।

অন্যান্য অধিকারগুলি থেকে মানবাধিকারের কিছু পার্থক্য আছে। মানবাধিকারের প্রবক্তাদের বক্তব্য হল, মানুষ হিসেবে মানুষের কিছু অধিকার আছে। বিশেষ কোনো রাষ্ট্রের নাগরিকতার শর্তাধীন হওয়ার জন্য অধিকার নয়, শুধু মানুষের নৈতিক ব্যক্তিত্বের প্রতি সম্মানের জন্য ও তার নৈতিক বিকাশের জন্যই প্রয়োজন কোনো কোনো অধিকার যাদের নাম মানব অধিকার। মানুষের নিজেদের মধ্যে নূন্যতম সাম্য বজায় রাখার জন্য এই ধরণের অধিকারের প্রয়োজন। নিজস্ব ব্যক্তিগত বা নৈতিক যোগ্যতা যাই হোক না কেন, প্রতিটি মানুষের প্রয়োজন অন্যের মতো সমান স্বাধীনতার অধিকার, যার সাহায্যে সমাজের বা রাষ্ট্রের হাতে তার ক্রীড়নক হিসেবে ব্যবহৃত না হওয়ার স্বাধীনতা থাকবে। এক কথায় মনুষ্যত্বের বিচারে সকল মানুষই অন্য সকলের সমান। সেই জন্য জঘন্য অপরাধে অপরাধীরও কারারক্ষীদের হাতে অত্যাচারিত না হওয়ার অধিকার থাকে।

সাম্প্রতিক কালে মানবাধিকারের মধ্যে কিছু কিছু আর্থ-সামাজিক অধিকার অন্তর্ভুক্ত হয়েছে এংাব সেই অন্তর্ভুক্তি কিছু বিতর্ক তুলে এনেছে। তবে বেশ কয়েকটি অধিকারের ক্ষেত্রে মতৈক্য দেখা যায়, যেমন জীবনধারণের অধিকার, স্বাধীনতার অধিকার, প্রয়োজনীয় সম্পত্তির অধিকার, মত প্রকাশের অধিকার এবং সুবিচার পাওয়ার অধিকার। আন্তর্জাতিক সনদের ভাষ্য অনুযায়ী মানব অধিকার বলতে সংবিধানগত ভাবে সকলের আত্মমর্যাদা নিয়ে জীবন ধারনের অধিকার, স্বাধীন ভাবে বাঁচার অধিকার এবং সকলের সমানাধিকার বোঝায় (Human Rights means the rights relating to life, liberty, equality and dignity of the individual granted by the constitution or embodied in the International Covenants)।

মানব অধিকারের বৈশিষ্ট্য হিসেবে বলা যায়ঃ

প্রথমতঃ মানব অধিকার হল ব্যক্তির জন্মগত অধিকার। মানব সমাজের অঙ্গ স্বরূপ ব্যক্তি জন্মানোর সঙ্গেই তা লাভ করে। প্রকৃতিগত দিক থেকে মানব অধিকার প্রাকৃতিক বিধানের সঙ্গে যুক্ত।

দ্বিতীয়তঃ আধুনিক সময়ে মানব অধিকারের চরিত্র বিশ্বজনীন। ব্যক্তির জন্মহেতু ভৌগোলিক অবস্থান এর বিভাজন কিংবা জাতি রাষ্ট্রগুলির সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, মতাদর্শগত কিংবা ঐতিহাসিক অবস্থান মানব অধিকারকে প্রভাবিত করতে পারে না। দেশ-কাল ভেদের উর্দ্ধে উঠে তা সামগ্রিক।

তৃতীয়তঃ মানব অধিকার হল সমগ্র বিশ্বব্যাপী মেনে চলা মূল্যবোধ। আন্তর্জাতিক ঘোষণাগুলির মধ্য দিয়ে এর গ্রহণযোগ্যতাকে বাড়িয়ে তোলা হয়।

চতুর্থতঃ মানব অধিকারের ধারণা সময়ের ব্যবধানে প্রয়োজন অনুযায়ী নতুনত্ব লাভ করে। বিশেষ করে, এক ব্যক্তি যে সমাজে বাস করে সেখানে মর্যাদার সঙ্গে জীবন-যাপন করতে পারাই হল মানব অধিকার। তা রক্ষার জন্য মানুষের নানাবিধ পরিচয় যেমন গুরুত্ব পায় ঠিক তেমনই এই পরিচয়গুলিকে কেন্দ্র করে আন্তর্জাতিক ক্ষেত্রে শিশুর অধিকার, নারীদের অধিকার, বরিষ্ঠদের অধিকার, পীড়নের বিরুদ্ধে অধিকার, পরিবেশ রক্ষাসহ নানা অধিকারের জন্য বিভিন্ন সময়ে ঘোষণা পত্র জারির মধ্য দিয়ে মানব অধিকারের সামগ্রিক দিক সমূহকে রক্ষা করা হয়।

পঞ্চমতঃ তবে, এটা মনে রাখা দরকার যে মানব অধিকার যেহেতু মানব প্রজাতিভুক্ত হওয়ার কারণে লাভ করা যায় তাই তা অলঙ্ঘনীয় ও চরম এবং অবিভাজ্য।

ষষ্ঠতঃ মানব অধিকার হল নৈতিক ও আইনি ধারণার সংমিশ্রণ যা ব্যক্তিকে সমাজে বেঁচে থাকার তথ্য টিকে থাকার জন্য নূন্যতম সুযোগ-সুবিধা দানের কথা বলে।

আসলে মানব অধিকারের ধারণা সাম্প্রতিক কালে জ্ঞানতাত্ত্বিক তথা বৌদ্ধিক আলোচনার গুরুত্বপূর্ণ বিষয় বস্তু হলেও প্রায়োগিক আচরণবিধি হিসেবে অনেক পুরোনো। মানব অধিকারের স্বীকৃত ধারণার বিশ্লেষণ করলে আরো সুস্পষ্ট হয় যে জন্মসূত্রে সমস্ত মানুষের মর্যাদা ও অধিকার সমান যা চরিত্রগত ভাবে নৈতিক এবং যা কেউ কেড়ে নিতে পারে না। ফলে ব্যক্তি মর্যাদার সঙ্গে বাঁচতে পারে। আর, এক কথায় মর্যাদার সঙ্গে বেঁচে থাকাই হল মানব অধিকার।

1.4 মানব অধিকারঃ উদ্ভব ও বিস্তার

জ্ঞানতাত্ত্বিক বিকাশের সূত্র ধরে মানব অধিকারের বিভিন্ন দিক তুলে ধরা যায়। মানব অধিকার ঐতিহাসিক প্রেক্ষিতে মানব জাতির সামগ্রিক ইতিহাসের সঙ্গে জড়িয়ে আছে। মানুষের মর্যাদার প্রতীক হল মানব অধিকার। মানুষকে মানুষ হিসাবে গণ্য করা এবং তাকে পর্যাপ্ত সুযোগ-সুবিধা দেওয়ার মধ্যেই নিহিত আছে 'মানব অধিকার'-এর প্রাণ ভোমরা। সুদূর অতীত থেকে বিবর্তনের পথে বিভিন্ন যুগে পাশ্চাত্য ও প্রাচ্য উভয় অংশেই মানব অধিকার এর উপস্থিতি বিবিধ অর্থে দেখা যায়।

এই বিষয়ের ওয়াকিবহাল মহল, ১৭৯২-১৭৫০ খ্রিষ্ট-পূর্বাব্দে ব্যাবিলনীয় অধিপতি হামুরাবীয় সাধারণ সংহিতায় মানুষের জন্য ন্যায় শাসন, পরিহার গঠন এবং বিবাহের অধিকার দানের কথা বলেন যেখান থেকে মানব অধিকার রক্ষার প্রক্রিয়া প্রায় শুরু হয়েছে। প্রাচীন যুগের ভারতীয় সভ্যতায় মহাভারত, মনুসংহিতা ও শুক্রনীতিসারের বেশ কিছু অংশে মানব জাতি তথা মানুষকে রক্ষার কথা বলা হয়েছে। বিশেষত যারা দুর্বল তাদের অধিকারকে এখানে বেশি বেশি করে তুলে ধরা হয়েছে। বৃদ্ধ, শিশু ও নারী প্রমুখ নিরস্ত্র মানুষকে হত্যা করা উচিত নয় বলে বলা হয়েছে—যেগুলি মানব অধিকারের

আধুনিক রূপের মধ্যেও আমরা দেখতে পাই। আদর্শগত দিক থেক্সছকে মানব অধিকারের বীজ নিহিত ছিল হেলেনীয় স্টোয়িক তাত্ত্বিকদের প্রাকৃতিক আইন ধারনার মধ্যে। স্টোয়িক দার্শনিকগণ বিশ্বাস করতেন যে এক মহান সর্বজনীন শক্তি আছে যা মানুষের আচরণকে প্রভাবিত করে এবং এই কারণেই মানুষের আচরণকে প্রাকৃতিক আইনের বিধান দ্বারা বিচার করা উচিৎ। নির্বিকারবাদীদের মতে প্রকৃতির মধ্যে একটা সুন্দর শৃঙ্খলা দেখতে পাওয়া যায়। প্রতিনিয়ত প্রকৃতির রাজ্যে যে সমস্ত অসংখ্য ঘটনাবলী ঘটে যাচ্ছে সেগুলির কোনটাকে বিচ্ছিন্ন বা বিক্ষিপ্ত বা যুক্তিহীন বলে আখ্যা দেওয়া যায় না। বরং প্রকৃতির রাজ্যের ঘটনাবলী সর্বজনীন আইন দ্বারা পরিচালিত এবং মনুষ্য রাজ্যেও প্রয়োগ করা যায়। মানুষ যুক্তিবাদী ফলে তাকে যদি সর্বজনীন আইনের মধ্যে আনা যায় তাহলে মানুষের মধ্যেকার ভেদাভেদ মুছে সমতা প্রতিষ্ঠা করা যাবে যা মর্যাদার দিকে এগোনোর একটি ধাপ। এর মধ্য দিয়েই মানব অধিকার তার প্রাথমিক রূপ লাভ করে।

প্রাচীন রোমের আইন সংহিতায় বিশ্বজনীন অধিকারের স্বীকৃতির মধ্য দিয়ে জাতির আইন তথা jus gentium এ মানব অধিকারের স্বীকৃতি পাওয়া যায়। তাছাড়া jus natural মূলত মানুষের মর্যাদাকে গুরুত্ব দেওয়ার মধ্য দিয়েই সামনে এসেছে। মধ্যযুগে মানব অধিকারের বিকাশের পথে কিছু বৈপ্লবিক পরিবর্তন আসে। বিশেষত মধ্যযুগের দ্বিতীয় পর্বে তথ ত্রয়োদশ শতাব্দী থেকে শুরু করে সপ্তদশ শতক পর্যন্ত বেশ কিছু ঘটনা এক্ষেত্রে উল্লেখযোগ্য। সেন্ট টমাস অ্যাকুইনাস (১২২৫-১২৭৪) ও হুগো গ্রোটিয়াস (১৫৮৩-১৬৪৫) দর্শনে এবং ইংল্যান্ডে ১২১৫ সালের অধিকারর সনদ (Magna Carta), ১৬২৮ সালের অধিকারের আবেদনপত্র (Petition of Rights) এবং ব্রিটিশদের হাত ধরে মানব অধিকারের চেতনা উন্নততর স্থানে পৌঁছায়। আসলে, ইউরোপের নবজাগরণ সর্বপ্রকার ধর্মীয় অতীন্দ্রিয়তার তত্ত্বকে নস্যাৎ করে দিয়ে মানুষের মর্যাদার উপর গুরুত্ব আরোপ করেছিল। তাছাড়া আলোকায়নের পথে হবস, লক, রুশো, ডেকার্তে, স্পিনোজা, বেকন প্রমুখের লেখনিতেও বারে বারে এসেছে মানব অধিকারের প্রতি সহানুভূতিশীল বক্তব্য। আলোকায়নের সম্মোহনী ধারায় সমালোচক, পর্যালোচক ও পক্ষের দার্শনিকগণ বিভিন্নভাবে মানব অধিকার সম্পর্কে বক্তব্য রেখেছেন।

ভারতীয় প্রেক্ষিতে প্রাচীন যুগে যেমন ব্যক্তি মর্যাদা রক্ষার চেষ্টা পরিলক্ষিত হয় ঠিক তেমনই মধ্যযুগে মানব অধিকার রক্ষা ও ন্যায়ের প্রবণতা ঐশ্বরিক চিন্তা-চেতনায় আবৃতি হয়ে উঠে আসে। তাছাড়া, 'দীন-ই-ইলাহির' মধ্যেও মানব অধিকার রক্ষার ব্যবস্থা ছিল। আধুনিক যুগের সমাজ সংস্কারক, কবি, সাহিত্যিক ও দার্শনিকদের লেখনিতে মানব অধিকার রক্ষার আকুতি ধরা পড়ে। জাতি, ধর্ম, বর্ণ, গোষ্ঠী ও শ্রেণি নির্বিশেষে সকল শ্রেণির লোকের জন্য অধিকার প্রদানের কথা তিনি ভাবতেন। একটি সমগ্র জাতি অধিকার ও স্বাধীনতা ভোগ করুক এটাই ছিল তাঁর বাসনা। তাঁর কাজকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ভূমিকা পন্ডিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর ভেবেছিলেন বলে অনেকে মনে করেন। সমাজ সংস্কারের মাধ্যমে নারীদের মর্যাদা প্রতিষ্ঠার পাশাপাশি শিক্ষা সংস্কারেও তিনি মনোনিবেশ করেন। ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ, বাস্তববাদ ও যুক্তিবাদের সংমিশ্রণে মানবতার এক যথার্থ অর্থে সাধক বিদ্যাসাগর মানব অধিকার রক্ষারও দিশারি বলা যায়। বিশ্ব কবি রবীন্দ্রনাথ, গান্ধীজী সহ ভারতীয় তাত্ত্বিকগণ নিজ নিজ দৃষ্টিকোণ থেকে মানব অধিকার সম্পর্কে তাঁদের ধারণা দিয়েছেন এবং অধিকার চিন্তা এগিয়ে নিয়ে যেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

১৬৮৮ সালের গৌরবময় বিপ্লব, ১৭৭৬ সালের আমেরিকার স্বাধীনতা যুদ্ধ, ১৭৮৯ সালের ফরাসি বিপ্লবের মধ্য দিয়ে মানব অধিকারের মূল কথাগুলি প্রচারিত হয়। সতের থেকে উনিশ শতকের কাহিনী হল মানব অধিকার বিকাশের পথে আধুনিক যুগের প্রারম্ভিক পর্বের ইতিহাস যা মূলত শাসক শ্রেণী নিয়ন্ত্রিত। ফরাসী বিপ্লবের পরে সে দেশের সংবিধান সভা (১৭৮৯-১৭৯১) গড়ে ওঠার প্রাক্কালে একটি দলিল জারি করা হয়েছিল যা মানব অধিকার ও নাগরিক অধিকারের ঘোষণাপত্র বা Declaration of the Rights of Man and Citizen নামে পরিচিত। এই দলিলে বলা হয়েছিল—

ক) সকল মানুষ জন্মগত ভাবে স্বাধীন এবং চিরকাল স্বাধীন থাকবে।

খ) সকল মানুষের সমান অধিকার এবং

গ) সংবিধান সভা বিশ্বের সমস্ত নির্যাতিত মানুষের প্রতি তার ভ্রাতৃত্বের জানান দিচ্ছে।

এখান থেকেই স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্বের মহান মানবিক আদর্শ সামনে আসে। তাছাড়া মার্কিন স্বাধীনতা যুদ্ধেও মানবিক মর্যাদাকে অধিকতর গুরুত্ব দেওয়া হয়েছিল।

বিশ শতকের প্রথমার্ধেও পাশ্চাত্য পুঁজিবাদী দেশগুলি নাগরিকদের আর্থ-সামাজিক অধিকারগুলিকে সেভাবে গুরুত্ব দেয়নি। এমনকি কাজের অধিকার, নারী ও পুরুষের সমান মজুরির অধিকার, সামাজিক নিরাপত্তার অধিকার, শিক্ষা ও স্বাস্থের অধিকার ইত্যাদি উন্নত পাশ্চাত্য দেশগুলির শাসনতন্ত্রে স্থান পায়নি। তবে উপর্যুপরি আন্দোলন ও বিকল্প মতাদর্শরূপে সমাজতন্ত্রের উত্থান ব্যক্তি মানুষকে তার মানব অধিকার পেতে সাহায্য করেছে। এই পথেই ১৯৪৫ সালে সৃষ্ট রাষ্ট্রসংঘ পূর্বতন জাতিপুঞ্জের ব্যর্থতা ঝেড়ে ফেলে মানব অধিকার রক্ষায় সদর্থক ভূমিকা পালন করে। যার প্রকাশ ঘটে ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর সাধারণ সভা কর্তৃক প্যারিসে মানব অধিকার সংক্রান্ত সনদ প্রকাশের মধ্য দিয়ে। ৩০টি ধারা ও ১টি প্রস্তাবনাযুক্ত এই সনদকে মানব অধিকারের সর্বজনীন ঘোষণা বা Universal Declaration of Human Rights বলা হয়। ১৯৫০ সালে সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে ১০ই ডিসেম্বর দিনটিকে ''আন্তর্জাতিক মানব অধিকার" দিবস রূপে ঘোষণা করা হয়। মানব অধিকারের সর্বজনীন ঘোষণার দলিলটিকে তাৎপর্যপূর্ণ ভাবে গ্রহণীয় করে তুলতে পৌর, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারকে একত্রিত করে উদারনৈতিক ও সমাজতান্ত্রিক ধারার বেশ কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। বিকাশের পথে ১৯৪৮'র এই ঘোষণা মানব মর্যাদাকে অনেকাংশে সাবালক করে তুলে যদিও এর বিষয়বস্তু নিয়ে তদানীন্তন বিশ্বের দুই বৃহৎ শক্তি আমেরিকা ও সোভিয়েত ইউনিয়নের পরস্পর বিরোধীতার ফলে নতুন চুক্তিপত্র গ্রহণের প্রচেষ্টা ১৯৫৩ সাল থেকে নেওয়া হয়। ১৯৬৬ সালের ১৬ই ডিসেম্বর রাষ্ট্রসংঘের সাধারণ সভায় দুটি আন্তর্জাতিক চুক্তিপত্র গৃহিত হয়েছিল। যার একটি ছিল অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সংক্রান্ত চুক্তিপত্র (International Covenant on Economic, Social and Cultural Rights—ICESCR) এবং অপরটি ছিল পৌর ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত চুক্তিপত্র (International Covenant on Civil and Political Rights—ICCPR)। প্রথম চুক্তিপত্রটি কার্যকর হয় ১৯৭৬ সালের ৩রা জানুয়ারি এবং দ্বিতীয়টি একই বছর ২৩ মার্চ।

চুক্তিপত্র ছাড়াও মানব অধিকার রক্ষার জন্য রাষ্ট্রসংঘের মানব অধিকার সংক্রান্ত কমিশন লাগাতার কর্মসূচী গ্রহণের মধ্য দিয়ে বিভিন্ন ক্ষেত্রের মানবিক অধিকারগুলি রক্ষার জন্য সচেষ্ট হয়েছে। এগুলির মধ্যে উল্লেখযোগ্য বিভিন্ন কনভেনশনগুলি হল—গণহত্যার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কনভেনশন (১৯৫১), গণিকাবৃত্তি অবসান সংক্রান্ত কনভেনশন (১৯৫১), বাধ্যতামূলক শ্রমের অবসান সংক্রান্ত কমিশন (১৯৫৯), বর্ণবৈষম্য ব্যবস্থার বিরুদ্ধে কনভেনশন (১৯৭৬), পরিবেশ রক্ষার্থে স্টকহম সম্মেলন (১৯৭২), নারী জাতির প্রতি বৈষম্যের বিরুদ্ধে কনভেনশন (১৯৮১), দৈহিক অত্যাচার ও নিষ্ঠুর শাস্তির বিরুদ্ধে কনভেনশন (১৯৮৪) ও আত্ম-নিয়ন্ত্রণের অধিকার লঙ্ঘনের বিরুদ্ধে কনভেনশন (১৯৮৬) ছাড়াও ৯০'র দশকে এবং নতুন সহস্রাব্দে সন্ত্রাসবাদ বিরোধী নানা উদ্যোগ গ্রহণের পাশাপাশি পরিবেশ রক্ষার জন্য বেশ কিছু উদ্যোগ দেখা যায় যা মানব অধিকারকে পুষ্ট করে। তাছাড়া, Amensty International ও Human Rights Watch সহ বিভিন্ন মানব অধিকার নিয়ে কর্মরত বেসরকারী সংগঠনও মানব অধিকার রক্ষা করে চলেছে। সাম্প্রতিক কালে মিলেনিয়াম উদ্দেশ্য সমূহের ঘোষণা এবং দীর্ঘমেয়াদী উন্নয়নের লক্ষ্যে ঘোষণা মানব অধিকার রক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। মানব অধিকার ভিত্তিক দৃষ্টিকোণও (Human Rights Based Approach) মানব অধিকারের বিবর্তনে তাৎপর্যপূর্ণ স্থানের অধিকারী।

1.4.1 মানব অধিকারের প্রজন্মসমূহ

তাত্ত্বিক দিক থেকে বিকাশের এই পথকে রাষ্ট্রতত্ত্বের পর্যালোচকগণ তিনটি প্রজন্মে ভাগ করেছেন আবার কোনও কোনও গবেষক চারটি প্রজন্মে ভাগ করেছেন। প্রাথমিক পর্বে 'প্রাকৃতিক আইন' (Natural Law) এবং 'প্রাকৃতিক অধিকার' (Natural Rights) কে কেন্দ্র করে গড়ে ওঠা মানব অধিকার মূলত ব্যক্তি মানুষের 'পৌর ও রাজনৈতিক' অধিকারগুলিকে গুরুত্ব দিত। নেতিবাচক চরিত্রের এই অধিকারগুলো মূলত রাষ্ট্রের অবাঞ্ছিত হস্তক্ষেপ থেকে ব্যক্তির জীবন, সম্পত্তি ও স্বাধীনতা রক্ষার কথা বলত। উনিশ শতকের মাঝামাঝি সময় থেকে আবার 'ইতিবাচক' অধিকারের হাত ধরে 'দ্বিতীয় প্রজন্মের' মানব অধিকারের ধারণা বিকশিত হতে শুরু করে। এখানে মূলত 'অর্থনৈতিক ও সামাজিক' অধিকারকে গুরুত্ব দেওয়া হয় এবং এই দুই প্রজন্মের বিকাশের পথে বিভিন্ন মতাবলম্বী ব্যক্তিদের মধ্যে বিতর্ক শুরু হয় মানব অধিকারের বিষয়বস্তু ও চরিত্র নিয়ে। ফলে বিবর্তন পথে সত্ত্বা রাজনীতিকে গুরুত্ব দেওয়ার বাইরে সম্প্রদায়কে এবং সাম্প্রদায়িক অধিকারকে গুরুত্ব দেওয়া হয়। যাকে মানব অধিকারের তৃতীয় প্রজন্মে প্রবেশ বলা যেতে পারে। এখানে তালিকায় নতুন নতুন বিষয়ের অন্তর্ভুক্তি এর চরিত্রকে পাল্টে দিয়েছে ফলে মানব অধিকার আলোচনায় সাবেকি উদারবাদী কিংবা উনবিংশ শতকের সমাজবাদী ধারাকে চ্যালেঞ্জ জানিয়ে সম্প্রদায়বাদী ধারা নতুন নতুন বিষয় সামনে নিয়ে এসেছে। এছাড়াও অতি সম্প্রতি না—মানুষের অধিকারকে গুরুত্ব দেওয়া হচ্ছে বিশেষ করে বাস্তুতন্ত্র রক্ষার কথা এবং সামাজিক ইঞ্জিনিয়ারিং মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নকে সামনে আনা হয়েছে যা মানব অধিকারের চতুর্থ প্রজন্ম বলে বেশ কিছু তাত্ত্বিক বলেছেন।

বিবর্তনের পথে মানব অধিকার গতিশীল এবং আরও নতুন তত্ত্ব ও উদ্যোগ তৈরী হবে—এ আশা করা যায়। আসলে মানব অধিকার আজকের বিশ্বের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ এবং বৃহৎ বিষয় কারণ সার্বিকভাবে ব্যক্তি মানুষ তথা মানবকে বাদ দিয়ে কিছুই আলোচনা করা সম্ভব নয় ফলে যা কিছু মানুষকেন্দ্রিক তাই মানব অধিকারের—এ কথা নিঃসন্দেহে বলা যায়।

1.5 মানব অধিকার: বিবিধ দৃষ্টিকোণ

মানব অধিকার মূলত মানুষের মর্যাদা ও ভালো থাকার কথা বলে। কিন্তু দেশ, কাল ও সমাজ ভেদে মানব অধিকারের চরিত্রের মধ্যে একটা ব্যবধান লক্ষিত হয় যা সংশ্লিষ্ট সমাজের সামাজিকীকরণ প্রক্রিয়াকে কেন্দ্র করে গড়ে ওঠে। যদিও মানব অধিকার চরিত্রের দিক থেকে সর্বজনীন। তাই এই আলোচনায় বিশ্বজনীনতা (Universality) বনাম স্থানিকতার (Particular) বিতর্ক আছে। এ ক্ষেত্রে মূলত তাত্ত্বিক চর্চার ঘরানায় বেশ কিছু দৃষ্টিকোণ গুরুত্বপূর্ণ। আমরা সংক্ষেপে এখানে তার কয়েকটি আলোচনা করব।

1.5.1 উদারনৈতিক দৃষ্টিকোণ

মানব অধিকারের আলোচনার প্রাণ বিষয় উদারনৈতিক দর্শনের ব্যক্তিস্বতন্ত্রতাবাদী চেতনা নিহিত। যুক্তির মুক্তি সহ ব্যক্তির স্বাধীনতা, ব্যক্তিগণের মধ্যে সমতা ও সৌভ্রাতৃত্ব রক্ষার কথা বলে। জন লক, বেন্থাম, বার্কার, ল্যাস্কি, রাজা রামমোহন রায় প্রমুখ এই ধারার চিন্তক। মূলত পৌর ও রাজনৈতিক অধিকারকে এরা তুলে ধরতে চান। যার অন্যতম হল—

- জীবনের অধিকার
- স্বাধীনতার অধিকার
- নিরাপত্তার অধিকার

- যোগাযোগের অধিকার
- সম্পত্তির অধিকার
- চিন্তা ও মত প্রকাশের অধিকার
- বিবেকের স্বাধীনতা
- দাসত্ব ও শোষণের বিরুদ্ধে অধিকার
- নিষ্ঠুর ও অমানবিক আচরণ অথবা মর্যাদা হানিকর ব্যবহার ও শাস্তির বিরুদ্ধে অধিকার
- স্বাধীনভাবে ধর্মাচরণ ও ধর্মপ্রচারের অধিকার
- ব্যক্তিগত গোপনীয়তার অধিকার
- স্বাধীনভাবে যাতায়াতের অধিকার
- বিধি বহির্ভূতভাবে কাউকে গ্রেপ্তারি, নজরবন্দি বা নির্বাসন থেকে সুরক্ষা
- ভোট দানের অধিকার
- নির্বাচিত হওয়ার অধিকার
- সরকারি চাকরি পাওয়ার ক্ষেত্রে সকলের সমান অধিকার
- স্বাধীনভাবে রাজনৈতিক মতামত প্রকাশের অধিকার
- স্বাধীন ও নিরপেক্ষ আদালতে ন্যায়সঙ্গত বিচারের সুযোগ পাওয়ার অধিকার
- স্বাধীন ও শান্তিপূর্ণভাবে সমবেত হওয়া ও সংগঠন গড়ার অধিকার।

এই সকল অধিকার সহ ব্যক্তি মর্যাদা রক্ষার নানা দিক উদারনৈতিক দৃষ্টিকোণে লক্ষণীয়। ব্যক্তির জীবনের স্বাধীনতা, নিরাপত্তা ও ব্যক্তিগত সম্পত্তি ভোগ দখলের অধিকারের পক্ষে এরা ওকালতি করেন।

1.5.2 মার্ক্সবাদী দৃষ্টিকোণ

মার্ক্সবাদীরা মানব অধিকার আলোচনার ক্ষেত্রে ব্যক্তির স্থানে সামগ্রিক সমাজ কল্যানের কথা বলেছেন যেখানে ব্যক্তি তাঁর অধিকারগুলি ভোগ করতে পারবে। কার্ল মার্ক্স, এঙ্গেলস প্রমুখের চিন্তায় এই ধারা পুষ্ট হয়েছে। কার্ল মার্ক্স বৈজ্ঞানিক ভিত্তিতে কিন্তু ভিন্ন দৃষ্টি থেকে মানব অধিকার সম্পর্কে আলোকপাত করেছেন। তাঁর মতে, সপ্তদশ কিংবা অষ্টাদশ শতাব্দীর পুঁজিবাদী বিপ্লবীগণ অধিকারের যে অহস্তান্তরযোগ্য ও অনির্দেশ সংবলিত চরিত্র বর্ণনা করেছেন তা অনেকাংশে মিথ্যা। জার্মানিতে ইহুদি নির্যাতন ও নিধনের পটভূমিতে তাঁর মতও একজন সাধারণ ইহুদি নাগরিকের জীবন রক্ষার ক্ষেত্রে ফরাসি দেশে ঘোষিত মানব অধিকারের ঘোষণাপত্র কতটা কার্যকর—এ প্রশ্ন যে মার্ক্সকে কোনো ভাবে কম পীড়িত করেনি তা তাঁর On Jewish Question গ্রন্থে দেখা যায়। তাঁর ধারনায় মানব অধিকার একটি নিছক বুর্জোয়া ধারনা যা ধনতান্ত্রিক পুঁজিবাদী ব্যবস্থায় শাসক শ্রেণির আধিপত্যবাদী অবস্থান ও অধিকার রক্ষা ও শক্তিশালী করার উদ্দেশ্যে ব্যবহার করা হয়। আসলে মার্কসবাদী ধারনায় মানব অধিকার হল শাসক শ্রেণীর নির্ধারিত সমাজ ও জনসাধারণ থেকে বিচ্ছিন্ন আত্মকেন্দ্রিক ব্যক্তিবর্গের অধিকার। শোষণমূলক সমস্ত প্রকার আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান সমূহের অবলুপ্তির মাধ্যমে মানব অধিকার প্রতিষ্ঠা সম্ভব। অধিকার চরিত্রগতভাবে সামাজিক এবং রাজনৈতিক ও সমাজের ঐতিহাসিক বিকাশের ফলশ্রুতি। মার্ক্স মনে করতেন স্বাধীনতা, সাম্য, সম্পত্তি ইত্যাদির অধিকার সমাজের কিছু মুষ্টিমেয়

ব্যক্তির জন্য, সকলের জন্য নয়। এই অর্থে অধিকার সমূহের কোনো চিরন্তন সত্তা নেই, এগুলোর চরিত্র প্রত্যক্ষবাদী এবং সম্পূর্ণভাবে রাষ্ট্র দ্বারা নির্ধারিত ও নিয়ন্ত্রিত। মার্ক্সবাদীরা মূলত অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারকে গুরুত্ব দেন যার অন্যতম হল—

- কাজের অধিকার
- স্বেচ্ছায় কর্মক্ষেত্র নির্বাচন করার অধিকার
- কাজের ন্যায্য ও সুষ্ঠু পরিবেশের অধিকার
- সমান কাজের জন্য এবং উপযুক্ত পারিশ্রমিকের অধিকার
- স্বাধীনভাবে কোনো শ্রমিক সংগঠন করা এবং স্বেচ্ছায় তাতে অংশগ্রহণ করার অধিকার।
- জীবন যাত্রার উপযুক্ত মানের অধিকার
- খাদ্য, বস্ত্র ও বাসস্থানের অধিকার
- শিক্ষালাভের অধিকার
- স্বাস্থ্যলাভের অধিকার
- বিবাহের অধিকার ও পরিবার গঠনের অধিকার
- সামাজিক সুরক্ষার অধিকার
- সম্প্রদায়ের সাংস্কৃতিক জীবনে অংশগ্রহণের অধিকার
- শিল্পকলায় অংশগ্রহণের অধিকার
- বিজ্ঞানের অগ্রগতির সুযোগ-সুবিধা লাভের অধিকার
- সংখ্যালঘুদের সাংস্কৃতিক পরিচিতি সংরক্ষণের অধিকার ইত্যাদি।

আসলে মার্ক্সীয় দর্শন বীক্ষণে সামগ্রিক ভাবে সকলের উন্নয়ন ও বিকাশ তথা অধিকার সংরক্ষণের কথা বলা হয়।

1.5.3 গান্ধীবাদী দৃষ্টিকোণ

গান্ধীবাদী দৃষ্টিকোণ পাশ্চাত্য প্যারাডাইমের বাইরে গিয়ে প্রাচ্যের চোখে মানব অধিকার বিশ্লেষণে প্রয়াসী। মূলত কর্তব্যকে সামনে রেখে ও সেবার মধ্য দিয়েই মানব অধিকার লাভ সম্ভব বলে তিনি মনে করতেন। একবার *হরিজন* পত্রিকায় তিনি লিখেছিলেন ''যুবা বয়সে আপন অধিকার প্রতিষ্ঠার প্রচেষ্টার মধ্যে আমার জীবন শুরু হয়েছিল। তবে অনতিবিলম্বে আমি উপলব্ধি করলুম যে আমার কোনো রকম অধিকারই নেই—কারুর ওপর এমনকি আমার স্ত্রীর ওপরেও নেই। এভাবে আমি উপলব্ধি করলুম—আমার স্ত্রী, আমার ছেলে মেয়ে, বন্ধু-বান্ধব, সঙ্গী-সাথী আর সমাজের আমার প্রতি কর্তব্য বা দায়িত্ব আছে, সেই দায়িত্ব পালন করতে গিয়েই আজ আমি এটা বুঝতে পারছি যে আমার অধিকারই অনেকের চেয়ে বেশি—আমার মনে হয় কোনো মানুষের চাইতে আমার অধিকার কম নয়। যদিও কেউ এটা লম্বা-চওড়া দাবি বলে গণ্য করে তবুও আমি বলব, আমার চাইতে বেশি অধিকার ভোগ করছে এমন মানুষ কেউ আছে, কি-না, তা জানি না''। [As youngman I began my life by seeking to assert my rights, and soon I discovered that I had none not even over my wife!So, I began discovering and performing my duty by my wife, my children, friends, companions and society and I find today that I have greater rights, perhaps than

any living man I know. If this is a tall claim, than I say, I do not know any man who possesses greater right than I."

আসলে গান্ধীজী কর্তব্যের আলোকে অধিকারকে বোঝার চেষ্টা করেছেন। ফলে গান্ধীজির মননে অধিকার বোধ মূলত আত্মোপলব্ধি এবং সত্যের পথে চালিত হওয়ার উপর ভিত্তিশীল। তিনি যে বিষয়গুলি ভেবেছেন, সূত্রাকারে সেগুলির অন্যতম হল—

- শান্তির অধিকার
- আত্ম-নির্ধারণের অধিকার
- প্রাকৃতিক সম্পদ ভাগ করে নেওয়ার ক্ষেত্রে সমান সুযোগ ও অংশগ্রহণের অধিকার
- স্থিতিশীল উন্নয়নের অধিকার
- গ্রামীণ বিকাশের অধিকার
- সার্বজনীন ও সামগ্রিক উন্নয়নের অধিকার ইত্যাদি।

উপরিউক্ত দৃষ্টিকোণগুলি ছাড়াও বর্তমানে মানব অধিকার সন্দর্ভে উত্তর-ঔপনিবেশিক, উত্তর-আধুনিক ও নারীবাদী দৃষ্টিভঙ্গি যথেষ্ট গুরুত্ব পেয়েছে।

1.6 ভারতে মানব অধিকার: সংক্ষিপ্ত পর্যালোচনা

মানুষ সমাজবদ্ধ জীব। সমাজের মাপকাঠিতেই মানুষ তার পরিপূর্ণ আত্মবিকাশ করতে পারে। মানুষ একজন মানুষ হিসেবে যে অধিকারগুলি দাবী করে সেগুলিই হল মানব অধিকার। অন্যভাবে বলা যায় যে, যা রাষ্ট্র কর্তৃক স্বীকৃত ও সংরক্ষণের অপেক্ষা রাখে না তাহাই হল মানব অধিকার। সংজ্ঞাগতভাবে মানব অধিকার বলতে জাতি, ধর্ম, বর্ণ, ধনী-নির্ধন, নারী-পুরুষ প্রভৃতি নির্বিশেষে মানুষের ব্যক্তিত্ব বিকাশের উপযোগী পৌর, রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক মানুষের স্বাধীন বিকাশ ও ব্যক্তিত্বের পরিপূর্ণ উদ্বোধনের জন্য কতকগুলি মৌলিক শর্তের প্রয়োজন। এই সব শর্তের বিদ্যমানতাই মানব অধিকার। মানব অধিকার অনড় নয়, গতিশীল। কেবল বাঁচার অধিকার, জীবনের অধিকার, রাজনৈতিক ও আইনগত অধিকার নিয়ে থেমে থাকলে চলবে না। অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক অধিকারকে বাদ দিয়ে মানব অধিকার পরিপূর্ণ হতে পারে না। 'উন্নয়নের অধিকার' ও বর্তমানে মানব অধিকার রূপে স্বীকৃতি পাচ্ছে। ভালোভাবে বাঁচার অধিকারই মানব অধিকার। ব্যক্তি জীবন ও সমাজ জীবনের বহুমুখী অবস্থানের সহাবস্থান কাম্য। তাহলেই মানুষের জীবন পূর্ণাঙ্গ হতে পারে। সুদূর অতীত থেকে আজ পর্যন্ত সব যুগেই সবরকম হস্তক্ষেপের বিরুদ্ধে মানব অধিকার হল মানুষের রক্ষাকবচ।

অধিকার রাষ্ট্রকর্তৃক স্বীকৃত এবং সংরক্ষিত কিন্তু মানব অধিকার রাষ্ট্র কর্তৃক স্বীকৃত ও সংরক্ষণের অপেক্ষা রাখে না। মানব অধিকার বলতে আমরা বুঝি সেই সব অধিকারকে যা ব্যতিরেকে একজন 'মানুষ' হিসেবে বাঁচতে পারে না। কিন্তু বাস্তবে এটা অস্বীকার করার উপায় নেই যে, মানুষের সব অধিকারগুলি সমান ভাবে রাষ্ট্রকর্তৃক বলবৎযোগ্য নয়। কোনো দেশের লিখিত সংবিধান হচ্ছে সেই দেশের মৌলিক আইন। এই লিখিত সংবিধানে যে সব মানব অধিকারকে সুরক্ষার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এবং এর লঙ্ঘনের ক্ষেত্রে আদালত কর্তৃক বলবৎযোগ্য হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে কেবলমাত্র সেই সব মানব অধিকারকে আমরা মৌলিক অধিকার বলে গণ্য করতে পারি। ভারতের সংবিধানের তৃতীয় অংশে অন্যান্য

অনেক দেশের সংবিধানের তুলনায় অধিকতর মানব অধিকারের উল্লেখ ও ব্যাখ্যা দেওয়া হয়েছে। ভারতের মৌলিক অধিকারগুলির মধ্যে মানব অধিকারের উপস্থিতি আমরা সাম্যের অধিকার, স্বাধীনতার অধিকার, শোষণের বিরুদ্ধে অধিকার, ধর্মীয় স্বাধীনতার অধিকার, সংখ্যালঘুদের সাংস্কৃতিক ও শিক্ষা বিষয়ক অধিকার এবং সাংবিধানিক অধিকারের বিভিন্ন ভাষ্যে লক্ষ্য করি। তাছাড়া, সংবিধানের বহু অংশে মানব অধিকারের রক্ষার বহুবিধ দিক উপস্থিত। রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতিতে, বিভিন্ন সময়ে কমিশন গঠন করে মানব অধিকার রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে।

ভারত রাষ্ট্র মানব অধিকার সুরক্ষিত ও সুনিশ্চিত করার ব্যাপারে নানা পদক্ষেপ নিয়েছে যার অন্যতম হল ১৯৯৩ সালে জাতীয় মানব অধিকার কমিশন গঠন এবং রাজ্যগুলিতে রাজ্য মানব অধিকার কমিশন গঠন এবং জেলাগুলিতে একটি করে মানব অধিকার কমিশন গঠনের কথা বলা হয়েছে। সাম্প্রতিক কালে বিকেন্দ্রীকরণ, খাদ্যের অধিকার, গার্হস্থ হিংসা প্রতিরোধ, তথ্য জানার অধিকার, শিক্ষার অধিকার সহ কাজের অধিকারের স্বীকৃতি দানের মধ্য দিয়ে রাষ্ট্র নানা পরিসরে মানব অধিকার রক্ষায় চেষ্টা চালিয়ে যাচ্ছে।

যদিও, বাস্তবে মানব অধিকার লঙ্ঘনের নানাবিধ চিত্র ফুটে ওঠে। আমরা দেখি জীবনের অধিকার অবমাননার নানা দিক, ন্যায় বিচার লাভের ক্ষেত্রে সংকট, নারী, শিশু, জেল বন্দীদের অধিকার সমস্যায়িত। এমনকি খাদ্য, বস্ত্র, বাসস্থানের সমস্যার সামগ্রিক সুরাহা এখনও হয়নি। ফলে মানব অধিকার লঙ্ঘনের কাহিনী সুদীর্ঘ। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন কাজ করে চলেছে। আবার পৌর সমাজ ও মানব অধিকার রক্ষায় বিভিন্ন সময় আন্দোলন করেছে যা আশার আলো ও মানব অধিকার রক্ষার যথার্থ দিশা দেখাবে।

1.7 মূল্যায়ন

আসলে মানব অধিকার আজকের বিশ্বের অতীব গুরুত্বপূর্ণ বিষয় কারণ সার্বিকভাবে ব্যক্তি মানুষ তথা মানবকে বাদ দিয়ে কিছুই আলোচনা করা সম্ভব নয় ফলে যা কিছু মানুষ কেন্দ্রিক তাই মানব অধিকারের বিষয়—এ কথা নিঃসন্দেহে বলা যায়।

1.8 মূল্যায়ন নিমিত্ত প্রশ্নাবলী

১। মানব অধিকারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখ।

২। মানব অধিকারের উদ্ভব ও বিবর্তন সম্পর্কে লেখ।

৩। মানব অধিকারের বিভিন্ন প্রজন্ম সম্পর্কে আলোচনা কর।

৪। মানব অধিকারের দৃষ্টিকোণগুলি বর্ণনা কর।

৫। ভারতে মানব অধিকারের সংক্ষিপ্ত রূপরেখা চিহ্নিত কর।

1.9 সাহায্যকারী গ্রন্থাবলী

অনুরাধা চট্টোপাধ্যায় (২০১৫) *প্রসঙ্গ মানব অধিকারঃ তত্ত্ব ও সত্য*, সপ্তর্ষি প্রকাশন, কলকাতা।

ইয়াসিন খান, সম্পাদিত (২০১৫) *মানব অধিকারঃ নানাদিক*, প্রগ্রেসিভ পাবলিশার্স, কলকাতা।

পায়েল রায় চৌধুরী (২০১৫) *মানব অধিকার ও মানব উন্নয়ন*, প্রগ্রেসিভ পাবলিশার্স, কলকাতা।

রতনতনু ঘোষ, সম্পাদিত (২০১২) *মানব অধিকার ও সুশাসন*, অক্ষর প্রকাশনী, কলকাতা।

Basu, Durga Das (1994) Human Rights in Constitutional Law, Prentice-Hall of India, New Delhi.

Harijan 13 October,1940 and also available at: http://www.mkgandhi.org/thiswasbapu/134rightsandduties.htm; accessed on: 08.02.2022.

Laski, Harold J (1925) A Grammar of Politics, George Allen and Unwin LTD, New Haven, Yale University Press.

Manisha Priyam, Krishna Menon and Madhulika Banerjee (2009) Human Rights, Gender and the Environment, Pearson, Delhi.

Nickel, James W. (1987) Making Sense of Human Rights, Lexington Books, Lexington, Massachusetts.

Rachna Suchinmayee (2008) Gender, Human Rights and Environment, Atlantic, New Delhi.

Tapan Biswal (2006) Human Rights, Gender, Environment, Viva Books, New Delhi.

Upendra Baxi (2002) The Future of Human Rights, OUP, New York

Upendra Baxi (2007) Human Rights In A Post Human World, OUP, New Delhi.

Unit-2

Human Rights: International and National Dimentions

Structure

2.1 Objectives

2.2 Introduction

2.3 Human Rights—Definition, Types and Generations

2.3.1 Definition of Human Rights

2.3.2 Types of Human Rights

2.3.3 Three Generations (Phases) of Human Rights

2.4 International arrangements to protect the human rights

2.4.1 Main UN International Human Rights Conventions and Protocols

2.4.2 Other UN Human Rights and Related Conventions

2.5 Constitutional provisions and legal arrangements in India regarding protection of human rights

2.5.1 Constitutional provisions

2.5.2 Legal and Judicial arrangements

2.6 Concluding observation

2.7 Self assessment questions

2.8 Suggested readings

2.1 Objectives

The primary objective of this unit is to help the reader understand the i) basic concept of human rights and its variations; ii) international arrangements to protect the human rights; iii) constitutional provisions and legal arrangements in India regarding protection of human rights followed by general iv) concluding remarks.

2.2 Introduction

Human rights are basic rights and freedoms to which all humans are entitled.[1] The first sentence of the universal declaration of Human rights states, respect for human rights and human dignity "is the foundation of

[1]Claphan, Andrew (2007), *Human Right: A Very Short Introduction*, Oxford, New York, p23

freedom, justice and peace in the world."[2] The greatest need today is to amplify awareness about human rights because every conscious individual ceases to be a potential violator and instead becomes a potential protector. For a large section of the world, human right is related to food, shelter, education, employment and health. Naturally, it is essential to increase true awareness about human rights amongst people, to address gross human rights violations.

2.3 Human Rights—Definition, Types and Generations

2.3.1 Definition of Human Rights

Human rights are those universal rights that people should be enjoyed and entitled as human beings. It should be noted that like general rights human rights are not, always, granted by any state. They range from the most fundamental - the right to life - to those that make life worth living, such as the rights to food, education, work, health, and liberty. Regardless of nationality, sex, national or ethnic origin, colour, religion, language, or any other status - those universal rights are **natural** to us all.

Prof Amartya Sen observed that, "The invoking of human rights tends to come mostly from those who are concerned with changing the world rather than interpreting it…The colossal appeal of the idea of human rights [has provided comfort to those suffering] intense oppression or great misery, without having to wait for the theoretical air to clear." "Even though human rights can, and often do, inspire legislation, this is a further fact, rather than a constitutive characteristic of human rights."[3]

Thus, 'human rights can commonly be understood, "as being those rights which are inherent in the mere fact of being human. The concept of human rights is based on the belief that every human being is entitled to enjoy her/his rights without discrimination. Human rights differ from other rights in two respects. Firstly, they are characterised by being:

- Inherent in all human beings by virtue of their humanity alone (they do not have,e.g., to be purchased or to be granted);
- Inalienable (within qualified legal boundaries); and
- Equally applicable to all.

Secondly, the main duties deriving from human rights fall on states and their authorities or agents, not on individuals.

One important implication of these characteristics is that human rights must themselves be protected by

[2] Preamble; The Universal Declaration of Human Rights, 1948.

[3] Retrieved from https://cdn1.sph.harvard.edu/wp-content/uploads/sites/134/2018/06/Marks-and-Henson-Human-Rights-and-Development_July-5-2018.pdf (Accessed on 12th October, 2021)

law (‘the rule of law’). Furthermore, any disputes about these rights should be submitted for adjudication through a competent, impartial and independent tribunal, applying procedures which ensure full equality and fairness to all the parties, and determining the question in accordance with clear, specific and pre-existing laws, known to the public and openly declared.

The idea of basic rights originated from the need to protect the individual against the (arbitrary) use of state power. Attention was therefore initially focused on those rights which oblige governments to refrain from certain actions. Human rights in this category are generally referred to as ‘fundamental freedoms’. As human rights are viewed as a precondition for leading a dignified human existence, they serve as a guide and touchstone for legislation.

The specific nature of human rights, as an essential precondition for human development, implies that they can have a bearing on relations both between the individual and the state, and between individuals themselves. The individual-state relationship is known as the ‘vertical effect’ of human rights. While the primary purpose of human rights is to establish rules for relations between the individual and the state, several of these rights can also have implications for relations among individuals. This so-called ‘horizontal effect’ implies, among other things, that a government not only has an obligation to refrain from violating human rights, but also has a duty to protect the individual from infringements by other individuals.”[4]

There is no consensus on the specific meaning of Human Rights at different levels. However, the ‘tripartite typology’ presented by Henry Shue[5] is known today in more crisp terms as the obligations ‘*to respect*’, ‘*to protect*’, and ‘*to fulfil*’. This means the state should – 1. refrain from any measure that may deprive individuals; 2. provide access to legal remedies when violations have occurred in order to prevent further deprivations; and 3.perform the duty to fulfil (protect) economic, social, political and cultural rights.’

2.3.2 Types of Human Rights

a) Individual (civil) rights—life, liberty, and security of the person; privacy and freedom of movement; ownership of property; freedom of thought, conscience, and religious belief and practice; prohibition of slavery, torture, and cruel or degrading punishment.

b) Rule of law—equal recognition before the law and equal protection of the law; effective legal remedy for violation of rights; impartial hearing and trial; presumption of innocence; and prohibition of arbitrary arrest.

c) Rights of political expression—freedom of expression, assembly, and association; the right to take part in government; and periodic and meaningful elections with universal and equal suffrage.

d) Economic and social rights—an adequate standard of living; free choice of employment; protection

[4]Retrieved from https://www.humanrights.is/en/human-rights-education-project/human-rights-concepts-ideas-and-fora/part-i-the-concept-of-human-rights/definitions-and-classifications (Accessed on 12th October, 2021)

[5]Shue, Henry (1980), Basic Rights: *Subsistence, Affluence, and U.S. Foreign Policy: 40th Anniversary Edition, Princeton University Press, U.S.*

against unemployment; "just and favourable remuneration"; the right to form and join trade unions; "reasonable limitation of working hours"; free elementary education; social security; and the "highest attainable standard of physical and mental health."

e) Rights of communities—self-determination and protection of minority cultures.

2.3.3 Three Generations (Phases) of Human Rights

i) Enlightenment (17th-18th Century) : The first tier or "generation" consists of civil and political rights and derives primarily from the seventeenth and eighteenth-century political theories noted earlier which are associated with the English, American, and French revolutions. Think "life, liberty, and the pursuit of happiness." This approach favours limiting government by placing restrictions on state action. The rights set forth in Articles 2-21 of the Universal Declaration of Human Rights include: freedom from discrimination; freedom from slavery; freedom from torture and from cruel, inhuman, or degrading treatment; freedom from arbitrary arrest and detention; the right to a fair and public trial; freedom of thought, conscience, and religion; freedom of opinion and expression; and the right to participate in government through free elections.

ii) Socialist tradition (19th century) : The second generation of rights broadens the primarily political focus of earlier views to include economic, social, and cultural rights. This view originates primarily in the socialist traditions of Marx and Lenin. According to this view, rights are conceived more in positive rather than negative terms, and thus encourage the intervention of the state. Illustrative of these rights are Articles 22-27 of the Universal Declaration of Human Rights. They include the right to social security; the right to work; the right to a standard of living adequate for the health and well-being of self and family; and the right to education.

iii) The third generation of "solidarity rights" (20th century) : These views are a product of the rise and decline of the nation-state in the last half of the twentieth century. These rights have been championed by the Third World and remain somewhat controversial and debated. The specific rights include the right to political, economic, social, and cultural self-determination; the right to economic and social development; and the right to participate in and benefit from "the common heritage of mankind."

2.4 International arrangements to protect the human rights

Law is the basis to protect the rights of the individual, so as the human rights. Without legal bindings human rights will be mere a notion of discussion. Thus efforts have been made organisationally for the formation of international arrangements to protect the rights of the individuals, groups and various sections of the society. United Nation being the international organisation initiated many arrangements in this regard.

The Universal Declaration **of Human Rights (UDHR) 1948** was the first comprehensive expression of the basic (human) rights and fundamental freedoms to which all human beings are entitled.It has been

referred as the foundational document regarding international human rights law. It is also declared as humanity's Magna Carta by Eleanor Roosevelt, who chaired the United Nations (UN) Commission on Human Rights that was responsible for the drafting of the document. The UDHR comprises 30 articles that contain a comprehensive listing of key civil, political, economic, social, and cultural rights.

Other than this following are the other important international arrangements or instruments for the protection of human rights:

- **1948 Genocide Convention :** The Convention on the Prevention and Punishment of the Crime of Genocide was adopted by the UN in an effort to prevent atrocities, such as the Holocaust, from happening again. The Convention defines the crime of genocide.
- **1951 Refugee Convention :** The Convention Relating to the Status of Refugees protects the rights of people who are forced to flee their home country for fear of persecution on specific grounds.
- **1960 Discrimination in Employment Convention :** The International Labour Organisation Discrimination (Employment and Occupation) Convention (No. 111) prohibits discrimination at work on many grounds, including race, sex, religion, political opinion and social origin.
- **1966 Racial Discrimination Convention :** The International Convention on the Elimination of All Forms of Racial Discrimination (ICERD) obliges states to take steps to prohibit racial discrimination and promote understanding among all races.
- **1966 Economic, Social and Cultural Rights Covenant :** The International Covenant on Economic, Social and Cultural Rights (ICESCR) protects rights like the right to an adequate standard of living, education, work, healthcare, and social security. The ICESCR and the ICCPR (below) build on the Universal Declaration of Human Rights by creating binding obligations for state parties.
- **1966 Civil and Political Rights Covenant :** Human rights protected by the International Covenant on Civil and Political Rights (ICCPR) include the right to vote, the right to freedom of association, the right to a fair trial, right to privacy, and the right to freedom of religion. The First Optional Protocol to the ICCPR creates a mechanism for individuals to make complaints about breaches of their rights. The Second Optional Protocol concerns abolition of the death penalty.
- **1979 Discrimination against Women Convention :** Under the Convention of the Elimination of All forms of Discrimination against Women (CEDAW), states must take steps to eliminate discrimination against women and to ensure that women enjoy human rights to the same degree as men in a range of areas, including education, employment, healthcare and family life. The Optional Protocol establishes a mechanism for making complaints.
- **1984 Convention against Torture :** The Convention against Torture and Other Cruel, Inhuman or other Degrading Treatment of Punishment (CAT) aims to prevent torture around the world. It requires states to take steps to eliminate torture in within their borders. And it prohibits states from sending

a person to another country where he or she would be in danger of being subjected to torture.

- **1989 Children's Convention :** The Convention on the Rights of the Child (CRC) states that children are entitled to the same human rights as all other people. It also creates special rights for children, recognising their particular vulnerability, such as the right to express their views freely, and that decisions affecting children must consider the best interests of the child.There are two Optional Protocols, one on child prostitution and pornography and another on the involvement of children in armed conflict.
- **1989 Indigenous Peoples Convention :** The International Labour Organisation's Indigenous and Tribal Peoples Convention (No. 169) aims to protect the rights of Indigenous and tribal peoples around the world. It is based on respect for the right of Indigenous peoples to maintain their own identities and to decide their own path for development in all areas including land rights, customary law, health and employment.
- **1990 Convention on Migrant Workers :** The International Convention on the Protection of the Rights of All Migrant Workers and Members of Their Families aims to ensure that migrant workers enjoy full protection of their human rights, regardless of their legal status.
- **2006 Convention on Persons with Disabilities :** The Convention on the Rights of Persons with Disabilities aims to promote, protect and ensure the full and equal enjoyment of all human rights by persons with disability. It includes the right to health, education, employment, accessibility, and non-discrimination. The Optional Protocol establishes an individual complaints mechanism.
- **2007 Declaration on the Rights of Indigenous Peoples :** This Declaration establishes minimum standards for the enjoyment of individual and collective rights by Indigenous peoples. These include the right to effectively participate in decision-making on matters which affect them, and the right to pursue their own priorities for economic, social and cultural development."

2.4.1 Main UN International Human Rights Conventions and Protocols

"ICERD – International Convention on the Elimination of All Forms of Racial Discrimination -

Adopted and opened for signature and ratification by General Assembly resolution 2106 (XX) of 21 December 1965entry into force 4 January 1969.

ICCPR – International Covenant on Civil and Political Rights - Adopted and opened for signature, ratification and accession by General Assembly resolution 2200A (XXI) of 16 December 1966

entry into force 23 March 1976.

ICESCR – International Covenant on Economic, Social and Cultural Rights -Adopted and opened for signature, ratification and accession by General Assembly resolution 2200A (XXI) of 16 December 1966 entry into force 3 January 1976.

CEDAW – Convention on the Elimination of All Forms of Discrimination against Women-On 18

December 1979, the Convention was adopted by the United Nations General Assembly. It entered into force as an international treaty on 3 September 1981 after the twentieth country had ratified it. By the tenth anniversary of the Convention in 1989, almost one hundred nations have agreed to be bound by its provisions.

CAT – Convention against Torture -Adopted and opened for signature, ratification and accession by General Assembly resolution 39/46 of 10 December 1984 entry into force 26 June 1987.

CRC – Convention on the Rights of the Child - Adopted and opened for signature, ratification and accession by General Assembly resolution 44/25 of 20 November 1989 entry into force 2 September 1990."

2.4.2 Other UN Human Rights and Related Conventions

"Convention relating to the Status of Refugees (and its 1967 Protocol) -Grounded in Article 14 of the Universal Declaration of human rights 1948, which recognizes the right of persons to seek asylum from persecution in other countries, the United Nations Convention relating to the Status of Refugees, adopted in 1951, is the centrepiece of international refugee protection today.(1) The Convention entered into force on 22 April 1954, and it has been subject to only one amendment in the form of a 1967 Protocol, which removed the geographic and temporal limits of the 1951 Convention.

Convention on the Reduction of Statelessness -The 1954 Convention relating to the Status of Stateless Persons and the 1961 Convention on the Reduction of Statelessness are the key international conventions addressing statelessness. They are complemented by international human rights treaties and provisions relevant to the right to a nationality.

Rome Statute of the International Criminal Court - The Rome Statute of the International Criminal Court was adopted at a diplomatic conference in Rome, Italy on 17 July 1998[6][7] and it entered into force on 1 July 2002.It is often referred to as the International Criminal Court Statute or the Rome Statute and was established the International Criminal Court (ICC).

United Nations Convention against Transnational Organised Crime - The Convention was adopted by a resolution of the United Nations General Assembly on 15 November 2000. UNTOC which is also called the Palermo Convention is a United Nations-sponsored multilateral treaty against transnational organized crime.

Along with the aforementioned arrangements, the International Labour Organization (ILO) as a United Nations agency mandates for social and economic justice through setting international labour standards, for the protection of Human Rights of the labours.ILO was founded in October 1919 under the League of Nations and is the first and oldest specialised agency of the UN. The ILO's labour standards are aimed at ensuring accessible, productive, and sustainable work worldwide in conditions of freedom, equity, security and dignity."

There are many other specialised UN bodies and conventions for the protection of human rights of various sections of the society. However, country wise, one can hardly find any measures undertaken to implement these international instruments in the true sense. Widespread debates over the proper implementation

and relevance of international law prevails worldwide. No nation undermining their sovereignty and national interest would follow the international guidelines. Thus these instruments are merely implemented properly, but mostly remain in papers.

2.5 Constitutional provisions and legal arrangements in India regarding protection of human rights

The Protection of Human Rights Act, 1993 defines Human Rights as: "human rights" means the rights relating to life, liberty, equality and dignity of the individual guaranteed by the Constitution or embodied in the International Covenants and enforceable by courts in India".

"As world's largest democracy, India has played an exceptionally andconsiderable role in the promotion of the cause of human right. Indian Constitution has incorporated a declaration of rights in the name of fundamental rights.

2.5.1 Constitutional provisions

After Independence, In India most important pronouncement on human rights came in the pages of objectives Resolution moved by Jawaharlal Nehru in 1946. Through, the Fundamental Rights and the Directive Principles, of the Constitution of India, almost entire field of the Universal Declaration of Human Rights has been materialised. In short, the objectives resolution forms the basis for the incorporation of various provisions of the Constitution.

The Preamble to the Constitution is of supreme importance and the constitution should be read and interpreted in the light of the grand and noble vision expressed in the Preamble.

The distinctattribute of the Indian Constitution is that a large part of human rights are named as Fundamental Rights, and the Rights to enforce Fundamental Rights itself have been made a Fundamental Rights.

Fundamental Rights provided by Indian Constitution are—

- Right to Equality (Article 14-18)
- Right to Freedom (Article 19-22)
- Right Against Exploitation (Article 23-24)
- Right to Freedom of Religion (Article 25-28)
- Cultural and Educational Rights (Article 29-30)
- Right to Constitutional Remedies (Article 32

2.5.2 Legal and Judicial arrangements

From time to time, the Government of Indiaformulate laws for the protection of Fundamental Rights. For

e.g. Untouchability is abolished and its practice in any form is forbidden. The enforcement of any disability arising out of untouchability shall be an offence punishable in accordance with law. Article 17 of the constitution abolishes the practice of untouchability.To make untouchability law further strong, parliament passed Untouchability Act in 1955 which came into force 1st June 1955.

- Right to life (Article21) has a much wider meaning which includes Right to leave with human dignity, Right to livelihood, Right to pollution free air.
- The constitution 86th Amendment Act 2002 enshrined Right to Education as a Fundament Right under the Article21A.
- The Equal Remuneration Act 1976 was enacted in pursuance of Article 39 of the Constitution of India, which envisages that the state shall direct its policy, among other things towards securing that there is equal pay for equal work for both men and women.
- The 73rd Constitutional Amendment for the increased participation of women in pre political institutions at the local government which is good example of enhancing women rights and equal representation.
- There are recent legislations of Indian states which depicts the acceptance of the reality prevailing in today's society. Some of them are the National Food Security Act 2013 and National Rural Employment Guarantee Act 2005. The former provides for food and national security to the weaker sections of the society and the latter provides for enhancement of livelihood security of the households in the rural areas. The aims behind passing such legislative measures are to provide a hand of support to the poor and the marginalized.
- Social factor like caste system poses a serious threat to human rights in India. Along with Article 15, 16 and 17, various constitutional provisions have also been provided to safeguard the scheduled castes and scheduled tribes and there are also certain acts to do the same such as Protection of Civil Rights Act, 1955, The Scheduled Castes and Scheduled Tribes Act, 1989, The Bonded Labour System (Abolishment) Act, 1976, The Child Labour Act, 1986, The Employment of Manual Scavengers and Construction of Dry Latrines Prohibition Act, 1993.

In our Country judiciary is known as the independent wing of government. Judiciary is the protector of Fundamental Rights. The Supreme Court and the High court can issue writs (Habeas Corpus, Mandamus, Prohibitions, Qua Warranto, and Certiorari) to the government for enforcement of rights.

- The Supreme Court gave a historical decision in Kesavananda Bharti case (1972-73). The court said that these are certain basic features of the constitution and these cannot be changed by Parliament.
- Judiciary has made immense contribution to strike the balance between discrimination caused to the working women and availing them of justice against such discrimination.
- In the case of Air India vs. Nergesh Meerza (Air Hostesses case). The Supreme Court invalidates the condition that terminated her services on her pregnancy.

- In 1997, the Supreme Court passed a landmark judgement in the same Vishaka case laying down guidelines to be followed by establishment in dealing with complaints about sexual harassment.
- In the case of Maneka Gandhi Vs. Union of India (1978) Supreme court held that right to travel abroad is well within the ambit of Article 21 (Right to Life). The Supreme Court ordered that, Article 21 guaranteed the Right to Life is not only against the arbitrary action of the executive but against Legislative action too.

Thus Judiciary played a crucial role in the protection of Fundamental Rights as well as to empower the Rights.Courts are the main mechanism for the enforcement of Human Right. Judiciary apart, there are specializing bodies that have been created by the Parliament to deal with rights issues.

The National Rights Commission of India (NRCH) is a statutory public body Constituted on 12th day of October 1993 under the protection of Human Rights ordinance of 1993 for the protection of Human Rights of Indians."

It is noteworthy to mention here that, "India had signed the Universal Declaration on Human Rights January 01, 1942. Part III of the Constitution India 'also referred as magna carta' contains the Fundamental rights. These are the rights which are directly enforceable against the state in case of any violation. Article 13(2) prohibits state from making any law in violation of the Fundamental Rights. It always provides that if a part of law made is against the Fundamental Rights, that part would be declared as void. If the void part cannot be separated from the main act, the whole act may be declared as void."

In the case of Keshvanand Bharti v. State of Kerela, the apex court observed: "The Universal Declaration of Human Rights may not be a legally binding instrument but it shows how India understood the nature of human rights at the time the Constitution was adopted."

2.6 Concluding observation

Ethics, morality, transparency and accountability are the key determinant to strengthen the foundation of human rights. Indians have Right to Information (2005) but we have not been informed about our rights properly. Government is the institution for the recognition and protection of rights. However we have witnessed that authority kept their silence on mob lynching, burning a human on the ground of his religion, communal hatred, political violence, corruption and so on so forth. In most of the cases rights are remains in paper. Thus, Government of India must strictly adhere to the laws related to human rights and follow them rigorously.

India being a core human rights treaty (UDHR) member brings all those laws and implements in India. Therefore the rights in Indian Constitution are the human rights that are similar with what international treaties have. The jurisdictions of these fundamental rights are with the Supreme Court and High Courts in India. Along with the judicial activist role of the courts Government must ensure to eradicate poverty, stop

corruption, end political violence, and ensure the fundamental principal of the constitution of India by protecting the various types of rights. One should not jeopardised national security and human rights, as this becomes a popular trend in new India. However we, the people of India mustundo any attitude from any part of the authority or individual which undermine the human rights of the people.

2.7 Self Assessment Questions

1. Write a brief note on Human Rights, highlighting is variations.
2. Briefly discuss three generations (Phases) of human rights
3. Discuss the important international arrangements or instruments for the protection of human rights.
4. Analyse the Constitutional provisions in India in regard to human rights.
5. Examine the Legal instruments or provisions available in India for human rights.
6. Write a note on the role of Judiciary for the protection of human rights.

2.8 Suggested Readings

Bajwa (1995). "Human Rights in India," New Delhi, Anmol Publication.

Claphan, Andrew (2007), *Human Right: A Very Short Introduction,* Oxford, New York

Kalse, Anant (2016), A brief lecture on "Human Rights in the Constitution of India", available at: http://mls.org.in/books/H-2537%20Human%20Rights%20in.pdf.'

Kaur, Amartish (2017), "Protection of Human Rights in India – A Review", Jamia Law Journal, Vol.2.

Meen Kumar Alok (2014). "Human Rights in India : Concepts and Concerns," Jaipur (Raj) India, Pointer Publishers,

Saumendra Das and N.Saibabu (2014), "Indian Constitution: An Analysis of the Fundamental Rights and the Directive Principles", ARS – Journal of Applied Research and Social Sciences, Vol.1, Issue.17, December 2014, ISSN 2350-14723.

Shue, Henry (1980), Basic Rights: *Subsistence, Affluence, and U.S. Foreign Policy: 40th Anniversary Edition, Princeton University Press, U.S.*

South Asia Human Right Documentation Centre (2006). "Introducing Human Rights" An overview including Issues of Gender Justice, Environmental and consumer Law, Oxford University Press.

Unit-3

ভারতীয় সংবিধান এবং মানবাধিকার

বিষয়সূচি :

3.1 উদ্দেশ্য

3.2 ভূমিকা

3.3 ভারতের সংবিধান এবং মানবাধিকারের ধারণা

3.4 ভারতীয় সংবিধান এবং মানবাধিকারের বাস্তবায়ন

3.5 রাজনৈতিক সামাজিক ও নাগরিক অধিকার

3.6 অর্থনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক অধিকার

3.7 ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতি এবং মানবাধিকার

3.8 ভারতের সংবিধান এবং মানবাধিকার লঙ্ঘনকারী আইনসমূহ

3.9 উপসংহার

3.10 গ্রন্থপঞ্জী

3.1 উদ্দেশ্য

এই এককটি পড়ে আপনি জানবেন—

[1] ভারতের সংবিধানের উপর সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের প্রভাব।

[2] ভারতের সংবিধানে কিভাবে রাজনৈতিক, সামাজিক ও নাগরিক অধিকার বাস্তবায়িত হয়েছে।

[3] সংবিধানে কিভাবে অর্থনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক অধিকার বাস্তবায়িত হয়েছে।

[4] নির্দেশমূলক নীতিসমূহর উপর সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের প্রভাব।

[5] বিভিন্ন সময়কালে ভারতে মানবাধিকার লঙ্ঘন।

[6] মানবাধিকার সংরক্ষণে ভারত সরকারের নানা উদ্যোগ।

3.2 ভূমিকা

সর্বজনীন মানবাধিকার ঘোষণাটি (Universal Declaration of Human Rights, UDHR) ১৯৪৮ সালের জাতিপুঞ্জের সাধারণসভায় সম্মতিক্রমে গৃহীত হয়। অন্যদিকে, স্বাধীন ভারতের সংবিধান ১৯৪৯ সালের ২৬শে নভেম্বর গৃহীত হয় এবং ১৯৫০ সালের ২৬শে জানুয়ারি থেকে কার্যকর হয়। সর্বজনীন মানবাধিকার ঘোষণায় প্রত্যেক মানুষ যে আন্তর্জাতিক সমাজের সদস্য সেদিকে আলোকপাত করা হয় এবং বিশ্বের প্রতিটি প্রান্তের মানুষের অধিকার সুরক্ষিত করার জন্য উদ্যোগ নেওয়া হয়।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ভারত দীর্ঘকাল ঔপনিবেশিকতার পরাধীনতায় আবদ্ধ ছিল। স্বাভাবিকভাবেই ভারতের সংবিধান প্রণেতারা এবং জাতীয় নেতৃত্ববৃন্দ স্বাধীনোত্তরকালে দেশের প্রত্যেক মানুষকে শোষণ, অবহেলা, অসাম্য, অমর্যাদা থেকে মুক্তি দিতে চেয়েছিলেন। সামগ্রিকভাবে ভারতবাসীদের কল্যাণ এবং মানবাধিকারকে বাস্তবায়নের স্বার্থে ভারতীয় সংবিধানে বর্ণিত নাগরিকদের মৌলিক অধিকার এবং রাষ্ট্রের নির্দেশমূলক নীতিসমূহের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া হয়েছিল।

ভারতীয় সংবিধানের ১২ থেকে ৩৫নং ধারায় মৌলিক অধিকারগুলি লিপিবদ্ধ রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, মূল ভারতীয় সংবিধানটিতে সাতটি মৌলিক অধিকারের উল্লেখ ছিল। ১৯৭৮ সালে ৪৪তম সংবিধান সংশোধনের মাধ্যমে সম্পত্তির অধিকারকে মৌলিক অধিকারের তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। ভারতীয় সংবিধানে প্রদত্ত মৌলিক অধিকারগুলিকে পরিবর্ধন ও পরিমার্জন করার জন্য সংসদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে ৩৩ থেকে ৩৫নং অনুচ্ছেদে। অন্যদিকে, সংবিধানের ৩৫ থেকে ৫১নং অর্থাৎ ১৬টি ধারার মধ্যে নির্দেশমূলক নীতিসমূহ উল্লেখিত রয়েছে। মূল সংবিধানে ১৩টি নির্দেশমূলক নীতি ছিল। ১৯৭৬ সালের ৪২তম সংবিধান সংশোধনীর মাধ্যমে আরও ৪টি নির্দেশমূলক নীতিসমূহকে ভারতীয় সংবিধানে সংযুক্ত করা হয়। সংবিধানের ৩৭নং ধারা অনুসারে নির্দেশমূলক নীতিগুলিকে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে মৌলিক নীতি হিসাবে গণ্য করা হয়, কিন্তু এই নীতিগুলি কোনভাবেই আদালত দ্বারা বলবৎযোগ্য নয়। যাহোক একথা সত্য যে, ভারতীয় সংবিধানে প্রদত্ত মানবাধিকারের বহু সীমাবদ্ধতা রয়েছে। কিছু সংবিধান বিশেষজ্ঞ মনে করেন, ভারতীয় সংবিধানের মৌলিক অধিকার এবং নির্দেশমূলক নীতি সমূহের মধ্যে যে মানবাধিকার সমূহ প্রতিফলিত হয়েছে, তা বিধিনিষেধের বেড়াজালে আবদ্ধ হয়ে অনেকাংশে মূল্যহীন হয়ে পড়েছে। তবে, শতাধিক সমালোচনা সত্ত্বেও এটা বলা যায় যে, মানবাধিকারকে বাস্তবায়িত করার ক্ষেত্রে সংবিধান প্রণেতাদের আন্তরিক প্রয়াস এবং মানবাধিকার রক্ষার্থে যে ধরনের বিচারবিভাগীয় সক্রিয়তা লক্ষ্য করা যায়, তা কুর্ণিশযোগ্য।

3.3 ভারতের সংবিধান এবং মানবাধিকারের ধারণা

মানবাধিকারের উৎস পশ্চিমী সমাজ এবং তার ধারাবাহিক ক্রমবিবর্তনের মধ্যে প্রোথিত রয়েছে। মানবাধিকারের তত্ত্বের অনুপ্রেরণা হিসাবে লক (John Locke), রুশো (Jean Jacques Rousseau) এবং টমাস পেইন (Thomas Paine), প্রমুখের রচনা কাজ করেছিল। ব্রিটেনের মহাসনদ (The Magna Carta, 1215), ১৬২৬ সালের দ্য পিটিশন অব রাইটস (The Petition of Rights, 1628) এবং বিল অব রাইটস (The Bill of Rights, 1680) পশ্চিমের সমাজে মানবাধিকার রক্ষার অন্যতম দলিল হিসাবে বিবেচিত হয়। এছাড়া, ১৬৮৮ সালের গৌরবময় বিপ্লব (Glorious Revolution) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়াম অধিকার (The Verginian Declaration of Rights, 1776), মার্কিন নাগরিকদের অধিকারের ঘোষণাপত্র (American Bill of Rights), ১৭৮৯ সালের ফরাসি নাগরিকদের অধিকার সংক্রান্ত ঘোষণাপত্র (Declaration of the Rights of Man and Citizen) পশ্চিমী সমাজের মানবাধিকার রক্ষার অন্যতম ঐতিহাসিক পদক্ষেপ হিসাবে বিবেচিত হয়। পরিশেষে, ১৯৪৮ সালে সম্মিলিত জাতিপুঞ্জের উদ্যোগে মানবাধিকার সংক্রান্ত ধারণাটিকে পশ্চিমী সমাজে প্রাতিষ্ঠানিকভাবে স্বীকৃত দেওয়া হয়। সুতরাং, এটা দেকা যায় যে, ১৯৪৮ সালের সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রটি (Universal Declaration of Human Rights বা সংক্ষেপে UDHR) দীর্ঘকালের ঐতিহাসিক ক্রমবিবর্তনের ফসল। অন্যদিকে, ভারতসহ উন্নয়নশীল দেশগুলিতে যেভাবে মানবাধিকারকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হয়েছে, তা একপ্রকার উপর থেকে চাপানো (imposed from above)। পশ্চিমী সমাজে নাগরিক অধিকার আদায়ের দাবীতে যে ধরনের সংগ্রাম হয়েছিল, তা উন্নয়নশীল দেশগুলির ক্ষেত্রে অনেকাংশে অনুপস্থিত।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন যে ব্যাপক মানবসম্পদ হানি হয়েছিল, বিশেষত নৃশংস ফ্যাসিবাদী আগ্রাসনের ভয়ানক অভিজ্ঞতা সারাবিশ্বের মানুষদের মানবাধিকারকে আন্তর্জাতিকভাবে মর্যাদা দিতে উদ্বুদ্ধ করেছিল। বিশ্বনেতারা মানবাধিকারকে মর্যাদা দেওয়ার লক্ষ্যে ন্যূনতম কর্মসূচী গ্রহণ করতে সচেষ্ট হয়েছিলেন। এরই স্বীকৃতি মিলেছিল ১৯৪৫-এ সদ্য গড়ে তোলা সম্মিলিত জাতিপুঞ্জের সনদে। ওই সনদে বলা হয়েছিল, জাতিপুঞ্জের মূল লক্ষ্যই হল পরবর্তী প্রজন্মকে যুদ্ধের বিভীষিকা থেকে রক্ষা করা এবং মৌলিক মানবাধিকার, মানুষের ব্যক্তিসত্তার মর্যাদা ও মূল্য এবং পুরুষ ও নারীর সমানাধিকার প্রতিষ্ঠা করা। সনদের প্রথম ধারাতেই মানবাধিকার এবং জাতি-লিঙ্গ-ভাষা ও ধর্ম নিরপেক্ষভাবে মৌলিক স্বাধীনতার প্রতি মর্যাদার বিকাশ ও প্রসারের জন্য আন্তর্জাতিক সহযোগিতা গড়ে তোলকে জাতিপুঞ্জের অন্যতম উদ্দেশ্য হিসাবে বর্ণনা করা হয়েছিল। মানবাধিকার সম্পর্কে সংজ্ঞা নির্ধারণ ও ব্যাখ্যা এবং আন্তর্জাতিক একটি দলিল প্রণয়নের দায়িত্ব দেওয়া হয়েছিল জাতিপুঞ্জের অর্থনৈতিক ও সামাজিক সংসদের অন্তর্ভুক্ত সংস্থা মানবাধিকার কমিশনের ওপর। প্রসঙ্গত উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি রুজভেল্টের স্ত্রী ইলিয়নর রুজভেল্ট ১৯৪৮ সালে একটি কমিটির সাহায্যে মানবাধিকারের উপর একটি আন্তর্জাতিক বিল সাধারণ সভায় পেশ করার উদ্যোগ নিয়েছিলেন। সর্বজনীন মানবাধিকার ঘোষণাটি (Universal Declaration of Human Rights বা UDHR) ১৯৪৮ সালে জাতিপুঞ্জের সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এই ঘোষণাটির ফলে বিশ্বের প্রতিটি মানুষকে আন্তর্জাতিক সমাজের সদস্য হিসাবে ঘোষণা করা হয় এবং একটি আন্তর্জাতিক কাঠামোর মাধ্যমে তাদের অধিকারগুলোকে সুনিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, এই আন্তর্জাতিক মানবাধিকার সনদটি যখন প্রণীত ও গৃহীত হচ্ছে, ঠিক সেই সময়ই সারা পৃথিবীতে একশোটিরও বেশি দেশ সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদের বাঁধন চূর্ণ করে রাজনৈতিক স্বাধীনতা অর্জনের পথে প্রথম পদক্ষেপ গ্রহণ করেছিল। এর ফলে সমগ্র দুনিয়া জুড়ে মানবাধিকার রক্ষার এক আন্তর্জাতিক প্রেক্ষাপট রচিত হয়েছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৬৬ সালে সম্মিলিত জাতিপুঞ্জের সাধারণ সভা পৌর ও রাজনৈতিক অধিকার উল্লেখিত একটি আন্তর্জাতিক সনদ প্রস্তুত করেছিল। অর্থাৎ পৌর ও রাজনৈতিক অধিকার সম্বলিত একটি আন্তর্জাতিক সনদ এবং অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্বলিত সনদ, এবং সর্বোপরি সর্বজনীন ঘোষণা মিলে মানবাধিকার সম্পর্কিত আন্তর্জাতিক দলিলটি প্রস্তুত করা হয়। অধিকার রক্ষার এই দলিলটিতে ৩০টি ধারা রয়েছে, যেখানে সর্বজনীন পৌর রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারগুলিকে তুলে ধরা হয়েছে।

ভারতের সংবিধান গণপরিষদ দ্বারা রচিত হয়েছে। যখন গণপরিষদের প্রথম অধিবেশন (১৯৪৬ সালের ৯ ডিসেম্বর) বসে, তখন থেকেই তাদের ভাবনায় মানুষের অধিকারগুলির সুরক্ষার বিষয়টি প্রাধান্য পেয়েছিল। এখানে উল্লেখ্য যখন ভারতীয় সংবিধানের খসড়া প্রণীত হচ্ছিল, তখন (১৯৪৮ সালের ১০ই ডিসেম্বর) সর্বজনীন মানবাধিকারের ঘোষণাপত্রটি ঘোষিত হয়। স্বাভাবিকভাবেই ভারতীয় সংবিধানে এর প্রতিফলন ঘটে।

3.4 ভারতীয় সংবিধান এবং মানবাধিকারের বাস্তবায়ন

মানবাধিকার সংরক্ষণে যে চারটি বিষয়কে প্রাধান্য দেওয়া হয়েছিল, তা হল—ক) ভারতীয়দের নাগরিক স্বাধীনতা, খ) ভারতীয় সমাজে নারী এবং অস্পৃশ্যদের শোচনীয় সামাজিক অবস্থার যথাসম্ভব উন্নতিসাধন, গ) ভারতে বিদ্যমান নানা ধর্ম, ভাষাগোষ্ঠী এবং নৃগোষ্ঠীর মানুষদের মঙ্গলসাধন, যারা ব্রিটিশরাজের আমলে নিদারুণ অত্যাচারের শিকার হয়েছিলেন। ঘ) জমিদারি ব্যবস্থার ফলে ক্ষতিগ্রস্ত সমাজের প্রান্তিক চাষীদের অর্থনৈতিক এবং সামাজিক কল্যাণ।

স্বাধীন ভারতের সংবিধানে উপরোক্ত লক্ষ্যগুলিকে অর্জন করার প্রয়াস করা হয়। এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, সমগ্র ভারতবাসীর জন্য আর্থ-সামাজিক এবং রাজনৈতিক ন্যায়বিচার প্রতিষ্ঠার সদিচ্ছা সংবিধান প্রণেতাদের হৃদয়ে ছিল, কিন্তু

তৎকালীন সদ্য স্বাধীন হওয়া একটি দেশের আর্থিক অসচ্ছলতার কারণে অর্থনৈতিক অধিকারগুলিকে নাগরিকদের ব্যাপক অর্থে প্রদান করা সম্ভব ছিল না। সংবিধানের তৃতীয় অধ্যায়ে নাগরিকদের অর্থনৈতিক অধিকারের কোনো উল্লেখ নেই। নির্দেশমূলক নীতিগুলি সংবিধানের এই অপূর্ণতা দূর করার চেষ্টা করেছে। ভারতের সংবিধানে উল্লেখিত নির্দেশমূলক নীতিগুলির সঙ্গে সাধারণ মানুষের স্বার্থ ব্যাপকভাবে জড়িত রয়েছে। সংবিধানে উল্লেখিত নির্দেশমূলক নীতিসমূহের গুরুত্ব অপরিসীম। ভারতকে একটি সফল জনকল্যাণমূলক রাষ্ট্র হিসাবে গড়ে তোলার স্বার্থে নির্দেশমূলক নীতিগুলিকে মান্য করতেই হবে। ভারতীয় জনগণের আশার প্রতীক হিসাবে নির্দেশমূলক নীতিগুলিকে বিবেচনা করা হয়। স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু নির্দেশমূলক নীতিগুলিকে মৌলিক অধিকার অপেক্ষা বহু অংশে গুরুত্বপূর্ণ মনে করতেন। মৌলিক অধিকারসমূহকে বাদ দিয়ে রাজনৈতিক গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব নয় এবং নির্দেশমূলক নীতিসমূহ ব্যতীত সামাজিক ও অর্থনৈতিক ভাবে গণতন্ত্র সফল হতে পারবে না। সুতরাং নির্দেশমূলক নীতিসমূহ এবং মৌলিক অধিকারের মধ্যে সামঞ্জস্য বিধানের মাধ্যমেই ভারতকে একটি আদর্শ জনকল্যাণমূলক রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠা করা সম্ভব।

অধিকারসমূহ	**সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র**	**ভারতীয় সংবিধান**
আইনের দৃষ্টিতে সাম্য	০৭নং ধারা	১৪নং ধারা
সরকারি চাকরির ক্ষেত্রে সুযোগের সমতা	২১(২)নং ধারা	১৬নং ধারা
বাক্ স্বাধীনতাসহ কিছু অত্যাবশ্যক অধিকারসমূহ	২-৩নং ধারা	১৯(১)নং ধারা
জীবন এবং স্বাধীনতার সুরক্ষার অধিকার	৩নং ধারা	২১নং ধারা
মানবপাচাররোধ ও জোরপূর্বক শ্রমদান প্রতিরোধ	৪নং ধারা	২৩নং ধারা
বিবেকের স্বাধীনতা, ধর্মীয় স্বাধীনতা ও স্বাধীনভাবে ধর্মাচরণের অধিকার	০৭নং ধারা	১৪নং ধারা
সংখ্যালঘুদের অধিকারসমূহ	২২নং ধারা	২৯(১)নং ধারা
সংখ্যালঘুদের শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও পরিচালনার অধিকার	২৭(১-২)নং ধারা	৩০(১)নং ধারা

3.5 রাজনৈতিক সামাজিক ও নাগরিক অধিকার

ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সকলের জন্য মর্যাদা ও সুযোগ-সুবিধার সমতা (Equality of Status and Opportunity) প্রতিষ্ঠার যে আদর্শ গ্রহণ করা হয়েছে, তা বাস্তবায়িত করার স্বার্থে ভারতীয় সংবিধানের তৃতীয় অধ্যায়ের ১৪ থেকে ১৮নং ধারায় সাম্যের অধিকার গৃহীত হয়েছে। সংবিধানের ১৪নং ধারা অনুসারে, ভারতের ভূখণ্ডের মধ্যে রাষ্ট্র কোন ব্যক্তির আইনের দৃষ্টিতে সাম্য (Equality before the laws) এবং 'আইনসমূহের দ্বারা সমভাবে সংরক্ষণ' (Equal Protection of the laws) হওয়ার অধিকারকে অস্বীকার করতে পারবে না। এই ধারার মাধ্যমে প্রধানমন্ত্রী থেকে শুরু করে সাধারণ কৃষক, মজদুর শ্রেণীর মানুষকেও সমমর্যাদা দেওয়া হয়েছে। তবে, এই অধিকারের কিছু ব্যতিক্রম রয়েছে। সংবিধানের ১৫নং ধারায় জাতি-ধর্ম-বর্ণ, লিঙ্গ, জন্মস্থান নির্বিশেষে সামাজিক মর্যাদায় সমতা প্রতিষ্ঠা করা হয়েছে। একই রকমভাবে মানবাধিকারের সর্বজনীন ঘোষণার ৭নং ধারায় আইনের চোখে সকলে সমান এবং ব্যক্তিনির্বিশেষে সকলেরই আইন কর্তৃক সমভাবে সংরক্ষিত হওয়ার অধিকার রয়েছে। এই ঘোষণা লঙ্ঘন করে অনুরূপ বৈষম্য সৃষ্টি করা কিংবা অনুরূপ কোন প্রয়াসের বিরুদ্ধে সকলের সমবেত হওয়ার

অধিকার রয়েছে। মানবাধিকারের ঘোষণার ২১(২)নং ধারায় বলা হয়েছে নিজ দেশের সরকারি চাকরির ক্ষেত্রে প্রত্যেকেই সমান অধিকার রয়েছে। এই অধিকারটি ভারতীয় সংবিধানের ১৬নং ধারায় সরকারি চাকরি বা পদে নিয়োগের ব্যাপারে সকল নাগরিকের সমান সুযোগের কথা উল্লেখ করা হয়েছে। মানবাধিকার লঙ্ঘনকারী অস্পৃশ্যতাকে ভারতীয় সংবিধানে বিলোপ সাধন করা হয়েছে। সংবিধানের ১৭নং ধারায় জাতি-ধর্ম-বর্ণ, লিঙ্গ, ইত্যাদির ভিত্তিতে সামাজিক ভেদাভেদকে নিষিদ্ধ এবং সকলের জন্য সমমর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার স্বার্থে অস্পৃশ্যতার বিলোপসাধন করা হয়েছে। অর্থাৎ অস্পৃশ্যতার অজুহাতে কোন ভারতীয়কে তার প্রাপ্য অধিকার ও সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হলে কিংবা অসম্মান করলে আইনত শাস্তি পেতে হবে। সংবিধানের এই নির্দেশ কার্যকর করার জন্য অস্পৃশ্যতা (অপরাধ) আইন, ১৯৫৫ [Untouchability (offence) Act, 1955] পরবর্তীকালে সংশোধিত হয় নাগরিক অধিকার রক্ষা আইন নামে। এ আইন কোনো ব্যক্তিকে অস্পৃশ্য হিসাবে ঘোষণা করে হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ইত্যাদিতে কিংবা সাধারণের জন্য উপযুক্ত কোন দেবালয়, দোকান, হোটেল, ইত্যাদিতে প্রবেশ নিষিদ্ধ করা অপরাধ হিসাবে গণ্য হবে। তাছাড়া, সাধারণের জন্য উন্মুক্ত রাস্তাঘাট, জলাধার, শ্মশান, কবরস্থান ইত্যাদি ব্যবহার কররে ক্ষেত্রে কোনো ব্যক্তিকে বঞ্চিত করা যাবে না। সকলের জন্য সমান মর্যাদা প্রতিষ্ঠার স্বার্থে উপাধি গ্রহণকে নিষিদ্ধ করা হয়েছে সংবিধানের ১৮(১)নং ধারায়। সুতরাং সমমর্যাদা প্রতিষ্ঠার ক্ষেত্রে কৃত্রিমভাবে সৃষ্ট বিভেদকে দূর করা হয়েছে। মানবাধিকার ঘোষণার ২-৩নং ধারার ন্যায় ভারতীয় সংবিধানের ১৯ থেকে ২২নং অনুচ্ছেদে স্বাধীনতার অধিকারকে লিপিবদ্ধ করা হয়েছে। ১৯নং ধারায় ৬টি স্বাধীনতার অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে। ভারতের প্রত্যেক নাগরিকের বাক্ ও মতামত প্রকাশের স্বাধীনতার অধিকার রয়েছে। ভারতের প্রতিটি নাগরিক নিজ চিন্তাধারা ও বিবেক বুদ্ধি অনুসারে মতামত লিখিত বা মৌখিক ভাবে প্রকাশ করতে পারে। চিঠিপত্র, পত্রপত্রিকা, কিংবা সংবাদমাধ্যমে প্রত্যেকে স্বাধীনভাবে নিজের মতামত প্রকাশ করতে পারে। এছাড়া, একজন ভারতীয় নাগরিক তার ধ্যান ধারণা মুক্তভাবে সভা-সমিতি, আলাপ-আলোচনা, বিতর্কসভা ইত্যাদি ক্ষেত্রে প্রকাশ করতে পারে, কিন্তু প্রচলিত আইনের বিধান অনুযায়ী কিংবা আইন প্রণয়নের মাধ্যমে রাষ্ট্র নাগরিকদের বাক্ ও মতামত প্রকাশের স্বাধীনতার উপর কিছু যুক্তিসঙ্গত বাধানিষেধ আরোপ করতে পারে। ভারতীয় সংবিধানে শান্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে সমবেত হওয়ার অধিকার এবং ভারতীয় নাগরিকদের শান্তিপূর্ণভাবে সমবেত হওয়ার অধিকার স্বীকার করা হয়েছে। জনস্বার্থ সম্পর্কিত কোন বিষয়ে আলাপ আলোচনার জন্য নাগরিকরা সমবেত হতে পারে। তবে সমবেত হবে শান্তিপূর্ণ ও নিরস্ত্র। তবে, জনশৃঙ্খলা, ভারতের সার্বভৌমত্ব ও সংহতির স্বার্থে এই অধিকারটি নিয়ন্ত্রিত হতে পারে। ভারতীয় নাগরিকদের যেকোনো ধরনের সংঘ বা সমিতি গঠনের অধিকার দেওয়া হয়েছে। সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান, খেলাধুলা প্রভৃতি ক্ষেত্রে সংঘ বা সমিতি গঠন করা ছাড়াও রাজনৈতিক দল, শ্রমিক সংগঠন, ছাত্র সংগঠন গঠন প্রভৃতি এই অধিকারের অন্তর্ভুক্ত। তবে রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত হলে এবং নীতি বহির্ভূত উদ্দেশ্য গঠিত হলে রাষ্ট্র এই অধিকারের উপর যুক্তিসংগত বাধানিষেধ আরোপ করতে পারে। তাছাড়া সার্বভৌমত্বের প্রশ্নে এই অধিকারটি নিয়ন্ত্রিত হতে পারে। ভারতীয় নাগরিকদের ভারতের সর্বত্র স্বাধীনভাবে যাতায়াত করার এবং যেকোন অঞ্চলে বসবাস করার মৌলিক অধিকার রয়েছে। তবে, জনস্বার্থ এবং তপশিলি উপজাতিদের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে যুক্তিসংগত বাধানিষেধ আরোপ করা যেতে পারে। ভারতীয় সংবিধানে যোগ্যতা অনুযায়ী যেকোনো বৃত্তি বা পেশা গ্রহণের অধিকারকে স্থান দেওয়া হয়েছে। ভারতীয় সংবিধান অনুসারে প্রতিটি ভারতীয় নাগরিক নিজ পছন্দমত বৃত্তি পেশা বা বাণিজ্য করার অধিকারী। ২০নং ধারার অধীনে অপরাধীকে শাস্তি দেওয়ার ক্ষেত্রে স্বেচ্ছাচার ও অবিচারকে প্রতিরোধ করা হয়েছে। সংবিধানের ২০(১)নং ধারায় বলা হয়েছে যে প্রচলিত আইন ভঙ্গের অপরাধ ছাড়া কোন ব্যক্তিকে শাস্তি দেওয়া যাবে না এবং প্রচলিত আইন ভঙ্গের জন্য প্রচলিত আইন অনুসারেই শাস্তি প্রদান করতে হবে। ২০(২)নং ধারায় কোন ব্যক্তিকে একই অপরাধের জন্য একাধিকবার শাস্তি দেওয়া যাবে না। তাছাড়া, অভিযুক্ত কোন ব্যক্তিকে নিজের বিরুদ্ধে আদালতে সাক্ষ্য দিতে বাধ্য করা যাবে না। ২১নং ধারায় ব্যক্তির

জীবন ও ব্যক্তিগত স্বাধীনতার কথা উল্লেখ করা হয়েছে। সংবিধানের ২১নং ধারায় বলা হয়েছে, আইন-নির্দিষ্ট পদ্ধতি ছাড়া অন্য কোন উপায়ে কোন ব্যক্তিকে তার জীবন অথবা স্বাধীনতা থেকে বঞ্চিত করা যাবে না। যথাযথ পদ্ধতি অনুসারে প্রণীত আইনের সমর্থন লাভ করলেই কেবল শাসন বিভাগ নাগরিকের জীবন ও স্বাধীনতার হস্তক্ষেপ করতে পারে, এভাবে ২১নং ধারা শাসন বিভাগের স্বেচ্ছাচারিতা ও বেআইনি কার্যকলাপের বিরুদ্ধে ব্যক্তিকে রক্ষা করে। স্বাধীনতার অধিকারের ২২নং ধারায় গ্রেপ্তার ও আটকের বিরুদ্ধে নাগরিকের কিছু অধিকার দেওয়া হয়েছে। কোন ব্যক্তিকে গ্রেপ্তার বা আটক করা হলে যত দ্রুত সম্ভব তাঁকে গ্রেপ্তার ও আটকের কারণ জানাতে হবে। আটক ব্যক্তিকে উকিলের মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের সুযোগ থেকে বঞ্চিত করা যাবে না। গ্রেপ্তার করার ২৪ ঘন্টার মধ্যে আটক ব্যক্তিকে নিকটবর্তী ম্যাজিস্ট্রেটের আদালতে হাজির করতে হবে এবং সংশ্লিষ্ট আদালতের অনুমতি ছাড়া তাকে অতিরিক্ত সময়ের জন্য কোনোভাবেই আটক রাখা যাবে না।

3.6 অর্থনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক অধিকার

মানবাধিকার প্রতিষ্ঠার উদ্দেশ্য হল সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে ন্যায় প্রতিষ্ঠা করা। কিন্তু শোষণমূলক সমাজব্যবস্থায় তা কখনই সম্ভব নয়। তাই মানবাধিকারকে যথাযথ ভাবে বাস্তবায়িত করতে হলে শোষণহীন সমাজব্যবস্থা গড়ে তোলা প্রয়োজন। ভারতীয় সংবিধানের ২৩নং এবং ২৪নং ধারায় শোষণের বিরুদ্ধে অধিকারকে একটি অন্যতম মৌলিক অধিকার হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে। ২৩(১)নং ধারায় মানুষের ক্রয়-বিক্রয় এবং বলপূর্বক ও বেগার শ্রমকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে এবং কোনোভাবে তা ভঙ্গ করা হলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হয়েছে। ২৩নং ধারা অনুসারে ১৯৭৬ সালে 'বেগার শ্রমদান প্রথা (বিলুপ্ত) আইন ১৯৭৬' [Bonded Labour System (Abolition) Act, 1976]-এর মাধ্যমে বেগার শ্রমদান প্রথার বিলোপ সাধন ঘটেছে। ২৪নং ধারায় বলা হয়েছে, ১৪ বছর বয়সের নীচে কোনো শিশুকে কলকারখানা, খনি কিংবা বিপদজনক কাজে নিয়োগ করা যাবে না। এই আইনটি কার্যকর করার ক্ষেত্রে কলকারখানা আইন, ১৯৪৮ (Factories Act,1948), শিশু শ্রম (নিষেধ ও প্রবিধান), ১৯৮৬ [The Child Labour (Prohibition and Regulations) Act, 1986] প্রভৃতি আইন উল্লেখযোগ্য ব্যাপক ভূমিকা পালন করেছে।

ভারত ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র হলেও ভারতের মূল সংবিধানে ভারতকে কোথাও ধর্মনিরপেক্ষ রাষ্ট্র হিসেবে বলা হয়নি। ১৯৭৬ সালের ৪২তম সংবিধান সংশোধনের মধ্য দিয়ে ভারতের সংবিধানে প্রস্তাবনায় 'ধর্মনিরপেক্ষ' শব্দটি যুক্ত করা হয়েছে। 'ধর্মনিরপেক্ষতা' বলতে ধর্মের প্রতি অবিশ্বাসকে বোঝায় না। 'ধর্মনিরপেক্ষতা' বলতে বোঝায় রাষ্ট্রের নির্দিষ্ট কোনো ধর্ম নেই এবং রাষ্ট্র কোনো নির্দিষ্ট ধর্মকে প্রাধান্য দেবে না। বরং রাষ্ট্র ব্যক্তি ও ধর্মীয় সংস্থাগুলোর ধর্মীয় স্বাধীনতাকে স্বীকার করে সব ব্যক্তিকে নাগরিক হিসেবে গণ্য করে এবং রাষ্ট্র নির্দিষ্ট কোনো ধর্মের বিরোধিতা কিংবা পৃষ্ঠপোষকতা করবে না। রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতার এই বৈশিষ্ট্য সংখ্যালঘুদের মানবাধিকার রক্ষার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। যা ভারতীয় সংবিধানের ২৫ থেকে ২৮নং ধারায় ব্যক্তিকে ধর্মীয় স্বাধীনতা প্রদান করা হয়েছে। ২৫নং ধারা অনুসারে বিবেকের স্বাধীনতা এবং স্বাধীনভাবে ব্যক্তি ধর্ম স্বীকার, ধর্মাচরণ এবং ধর্মপ্রচারের অধিকার রয়েছে। ২৬নং ধারা অনুসারে যেকোনো ধর্মীয় সম্প্রদায় বা তার কোনো অংশ কতকগুলি অধিকার ভোগ করে, যেমন—ধর্ম বা দানের উদ্দেশ্যে ধর্মীয় প্রতিষ্ঠান স্থাপন ও তদারকি করা, ধর্ম বিষয়ক যেকোনো কাজ নিজেরাই পরিচালনা করা, স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন ও তার ভোগদখল করা এবং আইন অনুযায়ী সেই সম্পত্তি পরিচালনা করা। তবে, এই অধিকারগুলি অবাধ নয়, রাষ্ট্র জনশৃঙ্খলা, নৈতিকতা ও জনস্বাস্থ্য রক্ষার্থে প্রয়োজনমতো এই অধিকারগুলি নিয়ন্ত্রণ করতে পারে। সংবিধানের ২৮নং ধারায় সরকারি সাহায্যপ্রাপ্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্ম-বিষয়ক শিক্ষাদান নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে, এমনকি যেসব শিক্ষাপ্রতিষ্ঠান সরকার কর্তৃক স্বীকৃতপ্রাপ্ত বা আংশিকভাবে সরকারি

সাহায্যপ্রাপ্ত সেগুলিতে শিক্ষার্থী বা অভিভাবকদের বিনা অনুমতিতে ধর্ম-বিষয়ক শিক্ষা গ্রহণে বাধ্য করা যাবে না। ভারতীয় সংবিধানের ধর্মীয় স্বাধীনতার অধিকারগুলি, সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের ১৮নং ধারা প্রতিটি মানুষের চিন্তা বিবেক ও ধর্মবিশ্বাসের অধিকার এবং এই অধিকারের সঙ্গে ধর্ম ও ধর্মবিশ্বাসের পরিবর্তনের অধিকার বা অন্যদের সঙ্গে সম্প্রদায়গত ভাবে প্রকাশ্যে অথবা গোপনে, একা অথবা মিলিতভাবে, ধর্ম বা বিশ্বাস সম্পর্কে প্রচার, শিক্ষা, উপাসনা বা পালন করার অধিকারটির প্রতিফলন ঘটেছে।

ভারতীয় সংবিধানের ২৯ ও ৩০নং ধারায় নাগরিকদের সাংস্কৃতিক এবং শিক্ষা বিষয়ক অধিকার প্রদান করা হয়েছে। সংবিধানের ২৯নং ধারা অনুসারে সকল নাগরিককে নিজ নিজ ভাষা, লিপি ও সংস্কৃতি সংরক্ষণ করার অধিকার দেওয়া হয়েছে। এই অধিকারটি প্রদানের মাধ্যমে সংখ্যালগুদের স্বার্থ সুরক্ষায় বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়াও সরকারি সাহায্য প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে প্রবেশাধিকারের ক্ষেত্রে কোনো ব্যক্তিকে জাতি, ধর্ম, বংশ, ভাষা প্রভৃতির ভিত্তিতে বঞ্চিত করা যাবে না। তবে এক্ষেত্রে যোগ্যতা বিচারের বিষয় হতে পারে। সংবিধানের ৩০নং ধারায় বলা হয়েছে, ধর্ম বা ভাষাভিত্তিক সংখ্যালঘু সম্প্রদায়গুলি নিজেদের পছন্দমতো শিক্ষা প্রতিষ্টান স্থাপন ও পরিচালনা করতে পারে। যা মানবাধিকার সনদের ২৭(১) ধারায় প্রত্যেকেই সমষ্টিগত ভাবে নিজস্ব সাংস্কৃতিক জীবনে অবাধ অংশগ্রহণের অধিকার থাকবে এবং তার শিল্পকলা উপভোগ ও তার বৈজ্ঞানিক অগ্রগতির সুফলের সকলের অধিকারী হওয়ার কথা উল্লেখ রয়েছে। ভারতের সংবিধানের চতুর্থ অধ্যায়ের (ধারা ৩৬-৫১নং) বর্ণিত নির্দেশমূলক নীতিগুলি ভারতকে শুধু একটি 'উদারনৈতিক গণতান্ত্রিক রাষ্ট্র' হিসেবে নয়, বরং তাকে একটি 'জনকল্যাণকর রাষ্ট্র'তে পরিণত করতে চায়। সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে গণতন্ত্রকে প্রসারিত করে একটি বৈষম্যহীন সমাজব্যবস্থা গড়ে তোলার এর উদ্দেশ্যে। ৬-১৪ বছরের কম বয়স্ক শিশুদের শিক্ষার জন্য রাষ্ট্রকে সচেষ্ট হতে হবে, এমন নির্দেশ দেওয়া হয়েছে (৪৫নং ধারায়)। তাছাড়া রাষ্ট্র কর্ম ও শিক্ষার অধিকারের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে এবং বেকার, বৃদ্ধাবস্থা, অসুস্থতা ও অভাবে সরকারি সাহায্য প্রদান করবে (৪১নং ধারা)।

3.7 ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতি এবং মানবাধিকার

সংবিধানের প্রণেতারা ভারতকে সাংবিধানিক কাঠামোর মাধ্যমে এমন আকার প্রদান করতে চেয়েছিলেন, যাতে স্বাধীন ভারতের সরকার গরীবের ত্রাতা রূপে ব্যাপক ভূমিকা পালন করতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য যে, ভারত একটি জনকল্যাণকর রাষ্ট্র অর্থাৎ ব্যবসায়িক স্বার্থে রাষ্ট্রীয় মেধা এবং সম্পদ ব্যবহার করা রাষ্ট্রের উদ্দেশ্য হিসাবে বিবেচিত হয় না। ভারতীয় সংবিধানের রূপকার আম্বেদকরের সামাজিক ন্যায়ের (Social Justice) আদর্শ ভারতীয় সংবিধানে প্রতিফলিত হয়েছে। ভারতীয় সংবিধানে উল্লেখিত নির্দেশমূলক নীতিগুলো আদালত দ্বারা বিবেচ্য নয়, কারণ ভারতের সংবিধান প্রণেতারা এই নীতিগুলি পূরণ করার বিষয়ে আইনসভাকে কিছুটা অবসর দিতে চেয়েছিলেন। প্রকৃতপক্ষে উপযুক্ত পরিস্থিতিতে পর্যাপ্ত অর্থের সংস্থান নিশ্চিত করার মাধ্যমে রাষ্ট্র যাতে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্য পৌঁছাতে পারে, সেই বিষয়টি সংবিধান প্রণেতারা নিশ্চিত করেছিলেন। গণপরিষদে আম্বেদকর বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন, সদ্য স্বাধীন একটি দেশে হাজার সমস্যা থাকে এবং সেই সমস্যার গুরুত্ব অনুসারে তাদের মোকাবিলার সময়, স্থান এবং পদ্ধতি সম্পর্কে রাষ্ট্রের স্বাধীনতা থাকা দরকার। ভারতকে একটি জন কল্যাণমূলক রাষ্ট্র হিসাবে গড়ে তোলা, অর্থনৈতিক শোষণ, বঞ্চনা ও অসাম্য দূর করে নাগরিকদের জন্য ন্যায়সঙ্গত সামাজিক পরিবেশ তৈরী করার উদ্দেশ্যেই নির্দেশমূলক নীতিগুলিকে সংবিধানে স্থান দেওয়া হয়েছে। বিচারপতি কে এস হেগড়ের মতে, রাজনৈতিক ও সামাজিক সমতা আনা, সমাজের বিভিন্ন চাপ ও বাঁধন থেকে সাধারণ নাগরিকদের মুক্ত করা এবং সকলের জন্য স্বাধীনতার ব্যবস্থা করা মৌলিক অধিকারগুলির অন্যতম উদ্দেশ্য এবং নির্দেশমূলক নীতির উদ্দেশ্য হল অহিংস সমাজ বিপ্লবের মাধ্যমে জরুরি ভিত্তিতে কিছু সামাজিক ও অর্থনৈতিক লক্ষ্যসমূহকে পূরণ করা।

সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রে জাতি-ধর্ম-স্থান নির্বিশেষে প্রত্যেকটি মানুষের আর্থ-সামাজিক ন্যায় এবং মর্যাদা রক্ষার উল্লেখ করা হলেও বারংবার বহু রাষ্ট্রীয় একনায়কের দ্বারা তা লঙ্ঘিত হয়েছে, কিন্তু ভারতীয় সংবিধানে ব্যক্তিকে মৌলিক অধিকাররূপী সাংবিধানিক রক্ষাকবচ প্রদান করা হয়েছে। ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতি রাষ্ট্রকে ইতিবাচক অর্থে কিছু নির্দেশ প্রদান করা হয়েছে, যাতে রাষ্ট্র নাগরিকদের আর্থ-সামাজিক কল্যাণের স্বার্থে উদ্যোগ গ্রহণ করে। যাহোক, ভারতীয় সংবিধান বর্ণিত নির্দেশমূলক নীতিগুলো মৌলিক অধিকারের মতো আদালত দ্বারা কোনোভাবে বলবৎযোগ্য নয়। ভারতীয় সংবিধানের ৩৭নং ধারা অনুযায়ী নির্দেশমূলক নীতিগুলি আদালত দ্বারা বলবৎযোগ্য না হলেও রাষ্ট্রের শাসনকার্য পরিচালনার গতিপথ নির্ণয়ে নির্দেশমূলক নীতিগুলির বিশেষ ভূমিকা রয়েছে এবং রাষ্ট্র সর্বদা আইন প্রণয়নের সময় নির্দেশমূলক নীতির অন্তর্নিহিত ভাবধারাগুলিকে বাস্তবে রূপদান করার চেষ্টা করবে। সুতরাং এটা বলা যায় যে, ভারতীয় সংবিধানে উল্লেখিত নির্দেশমূলক নীতিগুলির মধ্যে রাষ্ট্রের সামাজিক দায়বদ্ধতা লক্ষ্য করা যায়। মানবাধিকার লঙ্ঘনের চরমতম নিদর্শন তথা দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন কোটি কোটি মানুষের মানবাধিকার লঙ্ঘন করা হয়, ভবিষ্যতে এমন কোনো ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে তা সুনিশ্চিত করার স্বার্থে আন্তর্জাতিক উদ্যোগে সর্বজনীন মানবাধিকারের ঘোষণাপত্র পেশ করা হয়। বিশ্বের অন্যান্য রাষ্ট্রের মতো ভাবতেও মানবাধিকার রক্ষা করার স্বার্থে নানা সাংবিধানিক উদ্যোগ গ্রহণ করা হয়। নির্দেশমূলক নীতির ৩৮নং ধারা অনুযায়ী রাষ্ট্র সামাজিক, অর্থনৈতিক ও রাষ্ট্রনৈতিক ন্যায়ের ভিত্তিতে একটি সমাজব্যবস্থা গঠন করে জনগণের কল্যাণে সচেষ্ট হবে। রাষ্ট্র জনগণকে বেকার, বার্ধক্য ও অসুস্থ অবস্থায় সাহায্য করবে (৪১নং ধারা)। রাষ্ট্র পিছিয়ে পড়া অনুন্নত শ্রেণীর মানুষদের অর্থনৈতিক এবং শিক্ষাবিষয়ক স্বার্থের উন্নতিসাধন করবে এবং তাদের যাবতীয় শোষণের হাত থেকে রক্ষা করার মাধ্যমে সামাজিক ন্যায়কে সুনিশ্চিত করবে (৪৬নং ধারা)। তাছাড়া, রাষ্ট্র সকল শ্রেণীর নাগরিকদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার স্বার্থে অবৈতনিক এবং বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করবে। প্রসঙ্গত উল্লেখ্য ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতির ৪৩নং ধারার মাধ্যমে নাগরিকদের কর্মের অধিকারকে সুরক্ষিত করা হয়েছে। নির্দেশমূলক নীতির মাধ্যমে রাষ্ট্রকে প্রসূতিদের কল্যাণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, ভারতের সংবিধানে প্রণেতারা চেয়েছিলেন সরকারের যে দল বা মতের ক্ষেত্রে যা পার্থক্যই থাকুক না কেন, তারা যেন জনগণের কল্যাণে সচেষ্ট হয়। আম্বেদকর গণপরিষদে বলেছিলেন, গণপরিষদ আশা করে যে আইনসভা বা শাসনবিভাগ কেউ এই নির্দেশগুলির প্রতি শুধুমাত্র সহানুভূতি জানিয়ে নিশ্চিন্ত হবে না, দেশ শাসন করার জন্য তারা যে সমস্ত প্রশাসনিক ও আইনগত সিদ্ধান্ত নেবে, তার পিছনে এই নির্দেশমূলক নীতিগুলি অবশ্যই থাকবে। আম্বেদকর নির্দেশমূলক নীতিগুলিকে নির্দেশদানের হাতিয়ার (Instrument of instruction) হিসাবে অভিহিত করেছেন এবং মনে করেছেন ক্ষমতায় যে দলই আসুক তাকে এগুলি মান্য করতে হবে।

3.8 ভারতের সংবিধান এবং মানবাধিকার লঙ্ঘনকারী আইনসমূহ

ভারতীয় সংবিধানের নির্দেশমূলক নীতিগুলির মাধ্যমে মানবাধিকারকে মর্যাদার সহিত স্থান দেওয়া হলেও বাস্তবে বহু ক্ষেত্রে সংবিধানে নাগরিকদের মানবাধিকার রক্ষায় ব্যর্থ হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, সংবিধানের ৩৫২ থেকে ৩৬০নং ধারায় জরুরি অবস্থা ভিত্তিক বিষয়গুলো স্থান পেয়েছে। জরুরি অবস্থার সময় রাষ্ট্রপতি কর্তৃক জারি করা কোনো আইন এবং অর্ডিন্যান্স ভারতের যেকোনো নাগরিকদের মৌলিক অধিকারের উপর আঘাত হানতে পারে। তবে, বাস্তব পক্ষে দেশের নিরাপত্তা বিঘ্নিত হয়েছে কিনা, সেবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন প্রধানমন্ত্রী। সংবিধানের ৩৫৫নং অনুযায়ী কেন্দ্র বৈদেশিক আক্রমণ এবং অভ্যন্তরীণ গোলযোগের হাত থেকে কোনো রাজ্যকে রক্ষা করার জন্য সামরিক ও আধা-সামরিক বাহিনীকে প্রেরণ করতে পারে। তাছাড়া, ৩৫৬নং ধারা অনুসরণ করে কেন্দ্রের সরকার যেকোনো রাজ্যের সরকারকে ক্ষমতাচ্যুত করতে পারে। সুতরাং

একটি স্বৈরতান্ত্রিক মানসিকতার কেন্দ্রের সরকার দেশের নিরাপত্তার অজুহাতে গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত যেকোনো রাজ্যের সরকারকে ক্ষমতাচ্যুত করতে পারে। সত্তরের দশকের জরুরি অবস্থার সময়কার বহু ঘটনা ভারতীয় গণতন্ত্রকে কালিমালিপ্ত করেছিল। জরুরি অবস্থার সময় শাসনবিভাগের উপর ভারতীয় সংবিধানের অভিভাবক বিচারব্যবস্থার কোনোরূপ নিয়ন্ত্রণ থাকে না। তাই, কোনোরূপ নাগরিক অধিকার লঙ্ঘন করা হলেও 'বিচার বিভাগীয় পুনরীক্ষণের' (Judicial review) কোনোরূপ সুযোগ থাকে না। যাহোক, ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ভারত ব্রিটিশদের শাসন মুক্ত হলেও স্বাধীন ভারতের শাসকরা আইনের মারপ্যাঁচের সাহায্য নিয়ে নাগরিকদের মানবাধিকারকে নানাভাবে বন্দী করার ফন্দী করেছিল। ১৯৫০ সালে প্রণীত হয় 'নিবর্তনমূলক আটক আইন' (Preventive Detention Act)। এই নিবর্তনমূলক আটক আইন অনুযায়ী রাষ্ট্রের যেকোন সন্দেহ ভাজন ব্যক্তিকে অনির্দিষ্টকালের জন্য আটক করে রেখে দেওয়ার এক্তিয়ার রয়েছে। ১৯৬২ সালে চীন-ভারত যুদ্ধের সময় 'ভারত সুরক্ষা আইন' (Defence of India Rules) প্রণীত হয়। ১৯৭০-এর দশকে নকশাল বাড়ি আন্দোলনের প্রেক্ষাপটে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর উদ্যোগে আইনসভায় পাশ হয় 'অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা আইন' (Maintenance of Internal Security Act), যার পোশাকি নাম হল 'মিসা'। তৎকালীন সময়ে ক্ষমতাসীন রাজনৈতিক দল বিরোধী পক্ষের কণ্ঠস্বরকে রোধ করতে বহু ক্ষেত্রে এই আইনকে ব্যবহার করেছিল। প্রসঙ্গত উল্লেখ্য, একটি রিপোর্টের প্রতিবেদন অনুযায়ী জরুরি অবস্থার সময় ৩৪,৬৩০ জনকে মিসার গ্রেপ্তার করা হয়েছিল। মিসা আইনের ১৬(ক)নং ধারায় স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছিল যে, রাজনৈতিক বন্দীর ক্ষেত্রে গ্রেপ্তার করার কোনো কারণ দেখানোর প্রয়োজনীয়তা নেই। ভারতের সেনাবাহিনী বহু কঠিন সময়ে ভারতকে রক্ষা করার নিদর্শন স্থাপন করেছে, কিন্তু 'সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন' (Armed Forces 'Special Power' Act) বা 'আফস্পা' বহু ক্ষেত্রে ভারতীয় সেনাবাহিনীর হাতে ব্যাপক ক্ষমতা দান করেছে, যার অনিয়ন্ত্রিত ব্যবহার মানবাধিকারের উপর আঘাত করতে পারে, কিন্তু ভারত যে নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তিপত্রে স্বাক্ষর করেছিল, তার ৯নং ধারায় বলা হয়েছিল কোনো ব্যক্তিকে স্বেচ্ছামূলকভাবে গ্রেপ্তার এবং আটক করা যাবে না। সুতরাং এটা দেখা যায় এই আইনটি ভারতে মানবাধিকারের আদর্শকে লঙ্ঘিত করেছে। অন্যদিকে, 'উপদ্রুত এলাকা আইন (Disturbed Area Act)' পুলিশবাহিনীকে অপ্রতিহত ক্ষমতা দিয়ে রেখেছে। এই আইন অনুযায়ী পুলিশ সন্দেহের বশে নাগরিকদের জীবনের অধিকারকে লঙ্ঘন করতে পারে। এক্ষেত্রে দোষী পুলিশের বিরুদ্ধে আদালতের শরণাপন্ন হওয়ার ইচ্ছা প্রকাশ করলে রাজ্য সরকারের আগাম অনুমতি লাগে। ১৯৮৫ সালে রাজীব গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন সময়ে পার্লামেন্টে Terrorist Disruptive Activities Act বা TADA আইন প্রণীত হয়। এই আইনটি জম্মু ও কাশ্মীরে ব্যাপকভাবে ব্যবহৃত হয়েছে। একটি রিপোর্ট অনুসারে ১৯৮৫ সাল থেকে ১৯৯৩ সালের মধ্যে অন্তত ৫২,৯৯৮ জনকে 'টাডা' আইনে গ্রেপ্তার করা হয়েছিল। এদের মধ্যে মাত্র ৪৪৩ জনকে বিচারের জন্য আদালতে হাজির করা হয়েছিল। সুতরাং এটা দেখা যায় যে, এই মানবাধিকার লঙ্ঘনকারী আইনগুলিকে ব্যবহার করার মাধ্যমে হাজার হাজার মানুষকে বিনা বিচারে আটকে রাখা হয়েছিল। সিদ্ধার্ত গুহ রায়ের মতে, 'টাডা' আইনের সঙ্গে ইংরেজ সরকার প্রণীত রাওলাট আইনের যথেষ্ট সাদৃশ্য পাওয়া যায়। প্রসঙ্গত উল্লেখ্য, রাওলাট আইনের মতো 'টাডা' আইনেও 'বিশেষ আদালত' (Designated Court) গঠনের উল্লেখ ছিল। এই বিশেষ আদালত যেকোনো অভিযুক্ত ব্যক্তিকে মৃত্যুদণ্ডের হুকুম দেওয়ার অধিকারী ছিল। অবশেষে, প্রবল জনমতের চাপে বাধ্য হয়ে ১৯৯৫ সালে কেন্দ্রীয় সরকার এই আইনকে প্রত্যাহার করে। ২০০১ সালে কেন্দ্রে ক্ষমতাসীন এন.ডি.এ. নেতৃত্বাধীন সরকার 'সন্ত্রাসবাদ দমন অর্ডিন্যান্স' (Prevention of Terrorism Ordinance) জারি করে। এই অর্ডিন্যান্সটি ২০০২ সালের মার্চ মাসে পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠতা লাভের মাধ্যমে Prevention of Terrorism Act বা 'পোটা'-র রূপ পরিগ্রহ করে। এই আইনটি পুলিশের হাতে ব্যাপক ক্ষমতা অর্পণ করেছিল। প্রসঙ্গত উল্লেখ্য, কেন্দ্রের সরকারই বারংবার ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে রাজ্যগুলিকে অবমাননা করছে, এমন দাবি কিছু রাজ্যের রাজনৈতিক দলগুলি করলেও এই দাবির মধ্যে সত্যতা নেই।

রাজ্যগুলিও মানবাধিকার লঙ্ঘনের মতো ঘটনার জন্য সমানভাবে দায়ী। 'পোটা' আইনের অনুকরণে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার 'সংগঠিত অপরাধ দমন আইন' (Prevention of Organised Crime Act) নামক একটি অগণতান্ত্রিক নাগরিক অধিকার লঙ্ঘনকারী আইন প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করেছিল। ২০০৪ সালে ইউ.পি.এ. ক্ষমতায় এসে 'পোটা' আইন বাতিল করে। এই আইনটির পরিবর্তে নিয়ে আসা হয় 'বেআইনি কার্যকলাপ নিরোধক আইন' বা Unlawful Activities (Prevention) Amendment Act (UAPA)। ২০০৮ সালের মুম্বাইতে সন্ত্রাসবাদী হামলার প্রেক্ষাপটে এই আইনটিকে কঠোরতম রূপ দেওয়া হয় এবং জাতীয় তদন্ত আইনটিকেও (National Investing Agency Act) শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। সাম্প্রতিককালে মানবাধিকার বিষয়ে কেন্দ্র এবং রাজ্যের সরকারগুলির গতিবিধির ফলে এটা স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে যে, ভারতে নাগরিকদের মানবাধিকারকে রাষ্ট্রীয় আইনের কালো মেঘ মেঘাচ্ছন্ন করে তুলেছে। স্বাধীন ভারতের রাজনৈতিক ইতিহাসে জরুরি অবস্থা এক কলঙ্কজনক অধ্যায় হিসাবে রয়ে গেছে। বিগত কয়েক দশকে ভারতে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা যেভাবে সামনে এসেছে, তাতে মানবাধিকারের প্রতি রাষ্ট্রীয় দায়বদ্ধতার স্বরূপ প্রকাশিত হয়েছে। মানবাধিকার সংগঠনগুলি নাগরিকদের মানবাধিকার রক্ষার্থে সংগ্রাম করলেও ভারতের রাজনৈতিক দলগুলি সম্মিলিতভাবে তাদের কণ্ঠস্বরকে নানা কৌশলে রোধ করার চেষ্টা করছে।

3.9 উপসংহার

মানবাধিকারের যে ধারণা সমগ্র দুনিয়া জুড়ে প্রচার করা হচ্ছে, তা একটি সম্পূর্ণরূপে পশ্চিমী ধারণা। পশ্চিমের সামাজিক কাঠামোর মধ্যে মানবাধিকারকে যেভাবে বাস্তবায়িত করা সম্ভব, সমআকারে তৃতীয় বিশ্বের দেশগুলিতে তা বাস্তবায়িত করা সম্ভব নয়। মানবাধিকারের বাস্তবায়নের স্বার্থে পশ্চিমী বিশ্বের দেশগুলি নানাবিধ মানবিক হস্তক্ষেপের (humanitarian intervention) অজুহাতে সাম্রাজ্যবাদের প্রসার ঘটিয়ে চলেছে। প্রকৃতপক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রের মতো রাষ্ট্রগুলি বহু রাষ্ট্রের সরকারকে মানবাধিকার ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে সেই দেশগুলিতে নিজ প্রাধান্য প্রতিষ্ঠা করতে চায়। প্রসঙ্গত উল্লেখ্য, তৃতীয় বিশ্বের দেশগুলিতে সর্বজনীন মানবাধিকারের ধারণার বাস্তবায়ন ঘটাতে হলে প্রথমেই অশিক্ষা এবং দারিদ্রতার হারকে নূন্যতম করতে হবে। ভারতে মানবাধিকারকে প্রাতিষ্ঠানিকভাবে স্বীকৃতি দিলেও সামাজিকভাবে মানবাধিকারের ধারণা আশানুরূপ সাফল্য পায়নি। মানবাধিকার বাস্তবায়নের প্রতি সরকারের অনীহা, কর্তৃত্ববাদী মানসিকতা, জনগণের অসচেতনতা মানবাধিকারের ধারণাকে সামগ্রিকভাবে সফল হওয়ার পথে বাধা সৃষ্টি করেছে। সাংবিধানিক কাঠামোর মাধ্যমে মানবাধিকারকে স্বীকৃতি দেওয়া হলেও ভারতে মানবাধিকারের বাস্তবায়নের পথে বহু অন্তরায় রয়েছে।

UNESCO and UNICEF on “India case study: Situation Analysis on the Effects of and Responses to Covid-19 on the Education Sector in Asia” has referred to Oxfam India and laid down that ‘children studying in government schools were hit particularly hard, with more than 80 per cent of government school students in Odisha, Bihar, Jharkhand, Chhattisgarh and Uttar Pradesh not receiving any educational materials during the lockdown.’ Further, the report also states, on the basis of survey across 18 states, that ‘46 per cent of migrant children have discontinued their education due to COVID-19, but this is an incomplete picture – at national level there is a big data gap on child migrants and their needs which hampers better planning.’ Therefore, in the wake of the pandemic, the role of the NHRC and SHRCs as laid down in the Protection of Human Rights Act, has assumed renewed significance. Some of the initiatives taken by the law division of the NHRC during Covid-19 were: Human Rights Covid-19 advisory to State Government in alignment with WHO/M/o Health and Family Welfare and ICMR guidelines, creation of new incident categories in different nature of Complaints for Violation of Human Rights related to Covid-19, complaints received online and registration of cases while working from home and important role played by Focal Point for Coordinator with State functionaries redressal of grievance during the pandemic.

However, the act has its own loopholes. The act, in chapter VIII, provision 38, provides the following: “No suit or other legal proceeding shall lie against the Central Government, State Government, Commission, the State Commission or any Member thereof or any person acting under the direction either of the Central Government, State Government, Commission or the State Commission in respect of anything which is in good faith done or intended to be done in pursuance of this Act or of any rules or any order made thereunder or in respect of the publication by or under the authority of the Central Government, State Government, Commission or the State Commission of any report, paper or proceedings.” Thus, anything done during the pandemic is difficult to be taken into cognizance keeping in mind that it was done in ‘good faith’ for the public.

However, the Supreme Court in June, 2020 allowed the NHRC to intervene in cases regarding the miseries of the migrant workers caused by the nationwide lockdown. The NHRC, as reported by the Times of India on June 5, 2020, ‘in its intervention plea filed through Deputy Registrar Sunil Arora, gave “short term and long term measures” for consideration of the apex court in order to alleviate the plight of the migrant workers and to ensure that their human rights are not violated.’ According to Article 1 of the Universal Declaration of Human Rights (UDHR), ‘all human beings are born free and equal in dignity and rights.’ This core principle needs to be implemented anew through the work of the National Human Rights Commission and the State Human Rights Commissions today as laid down in the Protection of Human Rights Act, 1993. Therefore, the significance of the Human Rights Act has assumed new levels today, more so as it draws its inspiration from International Human Rights instruments and the Paris

Principles, one of the major goals of which, apart from implementing human rights without any discrimination, is to promote the harmonization of national laws with International Human Rights Law and ensure their effective implementation.

4.7 Summing Up

- The inspirational impact of the UDHR and/or international human rights law has always been a dominant theme in the mainstream literature on post-World War II constitutions, including post-colonial constitutions like the Indian one.
- India played a significant role in the drafting process of the 1948 Universal Declaration of Human Rights (UDHR) and has indigenised International Human Rights laws and conventions in her own unique way since independence.
- Indian courts have remained optimistic about applying international human rights norms in the domestic jurisdiction, like the UDHR, ICCPR, ICESCR, CEDAW, UNCRC and UNCAT.
- There are a number of human and fundamental rights laid down in the Constitution of India which resonate with the rights laid down in the framework of International Human Rights Law.
- The 1970s and 1980's were characterised by a plethora of events which not only caused upheavals in the Indian state and society but led to an imminent need of a formal human rights framework in India, in which context, the Protection of Human Rights Act of 1993 came into existence.
- The protection of Human Rights Act, 1993 provides for the establishment, composition, powers and functions of the National Human Rights Commission (NHRC), the State Human Rights Commissions (SHRCs) and Human Rights Courts and Special Investigation Teams.
- The act has been implemented in dynamic ways and several cases are there which exemplify on the one hand the commendable efforts by the National Human Rights Commission in effectively restoring the human rights of people since the inception of the Act.
- The Indian Judiciary has played an instrumental role in upholding Human Rights and in implementing the Act all over India.
- However, several challenges have been faced while implementing the Act fully and the NHRC and the Indian judiciary have their own shares of successes and failures in implementing the Act in an egalitarian and free manner.
- The global pandemic which exposed the challenges faced by most countries in abiding by their human rights obligations in an egalitarian manner, has led to new challenges in the widespread implementation of the Protection of Human Rights Act of 1993.

- Therefore, the significance of the Human Rights Act has assumed new levels today, more so as it draws its inspiration from International Human Rights instruments and the Paris Principles. The need of the hour is to implement the act in a wide, egalitarian manner irrespective of caste, class, citizenship, gender, and other parameters.

4.8 Self-Assessment questions

Now that you have read this Unit, please go through the following questions, and find out how many of them can be answered by you. If you see that you have been able to answer less than 50% of them, please go back again to the top, to the relevant portion of this Unit, and read again carefully. In case, you have any queries or if you require any clarification on this Unit, please ask your teacher during the PCP (Personal Contact Programme).

a) Write a detailed note on Human Rights as provided in the Constitution of India.

b) Critically discuss Human Rights and the role of the Indian judiciary in India.

c) Briefly enumerate the background which led to the birth of the Protection of Human Rights Act, 1993.

d) What are the main features of the Protection of Human Rights Act, 1993?

e) In what ways has Protection of Human Rights Act 1993 been implemented? Are there challenges in its free and fair implementation? If yes, then discuss in details.

f) In what ways do you think the Protection of Human Rights Act of 1993 has assumed renewed significance after Covid-19 in India?

4.9 Suggested Readings

a) Baxi, U. (2008). *The Future of Human Rights*. Oxford University Press. https://doi.org/10.4324/9780367178604

b) Baxi, U. (2010). Towards understanding the diplomacy of human rights: A review essay. *Indian Journal of International Law*, 50(1), 1–12.

c) Chakrabarti, D. (2011). The Human Rights Movement in India: In Search of a Realistic Approach. *Economic and Political Weekly*, *46*(47), 33–40.

d) Donnelly, J. (2013). *Universal Human Rights in Theory and Practice*. Cornell University Press.

e) Gostin, L. O., Friedman, E. A., Hossain, S., Mukherjee, J., Zia-Zarifi, S., Clinton, C., Rugege, U., Buss, P., Were, M., Dhai, A. (2023). Human rights and the Covid-19 pandemic: a retrospective and prospective analysis. *Lancet,* 401, 154–68.

f) Juss, S. (Ed.). (2019). *Human Rights in India*. Routledge. https://doi.org/10.4324/9780367178604

g) Kaur, A. (2017). Protection of Human Rights in India: A Review. *Jamia Law Journal*, 2, 22-39.

h) Nariman, F. S. (2013). FIFTY YEARS OF HUMAN RIGHTS PROTECTION IN INDIA - THE RECORD OF 50 YEARS OF CONSTITUTIONAL PRACTICE. *National Law School of India Review*, 13–26.

i) Ray, A.K. (2003). Human Rights Movement in India: A Historical Perspective. *Economic and Political Weekly*, 38 (32), 3409-3415.

j) Sripati, V. (2000). India's National Human Rights Commission: A Shackled Commission?. *Boston University International Law Journal*, 18 (1), 1-46.

k) The Protection of Human Rights Act, 1993 (Act No. 10 of 1994)

l) The Protection of Human Rights Act, 1993 [As amended by the Protection of Human Rights (Amendment) Act, 2019, No. 19 of 2019 w.e.f. 2-8-2019 vide Notification No. S. O. 2756 (E)dt. 1-8-2019]

Unit-5

মানবাধিকার: বিষয়সমূহ ও প্রতিবন্ধকতা—জ্ঞাত, আদিবাসী, সংখ্যালঘু, নারী, এলজিবিটি এবং সন্ত্রাসবাদ (Human Rights : Issues and Challenges—Caste, Tribe, Minorities and Women, LGBT, Terrorism)

বিষয়সূচি :

5.1 উদ্দেশ্য

5.2 ভূমিকা

5.3 ভারতীয় প্রেক্ষিত মানবাধিকার: বিষয় ও প্রতিবন্ধকতা

5.3.1 ধারণা

5.3.2 ভারতীয় প্রেক্ষিত

5.3.3 সারসংক্ষিপ্ত

5.4 জাত ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.4.1 জাত ও ধারণা

5.4.2 প্রতিবন্ধকতা সমূহ

5.4.3 সারসংক্ষিপ্ত

5.5 আদিবাসী ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.5.1 ধারণা

5.5.2 প্রতিবন্ধকতা সমূহ

5.5.3 সারসংক্ষিপ্ত

5.6 আদিবাসী ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.6.1 ভারতীয় সংখ্যালঘু: ধারণা

5.6.2 প্রতিবন্ধকতা

5.6.3 সারসংক্ষিপ্ত

5.7 নারী ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.7.1 সারসংক্ষেপ

5.8 এলজিবিটি ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.8.1 এলজিবিটি: ধারণা

5.8.2 প্রতিবন্ধকতা

5.9 সন্ত্রাসবাদ ও মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.10 আত্মমূল্যায়ণ প্রশ্ন

5.11 সহায়ক পাঠ্য তালিকা

5.1 উদ্দেশ্য

এই অধ্যায়টি পাঠের মাধ্যমে জানা যাবে—

- ভারতীয় প্রেক্ষাপটে মানবাধিকার এর বিষয়গুলি কি এবং এর প্রতিবন্ধকতাগুলো কি?
- জাত, আদিবাসী, সংখ্যালঘু, নারী, এলজিবিটি এবং সন্ত্রাসবাদ—এই বিষয়গুলি কি ভাবে ভারতীয় প্রেক্ষিত মানবাধিকারের বিষয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে তার বিভিন্ন নজির সহ ত্বাত্তিক ব্যাখ্যা।

5.2 ভূমিকা

'মানবাধিকার' কথাটি দুটি শব্দের সন্ধি, যথা মানব + অধিকার = মানবাধিকার। অর্থাৎ মানুষের অধিকার। ১৯৪৮ সালের ১০ই ডিসেম্বর সম্মিলিত জাতিসংঙ্ঘ প্রথম আইনি অর্থে সারা বিশ্বের সমস্ত মানুষের জন্য একটি অধিকারের সনদ ঘোষণা করে যা—বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণা নামে পরিচিত। এটি প্রথম একটি বিশ্বজনীন আইনী অধিকার সংক্রাত ধারণা। বিশ্বের সকল মানুষের জন্য যে মানবাধিকারগুলি ঘোষণা হয়েছে তা ভারতের মত দেশে জাত, আদিবাসী, সংখ্যালঘু, নারী, এলজিবিটি এবং সন্ত্রাসবাদ-এর মত বিষয়গুলি দ্বারা প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছে যার যথা সম্ভব বিস্তারিত আলোচনা করা হয়েছে। প্রসঙ্গক্রমে ভারতীয় প্রেক্ষাপটে জাত, আদিবাসী, সংখ্যালঘু, নারী, এলজিবিটি এবং সন্ত্রাসবাদীদের ধারণা কি তাও আলোচনা করা হয়েছে এবং আলোচনায় দেখানো হয়েছে ধারণাগত ভাবেই ভারতীয় নাগরিকদের মধ্যে প্রথম থেকেই একাধিক অসমতা সৃষ্টি হয়েছে এবং সেই সূত্রেই বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণা সকল ভারতীয়দের মানবাধিকার হয়ে উঠতে পারেনি।

5.3 ভারতীয় প্রেক্ষিতে মানবাধিকার: বিষয় ও প্রতিবন্ধকতা

5.3.1 মানবাধিকার: ধারণা

মানবাধিকার এর সুস্পষ্ট এবং বস্তুনিষ্ঠ ধারণা পাওয়া যায় সম্মিলিত জাতিসংঙ্ঘ সহ একাধিক আন্তর্জাতিক এবং জাতীয় সনদে। মানবাধিকার কাকে বলে (?) এই প্রশ্নের উত্তর হিসেবে প্রচলিত অর্থে সংজ্ঞা খোঁজা বা দেওয়া এঁড়িয়ে গিয়ে, এর বৈশিষ্ট্যগুলি আলোচনার মাধ্যমে বিষয়টিকে বোঝা সুবিধাজনক। এই প্রসঙ্গে বলা হয়ে থাকে মানবাধিকার যতটা না কোন সাধারণ বিবৃতি বা ব্যাখ্যা তার থেকে বেশী কতগুলি সুনিষ্ট অধিকারের ধারাবাহিক তালিকা। টমাস পোগগী'র মতানুসারে—মানবাধিকার অনেক বেশী নথীভিত্তিক দপ্তরীয় ধারণা (অফিসিয়াল সেন্স)। ১৯৪৮ সালের ১০ই ডিসেম্বর সম্মিলিত জাতিসংঙ্ঘ 'ইউনিভার্স্যাল ডিকলারেশন অফ হিউম্যান রাইটস' শীর্ষক ঘোষণাপত্র সারা বিশ্বের মানুষের জন্য যে অধিকার সমূহ ঘোষণা করে আইনীভাবে তাই মানবাধিকার হিসেবে যথাযত অর্থবহ ধারণা। সেই সূত্রে উক্ত ঘোষণাপত্রের ১, ২ এবং ৩নং ধারা অনুসারে মানবাধিকার ধারণা হল—

বিশ্বের সমস্ত মানুষের অধিকার। বিশ্বের যে কোন জায়গায়; স্বাধীন হোক বা অছিভুক্ত হোক বা অস্থায়ত্বশাসিত কিংবা সার্বভৌমত্বের অন্য কোন সীমাবদ্ধতা সম্পন্ন হোক—এমন যে কোন দেশ বা ভূখণ্ডে জন্মগ্রহণকারী সমস্ত মানুষ; গোত্র, বর্ণ, লিঙ্গ, ভাষা, ধর্ম, শিক্ষা, রাজনৈতিক মতবাদ, জাতীয় বা সামাজিক উৎপত্তি, ধন-সম্পদ-দারিদ্রতা বা অন্য কোন মর্যাদা নির্বিশেষে প্রত্যেকেরই সমান স্বাধীনতা, মর্যাদা, অধিকার এবং জীবনের নিশ্চয়তা আছে এবং থাকবে।

এছাড়াও ঘোষণা পত্রের পরবর্তী ৪নং ধারা থেকে শেষ ৩০নং ধারা সমূহ এই প্রথম তিনটি ধারার অধিকার সমূহের আনুসঙ্গিক বিস্তৃত বিধি ব্যবস্থার খুঁটিনাটি হিসেবে বর্ণিত, ঘোষিত এবং রক্ষিত হয়েছে। ঘোষণাপত্রের প্রস্তাবনা অনুসারে—সম্মিলিত জাতিসংঙ্ঘের সদস্যরাষ্ট্র সমূহ মানবাধিকার পালনের লক্ষ্যে অঙ্গীকারবদ্ধ। এই সূত্রে বলা যায় তত্ত্বগত ভাবে মানবাধিকার যথেষ্ট শক্তিশালী আইনী রক্ষাকবজ সম্পন্ন এবং সংরক্ষিত অধিকারের ধারণা।

5.3.2 ভারতীয় প্রেক্ষিতে মানবাধিকার: বিষয় ও প্রতিবন্ধকতার ভিত্তি

বিশ্বজনীন উদ্যোগের সাথে সম্মত হয়ে ১৯৯৩ সালে ভারতে 'দি প্রোটেকশন অফ হিউম্যান রাইটস অ্যাক্ট' পাশ করা হয় এবং মানবাধিকার রক্ষায় রাষ্ট্রীয় পরিকাঠামো জাতীয় এবং রাজ্য স্তরে মানবাধিকার কমিশন গঠন করা হয়। উক্ত আইনের ২(ডি) ধারা অনুসারে মানবাধিকারের অর্থ হিসেবে বলা হয়েছে—মানবাধিকার হল ভারতীয় সংবিধান, আন্তর্জাতিক সনদ এবং ভারতীয় আদালত কর্তৃক স্বীকৃত বলবৎযোগ্য সেই সমস্ত অধিকার যা ব্যক্তির জীবন, স্বাধীনতা, সাম্য এবং মর্যাদা সম্পর্কিত। এছাড়াও এটা তত্ত্বগত ভাবে সত্য যে ঘোষিত ভাবে মানবাধিকার সংক্রান্ত আইন এবং সাংগঠনিক ব্যবস্থা ১৯৯৩ সালে ঘোষিত হলেও, ভারতে মানবাধিকারের মূল কথা এবং ভাব অনেক আগেই ভারতীয় সংবিধানে নাগরিকদের মৌলিক অধিকার ঘোষিত হয়েছিল কার্যকর এবং যথাযথ ভাবে হয়তো ঘোষিত ভাবে মানবাধিকার কথাটাই উহ্য থেকেছে। ১৯৪৮ সালের ঘোষণায় যা রয়েছে ব্যাখ্যান্তরে ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারে তাই পাওয়া যায়। সেই দিক থেকে মানবাধিকার রক্ষায় ভারত প্রথম থেকেই আইনী অর্থে প্রস্তুত অথবা বলা ভালো প্রতিশ্রুতি বদ্ধ।

কিন্তু ভারত এরকম একটি দেশ যেখানে বহুবৈচিত্র্যময় মানুষের বাস, যাদের ভাষা, খাদ্যাভাস, সংস্কৃতি, দৈহিক গঠন, গায়ের রং, ধর্মীয় বিশ্বাস এবং জন্মগত ইতিবিত্তির ধারণা খুবই জটিল, বিচিত্র এবং তাকে কেন্দ্র করে প্রেক্ষিতে প্রেক্ষিতে দ্বন্দ্ব, বিরোধ এবং বৈষম্য দেখা দেয়। যা ঐতিহাসিক কাল থেকে বর্তমান সময় পর্যন্ত ভারতীয় সমাজের একটি বৈশিষ্ট্য। এই বৈচিত্র্য সমূহ সমতাজাতীয়তা বোধের বিপরীতে ভিন্নতা এতটাই বহন করে আনে যে, ব্যক্তির পরিচয় তার ভাষা, নৃগোষ্ঠীগত পরিচিত, ধর্ম দ্বারা নির্ধারিত হয় এবং এই সবের ভিত্তিতে উঁচুনীচু অবস্থান ও মর্যাদা, আধিপত্য এবং অধীনস্তের বিভাজন দেখা দেয়। এই ধরনের বিভাজনের কয়েকটি পরিমাপক হল—জাত, নৃগোষ্ঠী পরিচিত, আদিবাসী সত্ত্বা, সংখ্যালঘু বোধ এবং লিঙ্গগত কারণে নারী-পুরুষ বিভাজন, যৌনতা মুখীনতা থেকে এলজিবিটি গোষ্ঠী এবং ভারতীয় প্রেক্ষিত সন্ত্রাসবাদ; এই বিষয়গুলি মানবাধিকার ঘোষণার পথে হাজার রকম প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। কারণ বিস্তারিত আলোচনায় আমরা দেখতে পাবো এই বোধগুলি ভারতের সব মানুষকে সমান মূল্য বা মর্যাদা, অধিকার দেয়নি যা মানবাধিকারের বিপরীত।

5.3.3 সারসংক্ষেপ

- ভারত অঘোষিত এবং ঘোষিতভাবেই প্রথম থেকেই মানবাধিকার রক্ষার বিষয়ে সাংবিধানিক এবং আইনীভাবে প্রতিশ্রুতি বদ্ধ।
- আইনীভাবে সকল ভারতীয়ই সম মর্যাদা এবং অধিকারের অধিকারী কিন্তু ভারতীয় সমাজের বৈচিত্র্যময় জনগোষ্ঠী পরিচিত সত্ত্বা সকল নাগরিকের মধ্যে সমতা আনতে পারেনি। সেই সূত্রে মানবাধিকার সকল ভারতবাসীর মানবাধিকার হয়ে উঠতে পারে নি।

5.4 জাত ও মানবাধিকার

5.4.1 জাত: ধারণা

'কাস্ট' একটি ইংরেজি শব্দ যার উৎপত্তি স্পেনিস ভাষা 'কাস্টা' থেকে—এর অর্থ বংশগতি বা জন্মের একই উৎসগত গোষ্ঠী। ভারতীয় পরিভাষায় এই কাস্টকে আমরা জাত বলে থাকি। খুব সহজ করে বললে জাত হচ্ছে—জন্মসূত্রে পাওয়া একটি গোষ্ঠীগত পরিচয়। অর্থাৎ কোন একজন ব্যক্তি কোন নির্দিষ্ট মর্যাদা সম্পন্ন গোষ্ঠীর সদস্য হিসেবে জন্মগ্রহণ করেছে তা তার জাতগত পরিচিতি নির্দিষ্ট করবে; উপরের দিকের কোন সুবিধাভোগী জাতে জন্ম না কি বৈষম্যের শিকার হওয়ার নীচের দিকে জাত-গোষ্ঠীর তার পরিচয় বহন করবে সে। জাত সমাজ ব্যবস্থার একটি স্থায়ী সাংগঠনিক কাঠামো বা সামাজিক শ্রেণী ও গোষ্ঠীর বিভাজন। অনেকের মতে 'জাত' মানব সমাজের একটি স্থায়ী সাংগঠনিক কাঠামো। যদিও অনেকেই খুব জোরের সঙ্গেই বলে থাকেন জাত বিভাজন বা তার ব্যবস্থা সম্পূর্ণভাবে একটি ভারতীয় বিষয়। কিন্তু বাস্তবে তা সঠিক নয়, জি.এস. ঘুরের মতে—জন্মসূত্রে পার্থক্য বহু আদিবাসী সমাজে এবং প্রায় প্রতিটি প্রাচীন সভ্যতায় পরিলক্ষিত হয়। ভারত ছাড়াও জন্মসূত্রে বংশ পরম্পরায় পেশা নির্ধারণ এবং নির্দিষ্ট সামাজিক-অর্থনৈতিক-রাজনৈতিক মর্যাদাভুক্ত হওয়ার ঘটনা প্রাচীন মিশর, পারস্য, চীন, ব্রহ্মদেশ, জাপান এবং আফ্রিকাতেও পাওয়া যায়। তবে ভারতের মত জটিল, কঠোর এবং স্থায়ী বদ্ধজাত ব্যবস্থা অন্য কোথাও পাওয়া যায় না। আধুনিক ভারতেও একজন ভারতীয় তার অর্থনৈতিক অবস্থা বা পেশাগত অবস্থা এমনকি ধর্মীয় পরিচয়ের পরিবর্তন করতে পারে কিন্তু কোন ভাবেই যে তার জাতের পরিবর্তন করতে পারে না। তথ্য অনুযায়ী ভারতে প্রায় তিন হাজার জাত এবং পঁচিশ হাজার উপ-জাত বা সাব-কাস্ট রয়েছে। বৈদিক সময় থেকেই জাত ব্যবস্থার প্রাধান্য এবং আধিপত্য ভারতীয় সমাজে সামাজিক সংস্কার হিসেবে বর্তমান রয়েছে। একবিংশ শতকের ভারতীয় সমাজে 'জাত' খুব শক্তিশালী বাধ্যবাধকতা বজায় রেখেছে; সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষমতায়নে জাত এখানো শক্তিশালী নির্ণয়ক ভূমিকা পালন করে। একজন প্রাপ্ত বয়স্ক পেশাদার নারী-পুরুষের বিবাহ নির্ধারণেও জাতে বৈষাম্য বিচার করা এখনো ভারতীয় বিজ্ঞাপনের একটি বড় জায়গা। জাত ভিত্তিক রাজনৈতিক এবং নির্বাচক মণ্ডলী এখনো ভারতীয় রাজনীতির একটি প্রভাবশালী উপাদান।

জাত-এর কোন সুনির্দিষ্ট সংজ্ঞা পাওয়া মুস্কিল, কারণ এ বিষয়ে সর্বজনগ্রাহ্য সংজ্ঞার অভাব রয়েছে, অনেকেই অনেক রকম ব্যাখ্যা দিয়েছেন। ডি.এন. প্রসাদের মতে—জাত এমন এক ধরনের বোধজম্য-বাস্তবতা (ফেনোমেনোন) যা নিদান দেয়—কোন একজন ব্যক্তির গুণ, মেধা, যোগ্যতা অথবা তার অযোগ্যতার পরিমাপ বা বিচার হবে তার জন্মগত গোষ্ঠীর সামাজিক অবস্থান এবং স্তর বিবেচনা করে। স্বাধীনতা সংগ্রামী কাকা কালেলকর এর মতে, জাত হচ্ছে এক ধরনের অন্ধতা এবং চূড়ান্ত গোষ্ঠীগত আনুগত্য যা স্বাস্থ্যকর সামাজিক ন্যায়, স্বাধীনতা, সাম্য এবং সার্বজনীন ভ্রাতৃত্ববোধকে অস্বীকার এবং অবজ্ঞা করে।

প্রাচীন ভারতের বৈদিক এবং বৈদিক উত্তর সময় থেকেই জাত হচ্ছে—কোন ব্যক্তির পেশা, যোগ্যতা, মর্যাদা নির্ণয়ের একটি মাত্রা, যদিও অনেকের মতেই এখন তা যথেষ্ট শিথিল। যদিও জাতকে কেন্দ্র করে দলিল রাজনীতি, সাহিত্য এবং দর্শন এখন ভারতীয় রাজনীতি-সমাজ এবং শিক্ষার একটি গুরুত্বপূর্ণ জায়গা নিয়েছে। এখনো প্রায় প্রত্যেক ভারতীয়ই নিজের সামাজিক পরিচয় দিতে গিয়ে কোন না কোন একটি জাতগত পরিচয় দিয়েই থাকে, পারিবারিক এবং ধর্মীয় আচার অনুষ্ঠানে, এমনকি কর্মস্থলেও অন্তরঙ্গ আলোচনা বা দাবীদাবা পেশের ক্ষেত্রেও। এই ক্ষেত্রে কেউ কেউ খুব সীমিত সংখ্যক লোক স্বেচ্ছায় নিজের জাত পরিচিতি প্রকাশে অথবা জাত ব্যবস্থাকে বৈষম্যমূলক বলে নিজেকে জাতপরিচিতির ঊর্ধ্বে রাখার চেষ্টা করে নানান রাজনৈতিক-সাংস্কৃতিক কর্মকান্ড গ্রহণের মাধ্যমে যা জাত ব্যবস্থার নিয়মগুলি থেকে ভেঙ্গে বেড়িয়ে আসে। এক্ষেত্রেও সেই সমস্ত মানুষের কর্মকান্ডও অন্যেক কাজ জাত-এর বিরুদ্ধে রাজনৈতিক কর্মসূচী হিসেবেই গণ্য হয়, তাদের কর্মকান্ডও জাত

সংক্রান্ত দৃষ্টিভঙ্গীর আলোকেই বিচার বিবেচনা হয়ে থাকে। বাস্তবে জাত পরিচিতি একজন ভারতীয়ের রাজনৈতিক-সামাজিক-অর্থনৈতিক অধিকার ভোগে কখনো সুবিধাজনক অথবা অসুবিধাজনক অবস্থান নির্ধারণ করে দেয়। জাত-এর ধারণা এবং প্রভাব ভারতীয় রাজনীতি-সমাজের একটি মৌলিক বৈশিষ্ট্য। ভারতে মূলত—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং তার নীচে অসংখ্য জাতের কথা বলা হয় যারা একত্রে চন্ডাল নামে পরিচিত।

5.4.2 প্রতিবন্ধকতা সমূহ

আমরা ইতিমধ্যেই আলোচ্য অধ্যায়ের প্রথমেই জেনেছি মানবাধিকারের সনদ বিশ্বের সকল মানুষকেই সমান মর্যাদা, অধিকার এবং স্বাধীনতা প্রদান করেছে। অথচ প্রাথমিক ভাবে আমার জাত-এর ধারণা বিশেষত ভারতীয় প্রেক্ষাপট জাত এবং তাকে কেন্দ্র করে যে আলোচনার ইঙ্গিত পেয়েছি আগের অংশে তাতে বোঝা যাচ্ছে সমস্ত মানুষের জন্য সমান মর্যাদা, অধিকার এবং স্বাধীনতার প্রতিশ্রুতি দিয়ে যে মানবাধিকার ঘোষিত হয়েছে তার সাথে মিলছে না। এই বিষয়ে আরো পরিষ্কার আলোচনার সুবিধার্থে আমরা জাত-এর ধারণা এবং তার প্রভাবিত ব্যবস্থা ভারতীয় সমাজে কি ভাবে কাজ করে তার বিভিন্ন বিষয় তুলে ধরে বোঝার চেষ্টা করবো।

ভারতে মূলত—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এবং তার ননীচে অসংখ্য জাতের কথা বলা হয় যারা একত্রে চণ্ডাল নামে পরিচিত। প্রাথমিক ভাবে ভারতীয় জাত ব্যবস্থা অনুযায়ী—ব্রাহ্মণ এর স্থান সবার উপরে ব্রাহ্মণ এবং মূলত শিক্ষাচর্চা, শিক্ষাদান, পূজাপাঠের পৌরহিত্য এবং দানগ্রহণ করবে। দ্বিতীয় স্থানে ক্ষত্রিয়; এরা পড়াশোনা করবে, পূজা-আর্চা করবে, অস্ত্রধারণ, যুদ্ধ এবং রাজনীতিতে অংশ নেবে। জীবিকার্জনে প্রাণীদের রক্ষণাবেক্ষণ করবে। তৃতীয় স্থানে—বৈশ্য; এরাও পড়াশোনা করবে, কিন্তু মূলত কৃষিকাজ, ব্যবসাবাণিজ্য এবং পশুপালন করবে। উল্লেখ্য এই তিনটি শ্রেণীর জাতভূক্তরা দ্বিজ নামে পরিচিত হবে, কারণ উপনয়নের মাধ্যমে এদের দ্বিতীয় জীবন শুরু হয় গুরুগৃহ থেকে। এবং চতুর্থ বর্ণাশ্রম অনুসারে জাতের শেষ স্থানে থাকবে শূদ্র; এরা মূলত আগের তিনটি জাতের মানুষের সেবা-শুশ্রুষা করবে। এর পড়াশোনা, বেদপাঠ করতে পারবে না। এছাড়াও এই চতুর্বর্ণের বাহিরে অজস্র জাত রয়েছে যাদের একত্রে চন্ডাল বলে হয়ে থাকে এবং শূদ্রেও নীচে গণ্য হতো।

জাত পরিচিতি বংশানুক্রমিক : যে ব্যক্তি যে জাত-গোষ্ঠীতে জন্ম নেবে সারা জীবন সে সেই জাতের সদস্য হিসেবেই পরিচিতি পাবে। যেমন ব্রাহ্মণের সন্তান ব্রাহ্মণ এবং মুচির সন্তান মুচি। যেহেতু ভারতীয় সমাজে জাত এবং বর্ণ ব্যবস্থা সমাজ দীর্ঘদিনের প্রচলিত প্রথা সংস্কার যা ব্যক্তির সামাজিক মর্যাদা নির্ধারণ করে ফলে জন্মগত কারণে কোন ব্যক্তি উঁচু বা নীচু জাতের সদস্য হিসেবেই পরিচিতি লাভ করে। যদিও ভারতীয় সংবিধানের মৌলিক অধিকারের ১৫নং ধারা অনুসারে বলা হয়েছে রাষ্ট্র ধর্ম, বর্ণ, জাত, লিঙ্গ অথবা জন্মস্থানের ভিত্তিতে কোন নাগরিকের প্রতি কোন বৈষাম্য মূলক আচরণ করবে না। এটা রাষ্ট্রের তরফে একটি আইনি দিক, কিন্তু ভারতীয় সমাজে জাত দ্বারা প্রত্যেকের সামাজিক মর্যাদাগত অবস্থান নির্ধারণ হয়, নিয়মিত সংবাদমাধ্যমের জাত বৈষম্যের বিভিন্ন ঘটনা প্রতিবেদন সামনে আসে। যদিও মানবাধিকারের সনদের ১ ও ২নং ধারা অনুসারে জন্মগত কারণে কোন মানুষের মর্যাদায় বৈষম্য করা যাবে না। অথচ জাত ব্যবস্থা বৈশিষ্ট্য গতভাবেই জন্মকে একজন ব্যক্তির সামাজিক মর্যাদার ভিত্তি নির্মাণ করছে। এক্ষেত্রে এটি একটি নজরি যার মাধ্যমে সার্বজনীন মানবাধিকারের ধারণা প্রতিবন্ধকতার সম্মুখীন হয়।

অন্তর্বিবাহ ব্যবস্থা : জাত ব্যবস্থা অনুযায়ী বিবাহ বন্ধন নিজ নিজ জাতের মধ্যেই সীমাবদ্ধ ছিল। সাধারণত এক জাতের সঙ্গে অন্য জাতের সদস্যদের বিবাহ নিষিদ্ধ ছিল। এবং উঁচু জাত নীচু জাতের মেয়েকে বিয়ে করতে পারত তবে নীচুজাতের ছেলে উঁচু জাতের বিবাহ ছিল চূড়ান্ত নিষিদ্ধ এবং অপরাধ। এমনকি ব্রাহ্মণ ছেলে যদি বৈশ্য বা শূদ্রের মেয়ের সাথে বিয়ে করত তাদের তাদের মধ্য থেকে জন্ম নেওয়া সন্তান জাত চুত্য হতো এবং চন্ডাল বলে গণ্য হতো। এক্ষেত্রে আমরা যদি দেখি

মানবাধিকারের ঘোষণাপত্রের ১৬(১)নং ধারায় বলা হয়েছে 'ধর্ম, গোত্র ও জাতি নির্বিশেষে সকল পূর্ণ বয়স্ক নরনারীর বিয়ে করার এবং পরিবার প্রতিষ্ঠার অধিকার রয়েছে।....." উল্লেখ্য এখন অনেক ক্ষেত্রেই আগের মত অন্তর্বিবাহের কঠোরতা দেখা না গেলেও, নিয়মিত ভারে বিয়ের পাত্র-পাত্রী চেয়ে যে সমস্ত ছাপানো বা বৈদ্যুতিন বিজ্ঞাপন মাধ্যম রয়েছে তাতে নিজনিজ জাত এবং গোত্র, ধর্মের মধ্যে বৈবাহিক সম্পর্কের সবচেয়ে প্রাথমিক শর্ত মানা হয়।

জাত প্রথার একটি চূড়ান্ত অবমাননাকর বিষয় হল অস্পৃশ্যতার ধারণা : উঁচুজাতের লোক নীচু জাতের লোকদের স্পর্শ এড়িয়ে চলবে যদি স্বর্শ হয় উঁচুজাতের ধর্মে হানি হবে। তাই মন্দির, সর্বসাধারণের পুকুর, কুয়ো, সরাইখানা অস্পৃশ্য নীচুজাতের মানুষের জন্য নিষিদ্ধ ছিল। তাই প্রথম থেকেই সংবিধানে এই অমানবিক প্রথা নিষিদ্ধ ঘোষণা করা হয়। তারপরেও একটি তথ্য অনুযায়ী স্বাধীন দেশেও ১৯৭৫ সালে অস্পৃশ্যতা নিরোধক আইন ভাঙ্গার নথিভুক্ত অভিযোগের পরিমাণ ছিল ২৬০৫টি। এখনো দলিল সমাজের প্রতি, মুচি, মেথরের প্রতি এই ধরনের আচরণের অভিযোগ উঠে।

5.4.3 সারসংক্ষেপ

- ভারতে জাতব্যবস্থা একটি কঠোর এবং বদ্ধ ধারণা। আইন করেও জাত প্রথার নামে মর্যাদার উঁচুনীচু কমানো যায় নি।
- জাত ভেদ একশ্রেণীর মানুষকে মানুষ হিসেবে মর্যাদাই দেয় না। এই অসমতা থেকে সকল মানুষকে সমান হিসেবে দেখা হয় না এবং তাই নীচু জাতের মানুষের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটে।

5.5 আদিবাসী ও মানবাধিকার : প্রতিবন্ধকতা

5.5.1 ভারতীয় আদিবাসী: ধারণা

সামগ্রিক ভাবে আফ্রিকা মহাদেশের পরে ভারত একটি দেশ হিসেবে দ্বিতীয় বৃহত্তম আদিবাসী জনগোষ্ঠীর দেশ। কিন্তু আদিবাসী বলতে কি বোঝায় এর কোন সুনির্দিষ্ট সংজ্ঞা দেওয়া মুস্কিল, কেননা ভারতীয় আদিবাসীদের সাংবিধানিক ভাষায় 'সিডিউল ট্রাইব' বলা হয়েছে কিন্তু এর কোন সংজ্ঞা দেওয়া হয়নি। শুধু বলা হয়েছে সংবিধানের ৩৪২নং ধারায় যাদের নাম রয়েছে তারা 'সিডিউল ট্রাইব' এবং প্রয়োজন মনে করলে উপযুক্ত শলাপরামর্শের ভিত্তিতে রাষ্ট্রপতি কোন জনগোষ্ঠীকে সরকারি বিজ্ঞাপনের মাধ্যমে এই তালিকাভুক্ত করতে পারে। আইনি অর্থে এর বেশি কিছু বলা হয় নি। আদিবাসী'র সংজ্ঞা কি এই বিষয়ে নৃতত্ত্ব সহ একাধিক বিদ্যাচর্চায় বহু রকম আলোচনা হলেও কোন সর্বজনগ্রাহ্য সংজ্ঞা নেই।

যাইহোক প্রাথমিকভাবে আমরা ভারতীয় প্রেক্ষাপটে আদিবাসী বলতে কি বোঝায় তা বোঝার চেষ্টা করবো এই সংক্রান্ত বিভিন্ন আলোচনার মাধ্যমে। প্রথমত আদিবাসী কথাটিকে প্রাচীন ভারতীয় সাহিত্য এবং মাইথেলজি যেমন—বেদ, পুরাণ, রামায়ণ ও মহাভারতে একাধিক শব্দের ব্যক্ত করা হয়েছে যথা—নিষাদ, কিরাত, দস্যু, দাস, রাক্ষক, যক্ষ, বানর ইত্যাদি নামে। এছাড়াও বর্তমান সময়েও আদিবাসী বা ট্রাইবকে বিভিন্ন নামে অভিহিত করা হয় যথা—আদিমজাতি অর্থাৎ প্রথমজাতি বা জনগোষ্ঠী, গিরিজন অর্থাৎ পাহাড়বাসী, বনবাসী অর্থাৎ বনে বসবাসকারী এবং ইংরেজি আর একটি শব্দ ব্যবহৃত হয় 'ইন্ডিজিনিয়াস জনগোষ্ঠী'। নৃতাত্ত্বিকদের মতে আদিবাসী বা ট্রাইব এর একটি প্রাথমিক ধারণা হল—আদিবাসী এমন একটি জনগোষ্ঠী যারা মূলত মূলস্রোতের থেকে বিচ্ছিন্ন হয়ে বনজঙ্গল এবং পাহাড়ে বসবাস করে। মূলস্রোতের আধিপত্যকারীদের জনগোষ্ঠীর ভাষায় কথা না বলে ভিন্ন ভাষায় কথা বলে, জীবন ধারণের জন্য মূলত শিকার এবং খাদ্য সংগ্রহ করে। বৃহত্তর সমাজের প্রচলিত সংস্কৃতি এবং আইনী নিয়মনীতির বাহিরে নিজস্ব সামাজিক-অর্থনৈতিক এবং রাজনৈতিক প্রথা-প্রতিষ্ঠান দ্বারা

পরিচালিত হয়। এবং স্বাস্থ্য থেকে সম্পদ সংরক্ষণে নিজস্ব প্রথাগত জ্ঞানের ব্যবহার করে। জীবনযাপনে অনেক বেশি প্রকৃতির সঙ্গে সম্পর্কিত এবং জীবনধারণে প্রকৃতি নির্ভর। পাঞ্জাব, হরিয়ানা, দিল্লী এবং কেন্দ্রশাসিত চন্ডিগড় ও পুন্ডেচেরী ছাড়া সমগ্র ভারতে ভীল, গোল্ড, সান্তাল, কোন্দ, চাকমা, চুটিয়া, দিমাসা, হাজো, খাসি, অসুর, মুন্ডা, কোল, নাগা, কুকি, ওরাও, হো, রাভা, জারোয়া ইত্যাদি অজস্র নামে ২০১১ সালের আদম শুমারী অনুযায়ী ৭০৫ ধরনের আদিবাসী জনগোষ্ঠী ভারতে রয়েছে। তবে পূর্বাঞ্চল, মধ্যভারতে এবং পশ্চিমাঞ্চলে এদের সংখ্যা বেশী। বৈচিত্র্যময় ভারতীয় সমাজের একটি স্বতন্ত্র জনগোষ্ঠী হিসেবে আদিবাসীরা পরিচিত বাহ্যিক এবং চিন্তাধারণার থেকেই অতিত থেকে আজ পর্যন্ত।

5.5.2 প্রতিবন্ধকতা

মানবাধিকার যেখানে বিশ্বের সকল মানুষের মধ্যে সম মর্যাদা, সম অধিকার, স্বাধীনতা, স্বতন্ত্রতার অধিকার দিয়েছে তখন ভারতীয় প্রেক্ষাপটে আদিবাসী জনগোষ্ঠী একাধিক কারণে সম-অধিকার ভোগের প্রশ্নে বিচ্ছিন্ন বা প্রান্তিক থেকে যাচ্ছে। এটা কখন আদিবাসী জনগোষ্ঠীর নিজেদের তরফে এবং তার থেকেও বেশি ভারতীয় আর্থ-সামাজিক-রাজনৈতিক চাপের কারণে। এই ধরনের একাধিক বিষয় আলোচনা করলে দেখা যাবে আদিবাসীদের মানবাধিকার নানান প্রতিবন্ধকতায় জড়জড়িত।

আদিবাসীরা তাদের সাংস্কৃতিকসত্ত্বা সহ নিজস্বতার দিকগুলো হারিয়ে ফেলছে। আদিবাসীদের পৃথক স্বতন্ত্র বৈশিষ্ট্য সমূহকে অনুন্নত এবং পিছিয়ে পড়া হিসেবে গণ্য করা হয়। তাদের মূলস্রোতের আধুনিকতায় অন্তর্ভুক্তি করণের জন্য তাদের মতামত ছাড়াই তাদের উপর উন্নয়ন ও কল্যাণের নামে একাধিক নীতি গ্রহণ করা হয় এবং চাপিয়ে দেওয়া হয়। নির্মল কুমার বসুর মতে ব্রিটিশ ঔপনিবেশিক সময়ে মূলভূমির ব্যবসায়ী এবং সরকারি দপ্তর আদিবাসীদের নানাভাবে শোষণ করতে শুরু করে। কে.এস.সিং এর মতে কেবলমাত্র উত্তর-পূর্ব ভারতের বাহিরে প্রায় সমস্ত আদিবাসীই ব্রিটিশদের সময় থেকেই মূলস্রোতের রাজনৈতিক-অর্থনৈতিক ব্যবস্থার অন্তর্ভুক্ত হতে থাকে। আদ্রে বেইলীর মতে এই ভাবেই বহু আদিবাসী তাদের নিজেদের রাজনৈতিক এবং ভাষাগত স্বতন্ত্রতা হারিয়ে ফেলে।

স্বাস্থ্য এবং খাদ্য একটি মানবাধিকার অথচ আদিবাসী অধ্যুষিত এলাকাগুলিতে অপুষ্টি, ক্ষুধা এবং উপযুক্ত চিকিৎসা পরিকাঠামোর অভাবে ভারতীয় আদিবাসী জনগোষ্ঠীর সদস্যদের মৃত্যু এবং অসুস্থতা একটি নিয়মিত ঘটনা। এই ছবি মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খণ্ড এলাকার আদিবাসী অধ্যুষিত এলাকায় সবচেয়ে বেশী।

আদিবাসী অধ্যুষিত এলাকায় মধ্যভারতের রাজ্যগুলির ক্ষেত্রে মাওবাদী সমস্যা এবং উত্তরপূর্বের রাজ্যগুলিতে উপ-জাতীয়তাবাদী অথবা স্বতন্ত্রবাদী সমস্যা এবং তাঁকে কেন্দ্র করে হিংসা ভারতীয় রাষ্ট্রের একটি নিয়মিত সমস্যা। এবং এক্ষেত্রে নানান বঞ্চনা ও বৈষম্যের অভিযোগ তুলে আদিবাসীদের একটা অংশ যেমন বিভিন্ন স্বশস্ত্র সংগঠনের সদস্য হয় এবং রাষ্ট্রের বিরুদ্ধে বিশেষত সেনাবাহিনীর সঙ্গে সংঘর্ষে লিপ্ত হতে দেখা যায়। এমতাবস্থায় সেনাবাহিনীর সদস্যদের সঙ্গে গোলাগুলিতে উভয়পক্ষের মৃত্যু যেমন মানবাধিকার লঙ্ঘনের ঘটনা। তেমনি মাঝে মাঝেই সংবাদ পাওয়া সেনাবাহিনী বা কেন্দ্রীয় সংরক্ষিত স্বশস্ত্র বাহিনীর সদস্যদের গুলিতে কেবলমাত্র সন্দেহের বশে ভুয়ো এনকাউন্টারের আদিবাসী জনগোষ্ঠীর সদস্যদের মৃত্যু নিয়মিত হয়ে উঠেছে। এইভাবেও আদিবাসী জনগোষ্ঠীর বিপক্ষে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটে।

পাহাড়, মালভূমি এবং অরণ্য অধ্যুষিত ভারতে যেমন আদিবাসীদের বাসস্থান তেমনি ঘটনাক্রমে এই এলাকাগুলিতেই বিভিন্ন ধরনের খনিজ সম্পদ পাওয়া ঝাড়খন্ড, ওড়িষ্যা, ছত্তিশগড় এর মধ্যে উল্লেখযোগ্য বা দক্ষিণের নিয়মগিরি পার্বত্য এলাকা। এই সমস্ত এলাকায় খনিজ উৎত্তোলনের জন্য দেশি বিদেশি কলকারখানা স্থাপন, জমি অধিগ্রহণ এবং তাঁকে কেন্দ্র করে উচ্ছেদ বা বিস্থাপনা হওয়া, বলপ্রয়োগ মূলক উদ্‌বাস্তু হবার ঘটনা মানবাধিকার লঙ্ঘনের ঘটনা হিসেবেই দেখা দেয়। বড় বড় বাঁধ নির্মাণের জন্য বা কোন মহাসড়ক জাতীয় পরিকাঠামো উন্নয়নের নামে আদিবাসী উচ্ছেদ একটি নিয়মিত ঘটনা, নর্মদা

বাঁচাও আন্দোলনের একটি অন্যতম যুক্তি হলো সর্দার সরোবরে সুউচ্চ বাঁধ দিয়ে কৃত্রিম জলাধার তৈরি করলে পাম্পবর্তী এলাকার আদিবাসী অধ্যুষিত গ্রামগুলো জলের তলায় চলে যাবে এবং স্থানীয় কোল, ভীল জাতীয় আদিবাসীরা উদ্‌বাস্তু হবে। তাই এই ধরনের উৎবাস্তু হতে না চাওয়া একটি দাবী হিসেবে উঠে এসেছে।

মানবাধিকারের ঘোষণা অনুযায়ী জন্মস্থানগত কারণে কোন ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠীর বিরুদ্ধে আইনে বৈষম্য করা যাবে না। অথচ যে সমস্ত কারণে ভারতীয় কোন একটি জনগোষ্ঠী সাংবিধানিক ভাবে একটি রাজ্যে আদিবাসী অথবা আইনি ভাষায় 'সিডিউল ট্রাইব' হিসেবে স্বীকৃতি পেয়েছে সেই একই বৈশিষ্ট্য সম্পন্ন জনগোষ্ঠী অন্যত্র সেই স্বীকৃতি লাভ করেনি। যেমন লাম্বাডা জনগোষ্ঠীর মানুষেরা তেলেঙ্গানা ও অন্ধ্রপ্রদেশে সিডিউল ট্রাইব স্বীকৃতি পেলেও এই জনগোষ্ঠীই মহারাষ্ট্রে অন্যান্য অনগ্রসর শ্রেণী (আদারস্ ব্যকওয়ার্ড ক্লাস) এবং কর্ণাটকে 'সিডিউল কাস্ট'। ভারতীয় সংবিধানে আদিবাসী জনগোষ্ঠীর জন্য বিশেষ সংরক্ষণের ব্যবস্থা রয়েছে এই ক্ষেত্রে বৈষম্য দেখা যায়।

5.5.3 সারসংক্ষেপ

- ভারতের আদিবাসীরাও কোন সমজাতীয় নয়, অসংখ্য আদিবাসী গোষ্ঠী রয়েছে।
- কেবলমাত্র পাঞ্জাব, হরিয়ানা, দিল্লী, পুণ্ডেচেরী, চন্ডিগড় বাদে সারা ভারতেই আদিবাসী জনগোষ্ঠীর লোক বাস করে। তবে দেশের পূর্বাঞ্চল, মধ্যভাগ এবং পশ্চিমাঞ্চলে সবচেয়ে বেশি বসবাস করে। মূলত পাহাড়, মালভূমি এবং বন এলাকায় বসবাস করে।
- সংবিধানে আদিবাসীদের জন্য বিশেষ ব্যবস্থা থাকলেও সব আদিবাসী তা ভোগ করতে পারে না। নানাভাবে আদিবাসীরা পিছিয়ে পড়েছে।
- বাস্তুচ্যুত হওয়া, হিংসায় বলি হওয়া, খাদ্যভাব এবং নিজস্বতা হারিয়ে যাওয়া বড় মানবাধিকার লঙ্ঘনের ঘটনা আদিবাসীদের।

5.6 সংখ্যালঘু ও মানবাধিকার : প্রতিবন্ধকতা

5.6.1 ভারতীয় সংখ্যালঘু: ধারণা

রাজনীতি এবং অধিকারের আলোচনায় সংখ্যালঘু বিষয়টি প্রথম বিশ্বযুদ্ধ-উত্তর সময়ে উঠে আসে ইউরোপীয় জাতিরাষ্ট্র গঠনের সময় থেকে পরবর্তীতে তৃতীয় বিশ্বের দেশগুলিতেও সংখ্যালঘু সমস্যা দেখা দেয়। ভারতীয় মহাদেশ বিভক্ত হয়ে স্বাধীন ভারত গড়ে ওঠা থেকেই এই দেশে সংখ্যালঘু সমস্যা একটি কেন্দ্রীয় এবং অমিমাংসিত বিষয়। সাধারণত, যখন কোন বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে বিভিন্ন বিষয়ে এবং চরিত্রে বিভাজন দেখা যায় তখন পৃথক পৃথক উপ-জনগোষ্ঠী বিভাজন ঘটে এর মধ্যে কোন উপ-গোষ্ঠী সংখ্যায় বৃহৎ হয় এবং অপর উপ-গোষ্ঠীটি ছোট হয় তখন ছোট-উপগোষ্ঠীটিকে সংখ্যালঘু জনগোষ্ঠী বলা হয়ে থাকে। সম্মিলিত জাতিসংঘের মানবাধিকার কমিশনের সাব-কমিশন অন প্রেভেনশন অফ ডিসক্রিমিনেশন এ্যান্ড প্রটেকশন অফ মাইনোরিটিস-এর দেওয়া ধারণা অনুযায়ী, কোন জনসমাজে অ-আধিপত্যকারী সেইসব জনগোষ্ঠী যারা নিজস্ব সাংস্কৃতিক, ধর্মীয়, নৃগোষ্ঠীগত বৈশিষ্ট্য রক্ষা এবং সংরক্ষণ করতে আগ্রহী/উদ্যোগী হয় এবং তাদের এই বৈশিষ্ট্যগুলি সেই জনসমাজের বেশিরভাগ সদস্যের থেকে আলাদা। জগনাথ পাথি (১৯৮৮) সালে সংখ্যালঘু বলতে এমন জনগোষ্ঠীর কথা বলেছেন—যথা, সংখ্যাগরিষ্ঠ দ্বারা কোন ভাবে অধীনস্ত, জনগোষ্ঠীগত আয়তন এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্যে গতদিক থেকে

সংখ্যাগরিষ্ঠের থেকে আলাদা, এবং সেই আলাদা বৈশিষ্ট্যগত কারণে প্রান্তিক ভাবে গণ্য হয় এবং জনসমাজে সম্পূর্ণভাবে অংশগ্রহণ বা প্রতিনিধিত্ব করতে পারে না। একই সঙ্গে সংখ্যাগরিষ্ঠ আধিপত্যকারী গোষ্ঠী দ্বারা বৈষম্যের শিকার হয়।

সাংস্কৃতিক, ধর্মীয়, ভাষাগত এবং নৃগোষ্ঠীগত কারণে সংখ্যালঘুর ধারণা পাওয়া গেলেও ভারতীয় সাংবিধানিক প্রেক্ষাপটে মূলত ধর্ম এবং ভাষার ভিত্তিতে ভারতের সংখ্যালঘু জনগোষ্ঠীকে স্বীকৃতি দিয়েছে। হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের রায়ে কোন রাজ্যে ৫০ শতাংশ অতিক্রম করেনি এমন জনগোষ্ঠী সংখ্যালঘু। ধর্মের দিক থেকে মুসলিম, খ্রিস্টান, শিখ, জৈন, বৌদ্ধ এবং পারসীরা ভারতের সংখ্যালঘু।

5.6.2 প্রতিবন্ধকতা

তথ্যগত ভাবে আধুনিক জাতিরাষ্ট্র শক্তিশালী হতে চায় সম্ভব হলে সমজাতীয় ধর্ম, ভাষা ও নৃগোষ্ঠীর ভিত্তিতে। এই সূত্রেই ক্লুডে (১৯৫৫) সালে বলেছেন—সমজাতীয় জাতিয়তাবাদী ধারণা থেকেই সংখ্যালঘু সমস্যা তৈরী হয়। তাই রাষ্ট্র সবসময় চেষ্টা করে সংখ্যালঘু জনগোষ্ঠীটিকে নিজের সমজাতীয়তায় অন্তর্ভুক্তি করতে কখনো বল প্রয়োগ করে অথবা বিভিন্ন কৌশলে। যেমন ভারতীতে সংখ্যাগরিষ্ঠ হিন্দুত্ববাদীদের মতে বৌদ্ধ, জৈন ধর্ম আসলে হিন্দুধর্মেরই অঙ্গ এবং ভারতে অন্যান্য সংখ্যালঘু ধর্মগোষ্ঠীগুলির ভারতীয় ধর্ম হিসেবে হিন্দুত্বের প্রতি আনুগত্য দেখানো উচিত এবং এর ভিত্তিতে গড়ে উঠবে শক্তিশালী হিন্দুস্তান। এই মতবাদের প্রবক্তা ছিলেন—দামোদর সাভারকার। উল্লেখ্য সাম্রতিক সময়েও একাধিক রাজ্য সরকার এবং সরকার নিয়ন্ত্রিত জায়গায় গুরুর মাংস নিষিদ্ধ ঘোষণা করে তখন সংখ্যালঘুদের বিশ্বাসে রাষ্ট্রীয় হস্তক্ষেপের অভিযোগ উঠে। এমনি সুপ্রিমকোর্টের হস্তক্ষেপ প্রয়োজন হয় এবং সুপ্রীম কোর্টকে বলতে হয় নাগরিকের খাদ্যাভাসে হস্তক্ষেপ করা যাবে না। ভারতে দীর্ঘদিন ধরেই সংখ্যালঘু সম্প্রদায়ের পৃথক পৃথক দেওয়ানী আইন রয়েছে। বিতর্ক দেখা দেয় যখন সেই সব আইনে অভিন্ন দেওয়ানী বিধির অধীনে আনার চেষ্টা হয়—এই বিষয়ে সংখ্যালঘুদের অভিযোগ শোনা ভারতীয় আর্থ-সামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়নের প্রশ্নে যে জনগোষ্ঠীগুলি পিছিয়ে পড়েছে তার মধ্যে সংখ্যালঘুরা অন্যতম। বেকারত্ব, দারিদ্রতা, অপুষ্টি এবং অশিক্ষা সংখ্যালঘু সম্প্রদায়ের নির্ণয়ের একটি বৈশিষ্ট্য হয়ে দাঁড়িয়েছে ভারতীয় প্রেক্ষাপটে। যদিও ভারতীয় সংবিধানে প্রথম থেকেই ধর্মীয় চর্চা এবং নিজেদের ভাষায় নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার অধিকার সংখ্যালঘু সম্প্রদায়ের একটি গোষ্ঠীগত মৌলিক অধিকার হিসেবে সংরক্ষিত। আনুষ্ঠানিকভাবে সাংবিধানিক কাঠামোতে সংখ্যালঘুদের সুরক্ষা এবং ন্যায়ে সংস্থান থাকলেও ভারতীয় সামাজিক পরিমন্ডলে সংখ্যালঘু সম্প্রদায়কে নানা সমস্যার মধ্যে পরতে হয়। ব্রিটিশ সময় থেকে স্বাধীনতা -উত্তর ভারতে ধর্মীয় সংখ্যালঘুদের সঙ্গে সাম্প্রদায়িক দাঙ্গা একটি নিরবিচ্ছিন্ন ঘটনা হিসেবে প্রবাহিত হয়। সাম্প্রদায়িত হিংসা এবং হিংসার সম্ভাবনাময় পরিস্থিতি, মানসিক ভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের নিগ্রহীত হওয়া সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে ভয়ের বাতাবরণ তৈরী করে। এই ভাবেই মানবাধিকারের ঘোষণায় ধর্ম বা অন্য কোন পরিচয়ে কাউকে তার মানবাধিকার থেকে বঞ্চিত করা যাবে বলে না। জীবনসহ নিজ নিজ ধর্মমত নিয়ে স্বাভাবিক ভাবে স্বাধীনভাবে, আত্মমর্যাদার সাথে বসবাস করার অধিকার সংখ্যালঘু সম্প্রদায়ের কাছে খুব মসৃণ হয়ে উঠেনি। যদিও ভারতীয় সংবিধান এবং বিচারবিভাগীয় হস্তক্ষেপে রাষ্ট্রীয় তরফে ভারতীয় সংখ্যালঘুদের সুরক্ষার ব্যবস্থা রয়েছে এবং বহুক্ষেত্রেই আদালত ইতিবাচক ভূমিকা নিয়েছে। এছাড়াও ভাষাগত সংখ্যালঘুর প্রশ্নে বহু প্রান্তিক ভাবনার মানুষ দাবীদাবা আন্দোলন সত্ত্বেও সরকারি ভাবে সংখ্যালঘু হিসাবে স্বীকৃতিও পায়নি। এক্ষেত্রে নিজেদের অস্তিত্ব লোপ পাচ্ছে। দিনের পর দিন বাধ্য হচ্ছে আধিপত্যকারী ভাষায় নিজেদের ঢুকে আর্থ-সামাজিক সুযোগ সুবিধা পাওয়ার চেষ্টা। বস্তুত আদিবাসী এবং সংখ্যালঘুদের মানবাধিকার সুরক্ষার প্রশ্ন একই জায়গায় দাঁড়িয়ে। সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যেও আবার পুরুষতান্ত্রিকতার প্রভাবে সম্প্রদায়ের অভ্যন্তরেরও নারী ও শিশুদের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা আরো সামগ্রিক ভাবে মানবাধিকার রক্ষায় সংখ্যালঘু সম্প্রদায়ের কাছে বড় প্রতিবন্ধকতা হিসেবে দেখা দেয়।

5.6.3 সারসংক্ষেপ

- ভারতে আইনগত ভাবেই প্রথম থেকে ধর্মীয় এবং ভাষার ভিত্তিতে সংখ্যালঘুর ধারণা স্বীকৃত।
- সংবিধানগত ভাবেই সংখ্যালঘু সম্প্রদায়ের বিভিন্ন অধিকার সংরক্ষিত করা হয়েছে।
- যদিও ব্যবহারিকতায় ভারতের সংখ্যালঘুরা সংখ্যাগরিষ্ঠদের মত সমান গণ্য হয় না সেই সূত্রেই সংখ্যালঘুরা মানবাধিকার ভোগে নানান রকম প্রতিবন্ধকতার সম্মুখীন।

5.7 নারী ও মানবাধিকার : প্রতিবন্ধকতা সমূহ

সাধারণত আমরা যখন বোধজ্ঞান সম্পন্ন হতে শুরু করি তখন প্রথম পরিবার এবং সমাজের বিভিন্ন বিষয়ে প্রাথমিক ধারণা লাভ করতে থাকি তার মধ্যে নারী, পুরুষ ভেদ প্রথমেই শিখে থাকি নিজেদের আচার আচরণ এবং পরিবারের প্রযত্নে। আমার প্রথমে নিজেদের পরিচয় পাই একজন ছেলে বা মেয়ে হিসেবে ; যা আস্তে আস্তে বড় হতে হতে ছেলে থেকে পুরুষ, মেয়ে থেকে নারী হয়ে উঠি। খেলার সামগ্রী, পোষাক-পরিচ্ছদ, খাদ্যাভাস, বাড়ির বাহিরে চলাফেরা, ব্যক্তিগত আবেগের বহিঃপ্রকাশ সব কিছুতেই ছেলে (পুরুষ) এবং মেয়ে (নারী) অর্থে আলাদা রকম হয়ে থাকে। তারও আগে কোন শিশু যখন জন্মগ্রহণ করে শারীরিক গঠন দেখেই আমরা জেনে থাকি বা বলে থাকি সে ছেলে না মেয়ে।

প্রাথমিকভাবে কে নারী এবং কে পুরুষ এটাকে একটি জৈবিক সত্ত্বা হিসেবে দেখা হয়ে থাকে বা দীর্ঘ সময় ধরে তাই দেখা হতো। কিন্তু নারীবাদী চর্চা এবং 'জেন্ডার স্ট্যাডিস' এই প্রাথমিক ধারার বিরোধীতা করল এবং বলল নারী পুরুষ যতটা না জৈবিক পরিচয়, তার থেকেও বেশি ঐতিহাসিক এবং সামাজিক-সাংস্কৃতিক নির্মাণ। বিখ্যাত নারীবাদী দার্শনিক 'দি সেকেন্ড সেক্স' গ্রন্থের রচয়িতা সিমন দ্য ভিভেইরো-এর বিখ্যাত উক্তি—কেউ নারী হিসেবে জন্মগ্রহণ করে না, পরে নারী হয়ে উঠে। তার মতে সবাই মানুষ, জন্মগত ভাবে সবাই ইংরেজি শব্দে 'ম্যান' কিন্তু যখন কাউকে ইংরেজি শব্দে 'ওম্যান' বলা হয় তখন এক ধরনের সীমাবদ্ধ ধারণা চাপিয়ে দেওয়া হয়। উদাহরণ হিসেবে বলা যা. রাজনীতি, হাট-বাজার, অর্থনৈতিক কাজকর্ম, সরাইখানা, সিনেমা হল, চায়ের দোকান, পাড়ার আড্ডাখানা, ক্লাব, গভীর রাতে চলাফেরা ইত্যাদি কার্যত পুরুষদের বিচরণক্ষেত্র। এবং এই সমস্ত স্থানে নারীরা প্রবেশাধীকার পেলেও পুরুষসঙ্গীর সাথে গিয়ে থাকে। আর নারীদের একক বিচরণ জায়গা হিসেবে—রান্নাঘর, বাড়ির আভ্যন্তরিন সাজসজ্জা, বাড়ির রাচ্চাদের মানুষ করা, এবং পরিবারের অন্য পুরষি সদস্যদের সেবা করা ইত্যাদি। শুধু তাই নয় বাচনভঙ্গিও গুরুত্বপূর্ণ একটি বিষয়। সামাজিক ও সাংস্কৃতিক প্রক্রিয়ায় নারীদের জন্য নারীসুলভ বিশেষ আচরণের কথা বলা হয়, যার মূল কথা নারীরা হবে নরম স্বভাবের এবং সবক্ষেত্রেই পুরুষ নির্ভরশীল। পুরুষসঙ্গীর ইচ্ছের সঙ্গেই নারীকে সহমত জ্ঞাপন করতে হবে, পুরুষ হচ্ছে শক্তিশালী এবং তাই নারীর নিরাপত্তা দেওয়া তার কাজ। পুরুষ হচ্ছে প্রভূসুলভ এবং নারী হচ্ছে ভৃত্য বা সেবক। নারীবাদী তাত্ত্বিক মারিয়াম মীসের বক্তব্য অনুযায়ী পৌরুষ বা নারীত্ব কোন জৈবিক সত্য নয়, তা দীর্ঘ ঐতিহাসিক প্রক্রিয়ার ফল। যদিও সমাজ ভেদে এর ব্যতিক্রম দেখা যায়, পিতৃতান্ত্রিক সমাজের পাশাপাশি মাতৃতান্ত্রিক সমাজও দেখা যায়। আসলে নারী বলতে শুধু শারীরিক জৈবিক পরিচয় নয়, তার থেকেও বেশি সাংস্কৃতিক-সামাজিক নারীসুলভ আচরণের মোরকে একজন মানুষ হচ্ছে নারী। এই নারীর পরিচয় তার সমাজ-সংস্কৃতি দ্বারা আরোপিত আচরণ বিশিষ্ট সত্ত্বা। নারী নির্মাণের এই বৈষাম্য মূলক সংস্কৃতি ভারতীয় নারী নির্মাণেরই চিত্র ; সেই সূত্রে প্রথম থেকেই ভারতীয় নারী বৈষম্যের এবং নারীকে দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসেবে গণ্য করা হয় এবং প্রতি পদেই মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়।

ভারতীয় সমাজে কিছু কিছু মাতৃতান্ত্রিক সমাজের অতিত ইতিহাস পাওয়া যায়। তবে ভারতীয় নারী শিশু বয়সে কমল-নরম স্বভাবের হবে, খেলার সামগ্রী হবে পুতুল এবং সংসার যাপনের মহরা, সে যখন বড় হবে একজন গৃহবধূ হয়ে উঠবে। এবং একজন গৃহবধূর কাজ এবং ক্ষমতা সীমাবদ্ধ থাকবে পরিবারের অভ্যন্তরের সাংসারিক কাজের মধ্যে। ভারতসহ দক্ষিণ এশিয়ার একাধিক দেশে একটি পরিবার অভ্যন্তরে পুরুষ বাড়ির কর্তা এবং একজন নারীর কাছে স্বামী, শশুর, পতি, মালিক ইত্যাদি হিসেবে প্রতিপন্ন হয়। পুরুষ-নারী এখানে প্রভূ-ভৃত্য সম্পর্কে পরিচালিত হয়। তবে খুব অল্পকিছু ব্যতিক্রম দেখা যায় মাতৃতান্ত্রিক সমাজের অবশিষ্ট অংশে। প্রান্তিয় উত্তরপূর্ব ভারত যেমন এর ব্যতিক্রম, কিছু কিছু আদিবাসী সমাজেও নারী পুরুষে সমতা দেখা যায়। তবে নারী আন্দোলন এবং সমাজ সংস্কার আন্দোলন সহ সাংবিধানিক ভাবে স্বাধীনতা-উত্তর ভারতে অনেক ক্ষেত্রে নারী পুরুষের কঠোর বিভাজন ও কাঠামো শিথিল হয়েছে। তার পরেও সমান ভাবে একাধিক ঘটনা নারীকে দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসেবে দেখা যায়, সেখানে পুরুষ যেন প্রথম শ্রেণীর মানুষ। আর এই বৈষম্যের হাত ধরেই তৈরী হয়—নারী পুরুষে অধিকার, স্বাধীনতা এবং আত্মমর্যাদায় বৈষম্যমূলক অবস্থান যা মানবাধিকারের পথে একাধিক প্রতিবন্ধকতা তৈরী করে। পরবর্তী অংশে এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

নারী গড়ে ওঠার গোটা প্রক্রিয়া এবং প্রতিপদেই মানবাধিকারের বিষয়গুলো লঙ্ঘন হয়। ভারতীয় সমাজে গৃহস্থ হিংসার নিয়মিত শিকার নারীরা, পণপ্রথা এবং তাকে কেন্দ্র করে নারীহত্যা, আত্মহত্যা, গণধর্ষণ এবং গণধর্ষণ করে হত্যা করা, নারীকে বিভিন্ন সময় জাইনী বলে হত্যা করা, নারী পাচার, কন্যাভ্রূণ হত্যা, বৈবাহিক ধর্ষণ ইত্যাদি ভারতীয় সমাজের নিয়মিত ঘটনা মানবাধিকারের পথে সবচেয়ে বড়ো প্রতিবন্ধকতা যেখানে যেমনের অধিকারটা স্বীকৃত নয় বলা যায়। বাল্যবিবাহ এবং কন্যা সন্তানের তুলনায় ছেলে সন্তান কাম্য এই মনভাব থেকে কোন নারীর গর্বে ছেলে সন্তানের আশায় বারংবার সন্তান প্রজননের জন্য নারীকে বাধ্য করা হয়।

5.7.1 সারসংক্ষেপ

- সারা বিশ্বেই নারী একটি সাংস্কৃতিক অবদমিত নির্মাণ। নারীপুরুষ সমানাধিকার নেই। ভারতীয় প্রেক্ষাপটেও নারী একটি অবদমিত বৈষম্যের স্বীকার হওয়া সত্ত্বা।
- শিশু থেকে বৃদ্ধ বয়স পর্যন্ত ভারতীয় নারীদের নানাভাবে বৈষম্যের স্বীকার হতে হয় এবং সেই বৈষম্যগুলিই মানবাধিকার লঙ্ঘনের ঘটনা হিসেবে ফুটে উঠে।

5.8 এলজিবিটি এবং মানবাধিকার: প্রতিবন্ধকতা

5.8.1 এলজিবিটি: ধারণা

এলজিবিটি একটি সংক্ষিপ্ত অর্থবহ শব্দ হিসেবে ব্যবহৃত হয় এই শব্দে মূলত চারটি আলাদা আলাদা শব্দ অর্থ রয়েছে। লেজবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্সজেন্ডার এই চারটি আলাদা আলাদা অর্থবহ শব্দের সমন্বয় হিসেবে সারা বিশ্বের পরিচিত একটি ধারণা। মানুষের যৌনমুখীনতা (সেক্সুয়াল ওরিয়েন্টশন) এর ধরণ এবং প্রকারভেদ বোঝাতে এই চারটি শব্দ ব্যবহার করা হয়, তবে এর কেন্দ্রীয় একটি মাবনা হল সমকামিতা (হোমোসেক্সুয়ালিটি)। সমকামী অর্থাৎ জৈবিক সত্ত্বাগত ভাবে সম লিঙ্গের প্রতি যৌনমুখীনতা এবং প্রেম, ভালোবাসা, আকর্ষণ প্রবণতা। একজন জৈবিক লিঙ্গের পুরুষ যখন অন্য অপর কোন পুরুষের প্রতি আকর্ষণ, প্রেম এবং যৌনমুখীনতা দেখাবে, অথবা একজন নারী যখন অপর নারীর প্রতি আকর্ষণ, প্রেম ও যৌনতা প্রকাশ করবে তখন এই প্রবণতাকেই সমকামী বলা হয়ে থাকে। এক্ষেত্রে পুরুষে পুরুষে সমকামিতা ‘গে’ এবং নারীতে

নারীতে সমকামিতা 'লেজবিয়ান' নামে পরিচিত। আবার যখন একজন মানুষ একি সাথে নারী এবং পুরুষ উভয়ের প্রতি যৌনুখীনতা প্রকাশ করবে তখন তার এই ধরনের যৌনমুখীনতা বাইসেক্সুয়াল বা উভকামীতা নামে পরিচিত হবে।

ট্রান্সজেন্ডার একটি আমব্রলা পরিভাষা একসঙ্গে অনেকগুলি ধারণা নিয়ে অর্থবহ; একজন মানুষ যখন জন্মগত জৈবিক লিঙ্গ নির্ধারণে অক্ষম অথবা জন্মগত জৈবিক লিঙ্গের সঙ্গে মনগত এবং আচরণগত ভাবে বিপরীত লিঙ্গ হিসেবে জীবনযাপন করতে চায় অথবা জন্মগত জৈবিক লিঙ্গপরিচয় ব্যক্তিগত বিবেচনায় চিকিৎসাশাস্ত্রের মাধ্যমে পরিবর্তন করে অন্য লিঙ্গ পরিচয় গ্রহণ করতে চায়; এই তিন ধরনের মুখীনতা ট্রান্সজেন্ডার নামে পরিচিত। এর উদাহরণ হিসেবে বলা যায়, জন্মগত একজন পুরুষ নিজের লিঙ্গ পরিবর্তন করে নারী হতে পারে যাকে ট্রান্সজেন্ডার ওমেন, এবং যখন নারী থেকে কেউ পুরুষ হয় তখন তা ট্রান্সজেন্ডারমেন এবং যখন জন্মগত পুরুষ কিন্তু শারীরিক গঠনে পুরুষ সুলভ তখন তাকে ট্রান্সফেমিনাইন বলা হয়। ট্রান্সজেন্ডারের একটি ভারতীয় পরিভাষা হিসেবে হিজরা কথাটির সাথে আমরা অনেকেই পরিচিত।

বিশ্বের প্রাচীন সভ্যতাগুলিতে সমকামিতা এবং ট্রান্সজেন্ডারের কথা জানা যায় প্রাচীন গ্রীক সহ ইউরোপীয় দেশের সাহিত্য-শিল্পে একাধিক নজির রয়েছে। ভারতীয় সমাজও এর বাহিরে নয় প্রাচীন ভারতী গ্রন্থ এবং মাইথোলজিতেও সমকামিতার কথা রয়েছে। তেমনি ট্রান্সজেন্ডার হিসেবে অর্ধনারীশ্বর অথবা মহাভারতের **বৃহৎলনার** কথা পাওয়া যায়। গুজরাটের ছোট গ্রাম অঙ্গারে এখনো নিয়মিত আনুষ্ঠানিক প্রথা অনুসারে হোলি উৎসবের দিন ট্রান্সজেন্ডার বিবাহ উৎস হয়ে থাকে একটি ধর্মীয় অনুষ্ঠান হিসেবে।

5.8.2 প্রতিবন্ধকতা

কোন প্রবাহমান কাজ বা ক্রিয়াকে আটকানোর জন্য নিষেধাজ্ঞা জারি করতে হয় এবং উপযুক্ত কর্তৃপক্ষ এই ভাবেই কোন বিষয়ে বাঁধাদান করতে পারে যা হয়ে চলেছে। তেমন একটি ঘটনা ১৮৬০ সালে তৎকালীন ব্রিটিশ সরকার ভারতীয় দন্ড বিধি-র ধারায় (ইন্ডিয়ান পেনাল কোড)-এর সমকামিতাকে নিষিদ্ধ অপ্রাকৃতিক এবং শাস্তিযোগ্য অপরাধ হিসেবে ঘোষণা করে। শুধু ভারত নয় পৃথিবীর বহুদেশেই সমকামিতা শাস্তিযোগ্য অপরাধ এর জন্য স্বল্প মেয়াদী থেকে যাবজ্জীবন কারাদন্ড যেমন রয়েছে/ ছিল তেমন একাধিক দেশে সমকামিতা মৃত্যুদন্ড যোগ্য অপরাধ। ১৯৭০-এর দশক থেকে সারা বিশ্বে সমকামিতার অধিকার এবং স্বাধীনতা নিয়ে আওয়াজ জোড়ালো হতে থাকে। ১৯৮০-এর দশকে গে ভিত্তিক পত্রিকা বোম্বে ডোস্ট এবং লেজবিয়ান ভিত্তিক পত্রিকা সখী নিজেদের স্বাধীনতা ও অধিকার নিয়ে আওয়াজ তুলতে থাকে। কাছাকাছি সময়ে ১৯৯০-এর দশকে একাধিক দেশে বিশেষত ক্যান্ডিভিয়ান দেশগুলিতে সমকামি বিবাহের অধিকার স্বীকৃতি পায়। দক্ষিণ আফ্রিকায় সমস্ত ধরনের যৌনমুখীনতার প্রতি বিদ্বেষ বৈষম্য সাংবিধানিক ভাবে নিষিদ্ধ ঘোষণা করা হয়। দীর্ঘ আন্দোলন এবং একাধিক আইনী লড়াইয়ের পর ২০১৮ সালে নাভজিৎ জোহার বনাম ইউনিয়ন অফ ইন্ডিয়া মামলার রায়ে ভারতীয় সুপ্রীম কোর্ট ইন্ডিয়ান পেনাল কোড এর ৩৭৭ ধারাকে অসাংবিধানিক ঘোষণা করে সমকামিতাকে অপরাধের তালিকা থেকে মুক্ত করে। এই রায় অনুসারে সম্মতিতে সমকামিতা অপ্রাকৃতিক এবং অপরাধ হিসেবে ভারতে গণ্য হবে না। এটা ভারতীয় এজজিবিটি গোষ্ঠীর কাছে একটি বড় স্বীকৃতি। আবার তারও আগে ২০১৪ সালের ন্যাশনাল লিগাল সার্ভিস অথরিটি বনাম ইউনিয়ন অফ ইন্ডিয়া মামলার রায়ে ট্রান্সজেন্ডার মানুষদের লিঙ্গ পরিচিতিকে সাংবিধানিক স্বীকৃতি দেয় এবং সেই অনুসারে আইনীভাবে তৃতীয় লিঙ্গ হিসেবে ট্রান্সজেন্ডার বা অন্যান্য লিঙ্গ পরিচয় সমস্ত নথিতে এবং জায়গায় নারী, পুরুষের পাশাপাশি অতিরিক্ত আরো একটি লিঙ্গ পরিচয় হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

তার পরেও সমান মর্যাদার মানুষ হিসেবে এলজিবিটি গোষ্ঠীর সদস্যদের মানবাধিকার নানাভাবে লঙ্ঘিত হয়। মানবাধিকারের ঘোষণা অনুযায়ী লিঙ্গ গত, জন্মগত এবং মতাদর্শগত কারণে বিশ্বের কোন মানুষের প্রতি বৈষম্যমূলক আচরণ

করা যাবে না। জন্মগত পরিচয়, লিঙ্গ এবং ভিন্নমতে বিশ্বাসী প্রতিটি মানুষের মানবাধিকার সমান, সকলে সম মর্যাদার অধিকারী। অথচ ভারতীয় প্রেক্ষাপটে দীর্ঘদিন সমকামিতা ছিল শাস্তিযোগ্য অপরাধ। আন্তর্জাতিক মানবাধিকার সনদের ১৬নং ধারা অনুযায়ী সকলপূর্ণ বয়স্ক নরনারীর বিয়ে করার এবং পরিবার গঠনের অধিকার রয়েছে। বিশ্বের একাধিক দেশে এই একবিংশ শতকে সমকামী বিবাহের অধিকার আইনী স্বীকৃতি পেলেও ভারতে সমকামী বিবাহের আইনী স্বীকৃতি এখনো নেই। ভারতীয় আইনে বিবাহ একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যার দ্বারা সম্পত্তির অধিকার, উত্তরাধিকার, অবসরকালীন পেনশন, সরকারি বিভিন্ন পরিকল্পনায় পরিবার এবং বিবাহের সম্পর্ক একটি গুরুত্বপূর্ণ মাধ্যম, বীমা, চিকিৎসা এমনকি আবাসনসহ জাতীয় গ্রামীণ নিশ্চয়তা আইনের কাজসহ। অথচ সমকামী দু'জন স্বাধীন মানুষ বিবাহ বা পরিবার প্রতিষ্ঠাই করতে পারবে না ভারতীয় আইনে। এছাড়াও মানবাধিকার সনদের ১৬(৩) ধারা অনুসারে বিবাহের জন্য নরনারীর স্বাধীন ইচ্ছা ও সম্মতিকে অধিকার হিসেবে ঘোষণা করা হয়েছে। কিন্তু ভারতীয় সামাজিক-পরিবারিক কারণে সমকামী ছেলেমেয়েদের পারিবারিক ভাবে বাধ্যকরা হয় পরিবারের পছন্দ মত অ-সমকামী বিয়ে করতে। এর ফলে যেমন অশান্তি হতে দেখা যায় তেমনি বিবাহ বিচ্ছেদ একটি স্বাভাবিক ঘটনা হিসেবে দেখা দেয়।

ভারতীয় প্রেক্ষাপটে সামাজিক, ধর্মীয় এবং কার্যত এলজিবিটি গোষ্ঠী বিষায়ক আইনের অনুপস্থিত একাধিক ভাবে প্রতিবন্ধকতার মধ্যে পড়তে হয় এই গোষ্ঠীভুক্ত সদস্যদের। তা শিশু বয়স থেকে শুরু করে বৃদ্ধ বয়স পর্যন্ত এবং প্রতিটি ক্ষেত্রেই মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটে। প্রথমত, মানবাধিকার সনদের ২৫(২) ধারায় শৈশবস্থায় প্রতিটি শিশুর বিশেষ যত্ন এবং সাহায্য লাভের অধিকার আছে। এবং সকল শিশুর জন্য অভিন্ন সামাজিক নিরাপত্তা ভোগের অধিকার বলা হয়েছে। অথচ ভারতীয় প্রেক্ষাপটে পরিবারের অভিভাবকতা মেনে নিতে চায় না তাদের শিশুর এজজিবিটি প্রবণতা। শিশুর এই ধরনের প্রবণতা রোধে প্রথম থেকে বৈষম্যমূলক আচরণ, শারীরিক নির্যাতন এবং অন্যান্য বন্ধুবান্ধবদের সাথে মেলামেশা বন্ধ করে দেওয়া হয়। বাড়িতেই আটকিয়ে রাখা হয়, শিশুর ইচ্ছার বিরুদ্ধে পোষাক পড়ানো হয়। পরিবারে অন্যদের থেকে প্রান্তিক করে দেওয়া হয়, স্কুল ছুট হতে হয়, কিশোর বয়সে বাড়ি থেকে পালিয়ে যায়, বের করে দেওয়া হয় এবং এরা আশ্রয়হীন-পরিবারহীন হয়ে রাস্তায় বা অন্যতর থাকে। নেশায় আসস্ত হয়ে পড়ে, অপরাধ প্রবণ হয়ে পড়ে অথবা অনেকক্ষেত্রেই বাড়িতেই মানসিক ভাবে অবসাদ গ্রস্ত হয়ে আত্মহত্যা করে। বিশেষত যারা পরিবার থেকে যেতে চায়না তারা আত্মহত্যা এবং নেশাগ্রস্ত হয়ে পড়ে।

